# SHARODIYA LIPIKA

## শারদীয়া লিপিকা

OCTOBER 2023
কার্তিক
১৪৩০

VOLUME 17 AUTUMN ISSUE
সপ্তদশ বর্ষ ১ম সংখ্যা




**EDITOR**
DR. JHARNA CHATERJEE

**TECHNICAL ADVISOR**
SUPARNA MAJUMDAR

**WEB MASTER**
TANIMA MAJUMDAR

**COVER DESIGN**
REETO GHOSH
OISHEE GHOSH




**Tiger** **Anusha Sarkar (Age 12)**




**Love in the wilderness By Shila Biswas**




**Shonali Sen Age 7**




**মা দুর্গা - ওম মুখার্জী**




ভাইয়ের সাথে দুর্গা পূজা আহেলী বন্দ্যোপাধ্যায় (বয়স - ১২)

# সম্পাদকীয়/Editorial

প্রিয় দেশান্তরীর ভাই-বোনেরা ও ছেলেমেয়েরা,

মনে হয় এবারকার "লিপিকা"য় রচনাগুলির বৈচিত্র্য সবাই উপভোগ করবে। প্রবন্ধ, গল্প, কবিতা, পেইন্টিং ও আলোকচিত্র লেখক-লেখিকাদের ব্যক্তিগত জীবনের অভিজ্ঞতা-সমৃদ্ধ। দুঃখের বিষয় শ্রীজিতার, শাওনির ও আহেলীর লেখা ছাড়া ছোটদের কাছ থেকে কোন লেখা পাই নি এবারে। মা-বাবার সৌজন্যে কয়েকটি শিশুর আঁকা ছবি পেয়ে খুব খুশি হয়েছি। ঋক আর ঐশীকে বিশেষ ধন্যবাদ! ওরা দুই ভাইবোন এবারেও ওদের ব্যস্ত ছাত্রজীবন থেকে সময় করে নিয়ে "লিপিকা"র প্রচ্ছদ এঁকে ওদের শিল্প-নৈপুণ্যের পরিচয় দিয়েছে। সুপর্ণা মজুমদার এবারেও তার অমূল্য টেকনিকাল জ্ঞানের ভান্ডার নিয়ে 'লিপিকা' প্রকাশে সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছে।

দুর্গাপূজার প্রধান নৈতিক শিক্ষা ও আদর্শ হোল ঐক্য, যা নইলে লক্ষ্যে পৌঁছানো অসম্ভব। ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বর থেকে শুরু করে যক্ষ কুবের পর্যন্ত তাঁদের যা কিছু অবদান তাই দিয়ে রণসজ্জায় সজ্জিত করেছিলেন মহিষাসুরমর্দিনীকে। কে বড় কে ছোট সে চিন্তার কোন স্থান সেখানে ছিল না। আমরা বাঙালিরা এই কাহিনী ও আদর্শ ভুলব না আশা করি। প্রতি বছরে দুর্গাপূজা করার কোন সার্থকতা থাকবে না তাহলে।

'লিপিকা'র পক্ষ থেকে সবাইকে দুর্গাপূজায় সত্যিকারের আনন্দের শুভকামনা জানাই।

ঝর্ণা চ্যাটার্জী, সম্পাদিকা

- অনিচ্ছাকৃত ত্রুটি মার্জনীয়

Dear Deshantari members,

I believe the diversity of subject matters in "Lipika" articles, stories, poems, paintings and the photographs, reflecting the rich life-experiences of the writers, will be enjoyable to all of you. However, I am sorry to say that this year, except for Srijita's, Shaoni's and Aheli's articles, we did not receive any literary submission from our younger members. Appreciated receiving the drawings from a few children, and the credit goes to their encouraging parents. Our sincere thanks to Rik and Oishee Ghosh for finding time in their super-busy lives to create a unique Cover page for Lipika this year as well and to demonstrate once more how talented they are. Suparna Majumdar has utilized her valuable technical background to extend a helping hand to look after all the technical aspects - again.

To me, the moral lesson of Durga Puja is Unity, without which no higher goal is achievable. All divine entities, from Brahma, Vishnu, Maheshwar, to even Kuber equipped the Devi in her fight against Mahishasura – without comparing the value of their contributions. Hopefully, we Bengali people will not forget this underlying lesson and continue to hold these ideals close to our hearts.

On behalf of Lipika team, I send my best wishes to all of you for a true enjoyment of Durga Puja festivities.

Jharna Chatterjee, Editor

- Please forgive any unintentional errors

## সূচীপত্র / Table of Contents


| | | |
|---|---|---|
| 1. Cover page design | Oishee Ghosh and Reeto Ghosh | |
| 2. Tiger | Anusha Sarkar | 1 |
| 3. Love in the wilderness | Shila Biswas | 2 |
| 4. Sunrise | Shonali Sen | 3 |
| 5. মা দুর্গা | ওম মুখার্জী | 4 |
| 6. ভাই এর সাথে দুর্গা পূজা দেখা | আহেলী বন্দ্যোপাধ্যায় | ৫ |
| 6. Editor’s Note | Jharna Chatterjee | 6 |
| 7. Table of Contents | * * * * | 7 |
| 8. Sainthia to Santiniketan | Nirmal K Sinha | 8 |
| 9. আমার বন্ধু লাভলীর কাছে বাবা মানে | রুমা বসু | 13 |
| 10. ফেলে আসা শিক্ষানিকেতন ডায়াসেসন স্মরণে | নীপা ব্যানার্জী | 17 |
| 11. আকাশের বুকে আলোর মালা | সুভাষ চন্দ্র বিশ্বাস | 18 |
| 12. নারীশক্তির ক্রমবিবর্তন | জয়ন্তী রায় | 26 |
| 13. কেয়ার টেকার | সুপর্ণা মজুমদার | 28 |
| 14. ফিরে দেখা গ্রীস--দ্বীপে, দ্বীপান্তরে | গৌর শীল | 34 |
| 15. Dining at the “Wild Grouse” | Subhalakshmi Bau Ray | 39 |
| 16. প্রবাসে বাঙালি মেয়েদের সাজ-পোষাকের বিবর্তন – | ঝর্ণা চ্যাটার্জী | 41 |
| 17. প্রাচীন ভারতে নারীর স্থান | বিশাখা সিং | 42 |
| 18. My Time at the Calcutta Rowing Club | Ranojoy Basu Ray | 46 |
| 19. শুভসন্ধ্যা, আজকের বিশেষ বিশেষ খবর | সংঘমিত্রা চক্রবর্তী | 48 |
| 20. দশ বছরে পা | ইন্দ্রাণী চৌধুরী | 53 |
| 21. A Club to call my own | Sreejita Das | 55 |
| 22. Rabindranath Tagore | Arun Roy | 57 |
| 23. বাঙালীর ব্যবসা | অরুণ রায় | 58 |
| 24. An Ode to Canada | Arun Roy | 58 |
| 25. Durga | Somdatta RoyChoudhury | 59 |
| 26. মেয়েবেলার শরৎকাল | অনিমেষ বন্দ্যোপাধ্যায় | 60 |
| 27. আমার উমা | ইন্দ্রাণী বন্দ্যোপাধ্যায় | 61 |
| 28. গল্পের মত | পূর্ণা চৌধুরী | 62 |
| 29. The recent rise of Human Trafficking | Saoni Disha Chakraborty | 65 |
| 30. Essence of Maa Durga | Aheli Banerjee | 67 |
| 31. দুই প্রজন্মের বাক্যালাপ ও বোঝাপড়া | অমর কুমার | 68 |
| 32. Photography | Tanima Majumdar | 72 |
| 33. Kaziranga National Park | Yogadhish Das | 76 |

## Sainthia to Santiniketan on bicycle in May 1957

**Nirmal K Sinha**

Summer vacation from 15th May to 15th July of 1957 almost arrived in Delhi's schools. I had just completed Class X in Raisina Bengali H.S.School and was counting the days before I could see my Ma, Baba and 3.5 years younger sister again in Naogaon in Rajshahi District of East Pakistan.

On the very first day of my vacation, I took the Janata Express to go to Howrah, Calcutta (Kolkata). The train's name 'express' was only for the name's sake. It was the slowest among the Delhi-Howrah trains as it used to serve Janata (mass) by stopping at all the stations along the 1538 km path. After the 45-hour journey, seeing the tips of the Howrah-bridge on Hoogly River, as the train approached Howrah Station, was indeed very exhilarating.

I had a red-cover Indian passport valid only for visiting East Pakistan. The travel visa, however, had to be obtained from Pakistan's Kolkata office, not the High-Commission of Pakistan in India's capital – Delhi. Immediately after arrival in Howrah, I used to rush to Pakistan's office and stand (like a man) in the long que to submit my visa application for my annual summer-vacation to my birthplace. I must admit, people in the queue used to be very kind and sympathetic, advising me to go to the front with very little objections.

Pakistan was under military rule. Due to unknown military risks, I guess, the officials retained my application and told me to come back in about three weeks. Thus, I decided to visit my Sejda (third elder brother), Bireswar Sinha, in Suri, about 15 km west of Sainthia in Birbhum District of the West Bengal (WB) state of India. I took the morning train from Howrah station to go to Sainthia, 190 km away on the south shore of Mayurakshi River. On arrival Sejda picked me up on his bicycle. He was working in Suri as a manager of the Government Sales Emporium. It was a position I used to think (!!), offered to Sejda as an acknowledgement by the Government of West Bengal for being a freedom fighter. Even though he was a bodybuilder, Sejda suffered many years of physical torture, during his prime youth, in British jails that seriously affected his lungs.

My second day in Suri was memorable. I spent the day with Sejda at the emporium. During the day, an old man with chandan (sandalwood) markings on his forehead, came and stood silently in front of the store. He had an 'ektara' (single-string musical instrument) in his left hand and a tin can in his right hand. That was my first encounter with a Baul of Bengal. Naturally I started to talk with him and requested him to sing for me, promising that I would take a picture with my pride and joy – a Zeiss Ikon box camera. He was really gentle with me, and with a big smile started to sing and dance. What a wonderful rustic voice! Soon people on the street started to gather around us. I grabbed his tin-can and started to go around for contributions.

Using Sejda's bicycle, I used to visit different places in the land of red soil of Birbhum district of West Bengal. One early morning before sunrise, I went to Bakreshwar, a small village about 18 km west from Suri or about 58 km north-west from Santiniketan. It was very pleasant

to pedal through the country-side at dawn. Since it was not a festive or pilgrimage season, I was perhaps the only human being crazy enough for cycling through the apparently barren places.





Baul singer, details of area temple, group of Bakreswar temples – photos, sketch by Nirmal K. Sinha, May 1957

The name Bakreswar comes from Bakranath Shib (Siva). It is known to be one of the 51 pithas or peethas (seat of Shakti) of Hindu mythology. There are seven relatively small natural hot-spring outlets or Kundas, named as Agnikunda, Brahmakunda, Chandrakunda, Jibitakunda, Kharakunda, Suryakunda and Vairavkunda. The air with the smell of Sulphur was refreshing for me. I noticed several trivial and neglected, moss covered, Bengal-style brick temples with banyan trees growing on and around them. It seemed that I was the only visitor at the site and thus I could walk freely from one kunda to the other. I knew that the water temperature of the kundas varied between 35°C and 67°C. Agnikunda was the hottest. Agni means fire in Sanskrit. I filled up the small glass bottle I took with me with Agnikunda water. My ambition was to carry out chemical analysis on my return to school in Delhi, where I just graduated to the 2nd year of a three-year Higher-Secondary science curriculum. Upen-da, the chemistry-laboratory teaching assistant of our school, impressed me immensely. He used to allow me to stay after the school hours and perform all sorts of tests. I was destined to be a chemist in future. Our school laboratory was well designed and equipped, and no kidding, comparable to the laboratory at the Delhi University which I attended later – but to become a physicist.

Birbhum district was under massive developments undertaken by the Damodar Valley Corporation (DVC). It was to tame the mighty Damodar River and other rivers/tributaries in the area by constructing dams, reservoirs and irrigation channels. Canada, incidentally, was involved in designing and building the massive, 47m high and 662m long hydroelectric power generating Massanjore dam (also known as Canada Dam) over the Mayurakshi River located in the state

of Bihar (now Jharkhand) near Bihar-WB border about 36 km upstream from Suri or about 46 km from Sainthia. Bolepur with its famous suburb, Santiniketan, is only 70 km away.

Massanjore dam was commissioned in 1955 and formally inaugurated by Lester B Pearson, the Foreign Minister of Canada. Pearson became my idol when he became instrumental in creating the United Nation's peace-keeping forces during the Suez-Canal crisis. Little did I know that I would travel through the Suez Canal only four years later in 1961 on board the Cunard-line's S.S(steam-ship) Canton on my way to London (UK) and beyond. In fact, that was my second exposure to Canada as a country; the first being the monstrous Canadian steam locomotive of the Howrah-Kalka Mail that I took to go to Delhi a few years earlier to live with my Pishima (paternal aunt). I was only 8 years old then.

Difficult to believe, as Massanjore has now become a popular tourist destination, I was the only visitor of the dam during the extremely hot summer's day of my visit in May. The gate across the walking path on top of the dam was closed to the public. The guards manning the guard house did not allow me to enjoy the panoramic view of the two sides of the dam. I wondered what security risk I was! There was a big sign-board too. It warned, "No photography - violators will be prosecuted". I dared not take the camera out of my backpack. However, I made sketches in my notebook and used them later in fabricating a model dam, with the help of my classmates, at our school (Raisina). Our model was exhibited during the annual prize-distribution ceremony of the school.

For two nights I stayed in a small one-story mess-house in Bolepur, about 18 km south of Suri, with a group of young males Sejda knew. They were with civil-mechanical engineering, architectural and drafting background working for the DVC. There used to be a cook with a local background. He loved to prepare dishes using 'posto' or the poppy-seeds as one of the ingredients. Among the Bengalese, who does not like posto-bata, posto-bora or patal-posto, etc? But almost all the dishes with a touch of posto at every meal time!! Anyway, during the supper time, the young residents used to sing a chorus, "Posto, posto, posto – posto khaile palai sardi jar, posto, posto…" and dance accompanied by rhythms produced with a large 'hanri' (terracotta pitcher). I learned to dance with them too. Even today I could hear that song if I close my eyes and think of those two evenings. They used the tune of an advertisement-song for 'Aspro' for the relief of fever, cough and headache, broadcasted every few minutes, by the Voice of America (VA), a high-powered amplitude-modulated (AM) radio station based in Colombo in Ceylon (now Sri Lanka). VA was actually an American propaganda machine. In those days of cold-war, India, being a neutral country, was not considered by the USA as a friendly nation.

Following the first night of stay at the mess and soon after having the stomach full of delicious loochi with aloo-posto, I headed for the road. Just before the Bangla signboard for Santiniketan, I noticed an old banyan tree bending over the ditch beside the road. I decided to take a photograph of the signboard framed by the fallen tree. However, I wanted to add some human interests to my photograph. Since I noticed a bullock-cart coming from the opposite direction, I sat down by the roadside until the vehicle arrived at the desired locationI took only one picture (every frame used to be very expensive for me and I could take only 8 shots on

a roll of film). As the cart passed by, I was stunned to notice the details of the rib-cages of the young driver as well as the two castrated bulls.





Bangla road sign: Santiniketan, photo by Nirmal K. Sinha, May 1957

For most of the day I cycled through the entire campus of Viswa Bharati University (VBU). No campus map was available. The dream I had of Santiniketan was shattered when I noticed the empty houses here and there with unkempt gardens and dusty grounds covered with gravel and no green spaces. There were no signs of any classes under the Chaatim trees and certainly no students were sitting on the rough grounds. All those descriptions of the VBU campus, I heard, seemed to be idiosyncratic imaginations of the passionate Bengali minds. The place seemed to be abandoned except for one or two persons walking on the streets and a few dogs running around.

I stopped and knocked at the doors of a few buildings, names of which were familiar to me, but nobody was interested to show me around. I guess a young kid like me on a bicycle with no credentials or introductory letters from any well-to-do persons, did not deserve any attention. Hopelessly, I wandered around the area on my own. In the morning of the second day of my exploration, I found a few concrete sculptures of Ramkinkar Baiz, located though at offbeat sites. Incidentally, a few years earlier, I met the artist in the newly built AIFACS (All India Fine Art and Craft Society) hall on Rafi Marg in Delhi. Using my pishima's lady-bicycle, I used to visit AIFACS building quite often to see exhibitions on paintings, sculptures and photographs. There was an artist in me - nurtured by Abani Sen, art teacher at our Raisina School. Ramkinkar, as a person, impressed me by his down-to-earth attitudes towards me; he didn't dismiss me as a kid as most grown-up Bangali Antels (intellectuals) tend to do. My expectations were to find his unique unconventional creations dotting important locations in the Santiniketan landscape.

All those disappointments and hopelessness disappeared almost instantaneously when I came across a new and unheard sculpture with no nameplate on the pedestal. There were cement

wastes scattered on the ground and I could smell the cement in the air. Nobody seemed to have cleaned the area, at least, to my expectations. I went round and round the pedestal to find the best position for having the entire sculpture against the open deep-blue sky in my photograph. But I had to adjust my position carefully in order to avoid a bare bodied person in white loin cloth on a small tal-tree (palmyra palm, or toddy palm) behind the sculpture. He was removing dry leaves from the tree and probably watched me too – going round and round the huge sculpture depicting two Santhali women and a child. Almost instinctively I associated myself with the little boy and two women with my Ma and my Kakima (second mother to me) carrying an earthen pitcher of river water on her head, happily walking beside the Jamuna river behind our house in Naogaon.





Ramkinkar's 'Mill Call' in Santiniketan, photo by Nirmal K. Sinha, May 1957

I could hardly keep my eyes off the exuberantly smiling energetic faces and eyes of the two women and the child. Finally, I sat down on my backpack leaning against the pedestal. But suddenly I was over stricken with uncontrollable grief and burst into crying for my two Ma's, whom I was expecting to join so eagerly. With my face down on the ground I started to cry, perhaps loudly. Suddenly I could feel a human touch. The man from the tal-tree gave me a hand to pull me up and started to walk holding my left hand. Clasping the bike with the right hand, I humbly followed him. He told me his name was 'Lakkhon'. We walked for a while until we reached his home, thatched with dried tal-leaves, in a small Santhal settlement beside a large pond surrounded by tall sky-kissing tal trees. There were several women and children, some of my age, frolicking in the shallow-end of the pond, chasing fishes with small nets on bamboo frames. Unlike kochuripana (water hyacinth)-infested and dirty ponds in Suri, here the water was absolutely clean. Lakkhon-kaku (I decided to call him) introduced me to his wife and three children in the pond and offered me a red-cotton gamchaa (towel).

I took all of my clothes off and put on the gamchha to join the gang. Almost instantly, I got integrated with my Santhali Ma, a sister and two brothers. The smile on the faces of two women in the pond caught my attention, reminding me of expressions Ramkinkor captured in his sculpture of two women with a child.



Santhali women and my Santhali Ma, sister and two brothers in talpond - Photos by Nirmal K. Sinha, May 1957

I was supposed to go back to Suri, but decided to spend the night with my Santhal family. In the evening, we had rice with some vegetables and pora-machh (barbecued fish). Under the clear sky on a mat, I slept through the whole night with my newly found three siblings. After spending the entire daytime with my Santhal family I took the road to Suri after sunset. On my way, a Bolepur-to-Suri passenger bus practically knocked me off the road before coming to a full stop. The driver and his assistant got out of the bus, grabbed my cycle and after tying it on the rooftop, forced me to board the bus, saying, "We know you are Bireswar-da's brother; let's go home". Later, I came to know that almost everybody in Suri knew my Sejda.

## আমার বন্ধু লাভলীর কাছে বাবা মানে...
## রুমা বসু

আমার এলিমেন্টরী স্কুলের মিষ্টি বন্ধু লাভলী। প্রিপারেটরী স্কুলের সেই বেবী ক্লাসের মুখটা এখনও আমার মনে আছে। লাভলী আমাদের সাথে মাত্র তিন বছর পড়েছে। তারপর হঠাৎ ও লাপাত্তা হয়ে গেল। ওর আর কোনো খবর আমি কখনও পাইনি।

লাভলীর একটা মন তোলপাড় করা ইতিহাস আছে। ওর বাবা তৎকালীন পূর্ব পাকিস্তানে লক্ষ্মীনারায়ণ জুট মিলের ইন্জিনিয়ার ছিলেন, আর মাসিমনি ১৯৭০ এ তোলারাম কলেজে বি. এস. সি. পড়তে শুরু করেন। আমি লাভলীদের বাড়িতে মাসিমনি আর মেসোর ছবি দেখেছি। সেই পাঁচ ছ বছর বয়সে দেখা ওই ছবিগুলোতে যেন ওনাদেরকে আমার চোখে রূপকথার রাজকন্যা-রাজপুত্রর মত মনে হয়েছে। মাসিমনি ছিপছিপে ফরসা মত ছিলেন, সব সময় মুখে একটা বিষণ্ণতার ছাপ লেগে থাকত। আমি তিন চার বছরে মাসিমনিকে কখনও হাসতে দেখিনি। জীবন যেন তাঁর কাছ থেকে সব আনন্দ আহলাদ শিরিষ কাগজ দিয়ে ঘষে মুছে ফেলে দিয়েছে। অথচ বাড়ির এ্যলবামে মেসোর সাথে মাসিমনির কী সুন্দর হাসি খুশী ছবিগুলো জ্বলজ্বল করছিল।

৬৯ এর গণ অভ্যুত্থানের উত্তাল রাজনৈতিক আন্দোলনের সময় মাসিমনির ইন্টারমিডিয়েট পরীক্ষার পরই তাঁর মেসোর সাথে বিয়ে হয়। পূর্ব পাকিস্তানের অবস্থা তখন একদম ভালো না। মেসোর বাড়ি যশোহরে, আর চাকরীর কারণে উনি তখন নারায়ণগঞ্জে থাকতেন। মাসিমনি নারায়ণগঞ্জের টানবাজারের চক্রবর্তী বাড়ির একমাত্র মেয়ে। সংস্কৃতের প্রভাসক বাবার কোলে পিঠে করেই মাসিমনি বড়ো হয়েছেন। ওনার জন্মের সময়ই মা পরলোকগত হন। তাই বিয়ের সময় মাসিমনির বাবাকে ছেড়ে যেতে খুবই কষ্ট হচ্ছিল। তবুও একই শহরে আছেন বলে একটু নিশ্চিন্তে বরের বাড়ি রওনা হলেন। বিয়ের বছর ঘুরতে না ঘুরতেই মাসিমনির খুব শরীর খারাপ হলো। বাবা এবং স্বামী দুজন পুরুষ মানুষই তখন প্রচন্ড চিন্তায় পড়ে গেলেন। এদিকে নির্বাচন চলে এসেছে, রাজনৈতিক অস্থিরতা চলছে। তাই নিজেদের ইচ্ছে অনুযায়ী ঢাকাতে বড়ো ডাক্তার দেখাতে না নিয়ে নারায়ণগঞ্জে পাড়ার ডাক্তারকেই দেখাতে গেলেন। ডাক্তারের কথা শুনে তো দুজন পুরুষ খুশি হবেন, না চিন্তা করবেন সেটাই ভেবে পেলেন না। মাসিমনি ছাড়া অন্য নারীর উপস্থিতি নেই বলে সবাই খুব চিন্তায় পড়ে গেলেন। মেসো একবার ভাবলেন ওঁনার মাকে নিয়ে আসবেন। কিন্তু বাইরের যা পরিস্থিতি, তাতে এটাও সাহস পাচ্ছেন না।

আসলে ৬৯ এর গণ অভ্যুত্থানের ফলে তৎকাৎলীন পাকিস্তানের সামরিক শাসক আইয়ুব খানের পতন ঘটলে, তার স্থলাভিষিক্ত হলেন আরেক সামরিক শাসক ইয়াহিয়া খান। এবং পূর্ব পাকিস্তানে (বাংলাদেশ) আন্দোলনের ফলে ২৬ মার্চ ১৯৬৯ সালে তিনি ১৯৭০ সালের প্রাদেশিক ও জাতীয় পরিষদের নির্বাচনের ঘোষণা দিতে বাধ্য হন। পাকিস্তানে ইয়াহিয়া খানের (১৯৬৯-১৯৭১) সামরিক শাসনামলে প্রথম সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হয়। এদিকে পাকিস্তানের সাধারণ নির্বাচনের দশ দিন পর ১৯৭০ সালের ১৭ ডিসেম্বর পূর্ব পাকিস্তানের প্রাদেশিক নির্বাচন অনুষ্ঠিত হয়। পূর্ব পাকিস্তানে ১৯৭০ সালের অক্টোবরে নির্বাচন হওয়ার কথা থাকলেও বন্যার কারণে ডিসেম্বর পর্যন্ত পিছিয়ে যায়। কিছু কিছু ক্ষেত্রে ১৯৭১-এর জানুয়ারি পর্যন্ত পিছিয়ে যায়। প্রাদেশিক নির্বাচনে আওয়ামী লীগ পূর্ব পাকিস্তান অ্যাসেম্বলির ৩০০টি আসনের ২৮৮টি জিতে নেয়।

একাত্তরের জানুয়ারিতে সিদ্ধান্ত নেওয়া হলো মাসিমনি আর মেসো এসে মাসিমনির বাবার টানবাজারের বাড়িতে থাকবেন, আর মাসিমনিদের বাবার বাড়িতে যে ভদ্রমহিলা রান্নাবান্না দেখাশোনা করতেন, তিনি তখন মাসিমনির দেখভাল করবেন। আর অন্য একজন কাজের লোক রাখা হবে বাড়ির কাজ করার জন্য। এরকম উত্তাল রাজনৈতিক অবস্থার মধ্যে এর চেয়ে ভালো আর কোনো কিছু হতে পরে না বলে মেসো তো নিশ্চিন্ত হয়ে গেলেনই, মাসিমনিও আবার বাবার কাছে এসে আর সন্তান আসার খবরে অসম্ভব আনন্দে সময় কাটাতে থাকলেন। মাসিমনির বাবাকে ছেড়ে থাকার যে কষ্টটা এই দেড় বছর ধরে মাসিমনিকে ভেতরে ভেতরে কুরে কুরে খাচ্ছিল, সেটা একেবারে উড়ে যেয়ে যেন মথ থেকে রঙিন প্রজাপতি বেরিয়ে এল। এই অস্থির রাজনৈতিক অবস্থা যেন মাসির জন্য শাপে বর হয়ে এল। মাসিমনির আর মেসোর প্রলম্বিত মধুচন্দ্রিমা চলছে। মেসো যখন লক্ষ্মী নারায়ন কটন মিলের বাংলোতে থাকতেন, তখন বাড়ির পেছন দিয়ে শীতলক্ষা বয়ে যেত, আর মাসিমনির সেই সৌন্দর্য দেখতে দেখতে নিজেকে অমরাবতীর বন্দিনী রাজকন্যার মতো লাগতো। আর টানবাজারের এই পুরোনো বাড়ির লোনা ধরা উঁচু দেয়ালের মধ্যেও কী এক স্বর্গীয় সুখ মাসিমনির মুখটাকে স্নিগ্ধতায় ভরিয়ে রাখত। একদিকে

মাসিমনির সবচেয়ে কাছের মানুষ বাবার লাগামহীন আদর আর নতুন প্রিয় মানুষের অপার ভালোবাসায় মাসিমনির জীবনের সবচেয়ে সুখের দিনগুলো উপভোগ করছিলেন।

এদিকে ১৯৭১ সালের ৭ই মার্চ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান তৎকালীণ পাকিস্তানী শাসকগোষ্ঠীর রক্তচক্ষু উপেক্ষা করে অসীম সাহসিকতার সাথে ঢাকার রেসকোর্স ময়দানে বিকাল ৩.২০ মিনিটে লাখো জনতার উদ্দেশ্যে বজ্রকন্ঠে ১৮ মিনিটব্যাপী যে ঐতিহাসিক ভাষণ প্রদান করেন তা ছিল মূলত বাঙালি জাতির মুক্তির সনদ। তাঁর অনন্য বাগ্মিতা ও রাজনৈতিক প্রজ্ঞায় ভাস্বর ওই ভাষণে তিনি তৎকালীন রাজনৈতিক পরিস্থিতি, বাঙালির আবেগ, স্বপ্ন ও আকাঙক্ষাকে একসূত্রে গেঁথে বজ্রকন্ঠে ঘোষণা করেন' "এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম, এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম", যা ছিল মূলত স্বাধীনতার ডাক। স্বাধীকার আন্দোলনকে ৭ই মার্চের ভাষণ স্বাধীনতার আন্দোলনে পরিণত করে দেয়।

অন্যদিকে আওয়ামিলীগের নির্বাচনের বিপুল জয় পাকিস্তানের তৎকালীন শাসকগোষ্ঠী একেবারেই মেনে নিতে পারেনি। তাই তারা নানা রকম ষড়যন্ত্র শুরু করে দেয়। ফেব্রুয়ারিতেই ১৯৭১ সালের ২৫ মার্চের গণহত্যার পরিকল্পনা করা হয়েছিল। আর সেই পরিকল্পনা করা হয়েছিল পাকিস্তানের সিন্ধু প্রদেশে জুলফিকার আলী ভুট্টোর বাড়ি লারকানা হাউজে। তখন পাখি শিকারের কথা বলে বৈঠক ডেকে তিনি লারকানাতেই ইতিহাসের জঘন্যতম গণহত্যার প্রাথমিক পরিকল্পনা করেছিলেন পাকিস্তানি জেনারেলদের নিয়ে। ইতিহাসবিদ আর গবেষকরা বলছেন– 'লারকানার সেই ষড়যন্ত্রের এখনও অনেক কিছু অজানা। তবে এটা নিশ্চিত যে বাংলাদেশে গণহত্যার পরিকল্পনা প্রথম জুলফিকার আলী ভুট্টোর মাথা থেকেই আসে।'

আর এর পরিপ্রেক্ষিতে ২৫ শে মার্চ এর গণহত্যার পরই বাংলাদেশের স্বাধীনতার আন্দোলন শুরু হয়ে যায়। চারিদিকে সব তখন তরুণ সমাজ দলে দলে মুক্তিযুদ্ধে যোগ দিতে শুরু করে। এদিকে মেসোর পরিচিত বন্ধুবান্ধবরা মুক্তিযুদ্ধে যোগ দিতে শুরু করে। মেসো তখন দেশ রক্ষার টানে মানসিকভাবে পাগলের মতো হয়ে গেছেন, কিন্তু অন্যদিকে মাসিমনি অন্তঃস্বত্তা আর নারায়ণগঞ্জের পরিস্থিতিও খারাপ হতে শুরু করেছে। এ অবস্থায় মেসো দেশকে না কি ওনার গর্ভবতী স্ত্রীকে– কাকে প্রাধান্য দেবেন কিছু বুঝতে পারছেন না। তখন ওনার একজন সহকর্মী বললেন ওনারা পরিবার সহ গ্রামের বাড়িতে চলে যাবেন, মেসো যেন ওনাদের সাথে মাসিমনি ও দাদুকে নিয়ে একসাথে বেরিয়ে পড়েন। সেদিন রাতেই ওনারা শীতলক্ষা নদীতে একটা গয়না নৌকো করে দুটো পরিবার মুন্সিগঞ্জ হয়ে ওই ভদ্রলোকের গ্রামের বাড়িতে পাড়ি জমালেন। তখনও গ্রামের দিকে নিশ্চিন্ত জীবন যাপনই চলছিল।

ওনাদের সহকর্মীর গ্রামের বাড়িতে পৌঁছে দিয়ে মেসোর দোটানায় যেন সমাপ্তি ঘটলো। উনি বুঝে গেলেন ওনার স্ত্রী, অনাগত সন্তান এবং ওনার শ্বশুরমশায় এখন নিরাপদ আশ্রয়ে আছেন, তই এবার ওনার মূল দায়িত্ব হলো দেশমাতৃকাকে রক্ষা করা। ওই গ্রামে যাওয়ার সাতদিন পর, মাসিমনি সকালে ঘুম ভেঙে মেসোকে পাশে না দেখতে পেয়ে ভেবেছেন বুঝি বাইরে কোথাও হাঁটতে গেছেন। বেলা দশটা বেজে গেল, তখনও মেসোর কোনো পাত্তা না পেয়ে বাড়ির সবাই চিন্তিত হয়ে গেছে। হঠাৎ মাসিমনির চোখে পড়ে বিছানার পাশে রাখা জলচৌকিতে গ্লাসের নীচে কী যেন একটা কাগজ রাখা আছে। তখন জলের গ্লাসটা সরিয়ে দেখেন মেসোর দুটো চিঠি। একটা চিঠি মাসিমনিকে উদ্দেশ্য করে লেখা অন্যটা মাসিমনির বাবাকে। মাসিমনিকে লেখা চিঠিতে মাসিমনির কাছে অনুমতি না নিয়ে যুদ্ধে যাওয়ার জন্য ক্ষমা চেয়েছেন। আর লিখেছেন এ পরাধীন দেশকে স্বাধীন করার মহাযজ্ঞে আজ যদি মেসো যোগ না দেন, তবে তাঁদের অনাগত সন্তান পৃথিবীর আলো দেখলে, মেসোকে কখনই সম্মান করতে পারবে না। এই সন্তান যেন স্বাধীন দেশ দেখতে পারে তার জন্যই আজকের দিনে মাসিমনিকে এ অবস্থায় রেখেও মেসো মুক্তিবাহিনীতে যোগ দিলেন। মাসিমনি চিঠিটা পেয়ে যেন পাথরের মত স্থবির হয়ে গেলেন। স্বামী তাঁকে এ অবস্থায় ফেলে যুদ্ধে যাওয়ার জন্য কেউ কখনও মাসিমনির চোখে এক ফোঁটাও অশ্রু দেখেনি। তবে সেদিনের পর থেকে মাসিমনির মুখে কেউ কখনও হাসি দেখেনি। মাসিমনির বাবাকে লেখা চিঠিতে মেসো লিখেছেন যে এ

বয়সে মেসোর উচিত ছিল, দাদুর দায়িত্ব নেয়ার। তার বদলে দাদুকেই মাসিমনি আর তাঁদের অনাগত সন্তানের দায়িত্ব দিয়ে মেসো দেশমাতৃকার সেবা করতে চলে যেতে বাধ্য হলেন। মেসো দেশ স্বাধীন করে তবেই বাড়ি ফিরবেন। আর যদি মুক্তিযুদ্ধে মেসো শহীদ হন, তবে তাঁর অনাগত সন্তান যেন স্বাধীন দেশে গর্ব করে বলতে পারে যে ওর বাবা ওকে স্বাধীনতা দেয়ার জন্য আর দেশমাতার জন্য তার জীবন উৎসর্গ করেছেন।

দশই এপ্রিল মেসো মুক্তিযুদ্ধে চলে গেলেন। জুনের শুরুতে গ্রামও আর নিরাপদ রইলো না, তাই ওনারা সবাই কুমিল্লা হয়ে আগরতলায় পালিয়ে গেলেন। এরকম টানা হেঁচড়ার মধ্যে ডেটের থেকে প্রায় একমাস আগে ১৭ই জুন মাসিমনি এক প্রিম্যাচিওর পুতুলের মতো মেয়েকে আগরতলার সরকারি হাসপাতালে প্রসব করেন। আমার বন্ধু লাভলী অন্য একটা দেশে পৃথিবীর আলো দেখল। এদিকে মাসিমনিদের সাথে মেসোর আর কোনো যোগাযোগ হলো না। নানা লোকের কাছে শুনেছেন যে মেসো আগরতলায় ট্রেনিং নিয়ে মুন্সি গঞ্জের দিকে যুদ্ধ করছিলেন। নভেম্বরের ২০ তারিখে খবর এল যে দেশ স্বাধীন হওয়ার কিছুদিন আগে মানে ২০ শে নভেম্বর, ১৯৭১ সালের রোজার ঈদের দিন রাজাকার বাহিনীর মরণকামড়ে মুন্সিগঞ্জে বেশ কিছু মুক্তিযোদ্ধা প্রাণ হারান। মেসো ছিলেন তাঁদের মধ্যে একজন।

১৬ই ডিসেম্বর ১৯৭১ এ দেশ স্বাধীন হওয়ার পর ১০ই জানুয়ারি ১৯৭২ এ মাসিমনি তাঁর স্বামীর মেয়েকে দেয়া একমাত্র উপহার স্বাধীন বাংলাদেশে ফিরে আসেন। টানবাজারে বাপের বাড়ি ফিরে এসে দেখে্ন যে সেখানে একটুকরো সুতোও নেই। রাজাকার আলবদররা ঘরের সব লুটপাট করে নিয়ে গেছে। রান্নাঘরে মাটির উনুনটা শুধু নিতে পারেনি, তাছাড়া সারা বাড়িতে আর কিছু রেখে যায়নি। এমন কি কয়েকটা ঘরে সেগুন কাঠের দরজা ছিল, সেগুলোও খুলে নিয়ে গেছে। মেসোর লক্ষ্মীনারায়ণ কটন মিলের কোয়ার্টারে মাসিমনিদের কিছু জিনিষ তখনও পড়ে ছিল। তার মধ্যে সবচেয়ে মূল্যবান ছবির কিছু এলবাম ছিল। মাসিমনি সেগুলোকে যত্ন করে নিয়ে এসে আবার বাবার বাড়িতে জীবনের আর এক অধ্যায় শুরু করলেন। তারপর মাসিমনি আবার পড়ালেখাতে ঢুকে গেলেন, ঢাকা ইউনি-ভারসিটি থেকে মাস্টার্স শেষ করে একটা কলেজে পড়ানো শুরু করলেন। এদিকে লাভলী একটু একটু করে ওর দাদুর কাছে বড়ো হতে লাগলো। ১৯৭৪ এ লাভলীকে তাঁরা প্রিপারেটরি স্কুলে বেবী ক্লাসে ভর্তি করিয়ে দিলন। আর তখন থেকেই লাভলীর সাথে আমার পরিচয়। মাসিমনি সকালে লাভলীকে স্কুলে নামিয়ে দিয়ে ওনার কলেজে চলে যেতেন, আবার ফেরার সময় নিয়ে যেতেন।

সাদা শাড়ি পরা মাসিমনি কিন্তু স্বাধীন দেশে ফিরে এসে একদিনের জন্যও শান্তিতে থাকতে পারেননি। মাসিমনির সাদা শাড়ির স্নিগ্ধ রূপই জীবনের কাল হয়ে গেল। যুদ্ধবিদ্ধস্ত দেশে ফিরে আসার পর থেকেই যারা তাদের বাড়িঘর লুটপাট করেছিল, তাদেরই কিছু লোক মাসিমনিকে নিয়মিত উত্তক্ত করতে থাকে। তবে তারা সরাসরি মাসিমনির ক্ষতি করতে পারেনি। কিন্তু পঁচাত্তরের পনেরই আগস্টের পর যখন পট পরিবর্তন হয়, তখন এসব লোকেরা আবার রাজনীতিতে সক্রিয় হয়ে ওঠে এবং মাসিমনিকে এবং দাদুকে নানাভাবে ভয় দেখাতে থাকে।

ছিয়াত্তরের নভেম্বরে হঠাৎ লাভলী স্কুলে আসা বন্ধ করে দিলো। এক সপ্তাহ ক্লাসে না আসার পর আমি ভেবেছিলাম লাভলী হয়তো অসুস্থ, তাই ওর বাড়িতে বেশ কয়েক বার ফোন করলাম কিন্তু কেউ ফোনটা ধরলো না। তারপর লাভলীর এক প্রতিবেশীকে লাভলীর খোঁজ নিতে বললাম। ও যা বললো তখন সে কথার মানে না বুঝলেও আজ তা বুঝতে পারি। অনাগত সন্তানকে স্বাধীন দেশ উপহার দেয়ার জন্য যে মেসো মুক্তিযুদ্ধে শহীদ হলেন, তাঁর স্ত্রী-সন্তানের স্বাধীন দেশে জায়গা হলো না। দাদু, মাসিমনি আর লাভলীকে নিয়ে রাতারাতি স্বাধীন দেশ থেকে পালিয়ে যেতে বাধ্য হলেন।

# ফেলে আসা শিক্ষানিকেতন ডায়াসেসন (Diocesan) বিদ্যালয় স্মরণে
## নীপা ব্যানার্জী

...সুদূর অতীতের গহন থেকে ভেসে আসছে নানা রঙের মিষ্টি মধুর স্মৃতি...

ডায়াসেশন: ছোটবেলার পরম প্রিয় অসীম স্মৃতি - শত শত মেয়েদের জন্য ডায়াসেশন ছিল নিজেদের বাড়ীর পর আরেকটি স্নেহ ভরা আশ্রয়।

স্মৃতির পটে ভেসে আসে কত ছবি! ঘন সবুজে সবুজ প্রসারিত মাঠ, বিজয় তোরণের মত মাথা উঁচু করা মহীরুহ, ব্যাডমিন্টন, ভলিবল, বাস্কেটবল, সফটবল খেলার কোর্ট, নীল আকাশের ক্যানপির তলায় স্কুলের মাঠে খিল খিল করা ছোট ছোট মেয়েদের অনাবিল খুশীর প্রকাশ! তারা দেশের ভবিষ্যৎ। শীঘ্রই তারা গড়ে উঠবে আত্মবিশ্বাসে ভরা পরিণত নারী রূপে, নেতৃত্বের দায়িত্ব নেবে জীবনের নানাবিধ চলার পথে।

স্মৃতির পটে ভেসে আসে ডায়াসেসনের খ্যাতি, ছাত্রীদের নানাবিধ প্রকাশ। কেউ লাজুক, কেউ-বা সাহসী। কেউ বাধ্য, কেউ বিদ্রোহী। চুপচাপ বা কোলাহলে ওস্তাদ, নম্র-আগুনের মত উজ্জ্বল বা রসিক-গম্ভীর। তাদের আত্মপ্রকাশ যেমনই হোক, তাদের বিদ্যাশিক্ষার তৃষ্ণা ছিল অসীম। তাদের নিজেদের স্বপ্ন - তার চাইতেও বিরাট, নিজের দেশকে আরও বড় করে গড়ে তোলার স্বপ্ন।

আমাদের শিক্ষয়িত্রীদের স্মরণে আমার এই শ্রদ্ধা উপচার, যাঁরা আমাদের অপরিসীম যত্নে ও ভালোবাসায় দেখিয়েছিলেন এগিয়ে যাওয়ার পথ। এতদিন পর আজও আমি স্মরণের মনিকোঠায় দেখতে পাই স্কুল শেষ হওয়ার পর ঝকঝকে সাদা শাড়ী পরা একটি petite মূর্তি, মাথা ভর্তি সাদা চুল, হেঁটে চলেছেন বাড়ীর পথে স্কুল শেষ হওয়ার পর - মিস চারু দাস, আমাদের প্রধান শিক্ষিকা বা প্রিন্সিপাল। নীরবে, গর্ব ভরে, লক্ষ্য করতেন আমাদের - তাঁর নিজ হাতে গড়া তরুণীরা সবুজ মাঠে দল বেঁধে রয়েছে - উত্তেজনায় উচ্ছল। দেখতেন তাদের হাসি-খুশীতে ভরা কলকোলাহল। আনন্দে ভরা এ সময় আর ফিরে আসবেনা হাই স্কুল শেষ হওয়ার পর।

এক সময়ে আমার স্কুলের জীবনের বছর ওতপ্রত ভাবে জড়িয়েছিল ভারতবর্ষের স্বাধীনতার সাথে - যে সময় ভারতবর্ষ সবে মুক্ত হয়েছে ব্রিটিশ রাজের ঔপনিবেশিক শেকল থেকে। স্বাধীনতা পাওয়ার পর ওই সময়ে দেশের একটা বিরাট দায়িত্ব ছিল যুবক-যুবতীদের ও ছোট ছেলেমেয়েদের অনন্য আদর্শবাদে অনুপ্রাণিত করা, যেমন, মানবতাবাদ/মানবিকতা, ধর্মনিরপেক্ষতা, সহিষ্ণুতা, সমতা, ও স্বাধীনতা। পরাধীনতাকে বিসর্জন দিয়ে নতুন ভারতবর্ষকে গড়ে তোলার জন্য এই আদর্শবাদ হল ভিত্তি স্থাপনের স্তম্ভ।

ফেলে আসা দিনগুলি আর স্কুলের গভীর অভিজ্ঞতা মনে করে আজ ভাবি আমার কি দারুন ভাগ্য - কি অমূল্য সুযোগ পেয়েছিলাম। হিন্দু, মুসলমান, খ্রিষ্টান ছাত্রীদের সাথে, বিভিন্ন প্রদেশ থেকে আসা ছাত্রীদের সাথে পড়াশোনা, খেলা ধুলা আর সামাজিক আদান-প্রদান করার সুযোগ। নানা ভাষা, নানাবিধ আচার ব্যবহার, দেওয়া-নেওয়া শেখার ছিল আমাদের দৈনিক সুযোগ। আর এই সঙ্গে আমরা সবাই এক আদর্শবাদের সূত্রে গড়ে উঠেছিলাম। প্রিন্সিপাল চারু দাসের সতেজ কন্ঠস্বর এখনো কানে বাজে - যখন উনি আমাদর মনে করিয়ে দিতেন:

"The new *Indian constitution is based on the principle of unity in diversity- your commitment to this ideal is needed for nation building".*

ডায়াসেসনের স্নাতকদের জীবন এই নৈতিক আদর্শে সমৃদ্ধ - যে আদর্শ প্রযোজ্য আজ পৃথিবীতে - যে পৃথিবী ভেসে চলেছে দ্রুত পরিবর্তনের স্রোতে, মনে হয় দিশা হারা হয়ে। ভবিষ্যতে ডায়াসেসনের ছাত্রীরা এই নৈতিক আদর্শের অনুপ্রেরণায় ভারতবর্ষকে আর পৃথিবীকে সাহায্য করতে পারেন।

আমার এই শ্রদ্ধার্ঘ্য শেষ করি একটা প্যারোডি দিয়ে। রবীন্দ্রনাথ ঠাকুরের এক কবিতা অবলম্বনে এই প্যারোডি। লেখিকা আমার বিশেষ প্রিয় বান্ধবী ও ডায়াসেসনের স্নাতক গায়ত্রী চক্রবর্তী-স্পিভাক। এখন তার জগৎ জোড়া নাম- an activist and literary genius হিসাবে। প্যারোডিটি ছাপা হয়েছিল আমাদের স্কুলের একটি ম্যাগাজিনে অনেক দিন আগে। তার লেখা তুলে ধরছি কারণ এই পংক্তি গুলোর মাধ্যমে ডায়াসেসনের ছাত্রীদের গর্বিত অনুভূতি প্রকাশিত হবে।

*"নমঃ নমঃ নমঃ সুন্দরী মম জননী বিদ্যাভূমি,*
*ল্যান্সডাউন তীর স্নিগ্ধ সমীর জীবন জুড়ালে তুমি*
*অবারিত মাঠ গগন ললাট চুমে তব পদধূলি,*
*ছায়া সুনিবিড় শান্তির নীড় ছোট ছোট ক্লাসগুলি*
*পল্লব ঘন আম্রকানন বালিকার খেলা গেহ,*
*স্তব্ধ অতল রৌদ্রপ্রবল রোমাঞ্চিত হয় দেহ*
*মুখভরা হাসি বিদ্যা প্রয়াসী বই নিয়ে ফেরে ঘরে,*
*মা সরস্বতী ভূষিত তাহারে করেছেন নিজ বরে"।*

**( Deshantari-member Nipa translated this piece for Lipika from the original English version she wrote. A Deshantari Didi, much adored and loved by Nipa, helped her translate. Didi wants to remain anonymous.)

## আকাশের বুকে আলোর মালা
## সুভাষ চন্দ্র বিশ্বাস

কুমারজিত অধিকারী কোলকাতা শহরের একটি প্রসিদ্ধ অঞ্চলের নবযুবক। মা-বাবার একমাত্র সন্তান, ঠাকুরমার চোখের মণি। রক্ষণশীল, উচ্চশিক্ষিত ধনী পরিবার। উচ্চশিক্ষিত হলেও গতানুগতিক পুরানো পন্থা ও সামাজিক কুসংস্কার থেকে এই পরিবার সম্পূর্ণ মুক্ত হতে পারেনি। সুতরাং কুমারজিত বড় হয়ে ওঠে এমন একটি মিশ্র পরিবেশে যেখানে আধুনিকতা একটা অনাহুত অনাদ্রিত অতিথি এবং বনেদিয়ানা বহাল তবিয়তে বিদ্যমান, কিন্তু শিক্ষাদীক্ষার ব্যাপারে কোন অবহেলা ছিল না। কুমারজিত মিষ্ট স্বভাবের ধৈর্য্যশীল মানুষ, মা-বাবার অবাধ্য হবার কথা চিন্তাও করতে পারে না আর ঠাকুরমার আদর ও ভালবাসার মায়া ভুলতেও পারে না। Engineering পাশ করে Petrochemical-এ বিশেষ ডিগ্রীও অর্জন করেছে। সুতরাং চাকরির বাজারে তার অনেক চাহিদা। সময়টা ছিল ১৯৬০-এর দশক, চীন-ভারত সংঘর্ষের পরে। এই সময়ে ভারতে চাকরি পাওয়া অনেক সহজ ছিল, বিশেষ করে উচ্চশিক্ষিত যুবকদের জন্য। কুমারজিতের কাছে দু-তিনটে ভাল চাকরির অফার এসেছিল। কিন্তু তাকে কোলকাতা ছেড়ে দূরে যেতে হবে।

ঠাকুরমা প্রস্তাব দিলেন কুমারজিতকে বাইরে যেতে হলে বিয়ে করে যেতে হবে। "বয়েস হয়েছে, কবে আছি কবে নেই, তাই নাতবৌকে দেখে যেতে চাই।" ঠাকুরমা শর্ত দিয়ে বসলেন। কিন্তু কুমারজিত এমন বিয়ের জন্য তৈরী নয়। তার মনে প্রেম ভালবাসা ঠাঁই পেয়েছে। এতদিন কোন মেয়ের সান্নিধ্যে সে আসেনি বা সংসারের রক্ষণশীলতার ভয়ে নিজেকে মেয়েদের থেকে দূরে রেখেছে। এখন মনে তার প্রেমের বাসনা জেগেছে। একজন মেয়ে

বন্ধু হবে, ভালবাসা হবে, প্রেম হবে, তবেই না জীবন সঙ্গিনী বা বিবাহ করার কথা উঠতে পারে। মাঝে মাঝে সে বড় একা বোধ করে। ওদিকে ঠাকুরমার মনে দুঃখ দেবার কথা সে চিন্তাও করতে পারে না। যতবারই সে নিজের স্বপক্ষে যুক্তি দাঁড় করায়, ততবারই ঠাকুরমার করুণ মিষ্টি মুখখানা তার চোখের সামনে ভেসে ওঠে। কুমারজিত দুর্বল হয়ে পড়ে।

বিয়ের প্রস্তাব আসে। মা-বাবা একসাথে তাকে কন্যার এবং তার বংশগত যাবতীয় জ্ঞাতব্য সব বিশদভাবে বিবৃত করে। তারা বংশ পরম্পরায় লোহার ব্যবসায়ী। লোহা এবং ইস্পাতের বাসনপত্র বিক্রী করে। শিক্ষার দিকে বিশেষ উল্লেখযোগ্য কিছু না থাকলেও টাকাপয়সা ও ধনরত্নের বিচারে তারা সমাজে উচ্চপ্রতিষ্ঠিত। কন্যা স্কুল পাশ, মাঝারী উচ্চতা, শ্যামলবর্ণ ও মিষ্ট ভাষী। বাড়ীর সকলের খুব পছন্দ। কুমারজিত জানে বাড়ীর সকলের বিরুদ্ধে সে যেতে পারবে না। জীবনের সব থেকে মূল্যবান সিদ্ধান্ত তাকে নিতে হোল অন্যদের খুসী করবার জন্য। অনেক ধুমধাম ও আড়ম্বরের সাথে বিয়ে হয়ে গেল।

কুমারজিতের চাকরির অফার সবই কোলকাতার বাইরে। গুরুজনদের ইচ্ছা কুমারজিত আপাততঃ একলা যাক, নতুন বউ বাড়ীতেই থাকুক। এই প্রস্তাবে কুমারজিত যেন হাফ ছেড়ে বাঁচল। অবশেষে কুমারজিত একদিন বাড়ী ছাড়ল।

দেরাদুনের উপশহর করনপুরে বহু বাঙালী বাস করে। করনপুর রোড থেকে একটা সরু গলি ধরে দুমিনিট হেঁটে গেলে ডান দিকে পড়ে একটি পুরানো বাড়ী। এটি বাঙালীদের একটা মেস, নাম পঞ্চভূত মেস। কিন্তু সেখানে বাস করে বারোভূত অর্থাৎ বারো জন বাঙালী যুবক। নিশিকান্ত সাহানা মেসের ম্যানেজার। বছর চল্লিশ বয়েস, আজমীরে জন্ম ও বড় হওয়া। বাঙলাতে খুব একটা পারদর্শী নয়, কিন্তু হিন্দীতে সে পণ্ডিত। বাকী রইল আরও এগারো ভূত। সবাই মিলে মেসে যে গুলতানি হয় তা বলাই বাহুল্য। সেখানে গল্পের গরু শুধু গাছেই চড়ে না, আকাশেও ওড়ে। হাসি, ঠাট্টা, পিছনে লাগা, আর উচ্চরবে অট্টহাসিতে পঞ্চভূত মেস একেবারে সরগরম। শুধুমাত্র এই বারো ভূতই নয়, এই আনন্দ আসরে যোগ দিতে আসেন দেরাদুনের অনেক বন্ধুরা, যুবক বৃদ্ধ নির্বিশেষে। তাস দাবার আসর তো বসেই, তাছাড়া খাওয়া দাওয়া আর অন্যান্য খেলাধূলা চলতেই থাকে। বাঙালীদের আড্ডার এমন সুবর্ণ সুযোগ কে হারাতে চায়? তাছাড়া দুর্গাপূজো, কালীপূজো এবং আরও অন্যান্য অনুষ্ঠানের দায়িত্বে থাকে এই পঞ্চভূত মেসের বারো সদস্য। এইসব সামাজিক অনুষ্ঠানের জন্য মেসে গোলমাল চলতেই থাকে। সৌভাগ্যবশতঃ, প্রতিদিনের এই হাসিঠাট্টার দমক আর অট্টহাসির অট্টরোল আশে পাশের বাড়ী অব্দি পৌঁছয় না। তবে হ্যাঁ, "*বঙ্গালী সাড়ী মছলী খাতা হায়*" এরকম দুএকটা ছুঁড়ে দেওয়া তির্যক মন্তব্য মাঝে সাঝে শুনতে হয়।

প্রতি রোববারের মত আজকের রোববারেও পঞ্চভূত মেস বারোভূতের জায়গায় ষোলভূত নিয়ে সরগরম। সব বাঙালী মেসে একজন বড়দা থাকে। পঞ্চভূত মেসেও তার ব্যতিক্রম হয়নি। মেসের সব সদস্যদের মধ্যে বয়োজ্যেষ্ঠ হচ্ছেন বীরকৃষ্ণ পাল ওরফে বীরুদা বা বড়দা। Zoological Survey of India-র হেড ক্লার্ক বীরকৃষ্ণ স্বভাবে অত্যন্ত বিনয়ী এবং সঙ্গীতে পারদর্শী। বীরকৃষ্ণ তবলা ও বেহালা নিয়ে সাধনা করেন। লালমোহন বাবু অর্থাৎ লালুদা প্রাণখুলে পল্লীগীতি ধরেছেন আর তার সাথে সঙ্গত করছেন বীরুদা। মাধব বাবু দাবার চালে প্রায় ঘায়েল। দর্শকেরা বলছেন, "কি করছেন মাধব বাবু, হাতি ঘোড়া তো সব খেয়ে গেল।"

মাধব বাবু নির্বিকার রসিক মানুষ। বললেন,

"কাউক,কাউক, কাইতেই তো দিচি।" তার এই কথা শুনে সবাই হাসিতে ফেটে পড়ল। পাশেই তাস পার্টি। সেখানেও হৈ চৈ আর একে অপরকে দোষারোপ। মেসের দুই সদস্য যতীন হাজরা আর ধীরাজ রক্ষিত রোববারের বিশাল বাজার নিয়ে হৈ হৈ করতে করতে ঢুকল। এদেরকে বলা হয় Laurel and Hardy, কারণ ধীরাজ ছফুটের উপর লম্বা আর যতীন মাত্র পাঁচ ফুট এক ইঞ্চি। দুজনেই অন্তরঙ্গ বন্ধু। ওদের দেখে অকারণে উৎফুল্ল হয়ে হঠাৎ চেঁচিয়ে খোল বাজিয়ে গান আর নাচে মেতে উঠল আধপাগলা অশ্বিনী কুমার মালাকার। তার সঙ্গে করতাল হাতে

যোগ দিল সুধীর কীর্তনিয়া। ঠিক এই সময়ে নাটকীয় ভাবে মেসে প্রবেশ করল এক অপরিচিত যুবক, হাতে তার কিছু মালপত্র। সুপুরুষ, উত্তমকুমারের দ্বিতীয় সংস্করণ বললেও খুব একটা অত্যুক্তি হবে না।

মেসের হৈ হট্টগোল, হাসি-ঠাট্টা গান-বাজনা এক নিমেষে বেলুনের মত চুপষে গেল। নিশিকান্ত ও আরও কয়েকজন যুবকটির দিকে এগিয়ে যেতেই সে নিজের পরিচয় ও উদ্দেশ্য ব্যক্ত করতে শুরু করল।

"আজ্ঞে, আমার নাম কুমারজিত অধিকারী, সম্প্রতি দেরাদুনে এসেছি চাকরি নিয়ে। কোন এক সহৃদয় বাঙালী ভদ্রলোকের কাছ থেকে এই মেসের খবর পেয়ে সঙ্গে সঙ্গে চলে এসেছি। এখানে আমার একটা ঠাঁই হবে?" যুবকটি হাসি হাসি মুখে জিজ্ঞাসু চোখে নিশিকান্তের দিকে তাকিয়ে রইল।

"আপনি কোনরকম সুপারিশ ছাড়া এসেছেন, তাই আপনাকে জায়গা দিতে একটু বাধ বাধ লাগছে। আপনার সম্বন্ধে আর একটু বিশদ করে বলুন, তাহলে দেখতে পারি কিছু করা যায় কিনা," বলল নিশিকান্ত।

"দেখুন, আমি কোলকাতা থেকে এসেছি। আমি একজন পেট্রোকেমিকাল ইঞ্জিনিয়ার, Oil and Natural Gas Commission – এ চাকরি নিয়ে এসেছি। আশা করি এইটুকু বিবরণে আমি গ্রহণযোগ্য হতে পারি, কি বলেন?"

"হ্যাঁ, গ্রহণযোগ্য তো বটেই। তবে বলি কি, আপনি খুবই ভাগ্যবান। আমাদের মেসে কেউ এসেই জায়গা পায় না। গতকালই আমাদের একজন সদস্য হঠাৎ দেরাদুন ছেড়ে চলে গেল। তাই আপনাকে স্বাগত জানাচ্ছি"।

শুরু হোল কুমারজিতের নতুন জীবন। দেরাদুন শহরটি অতি সুন্দর ও মনোরম। এর সুন্দর আবহাওয়া আর পাহাড়ী সৌন্দর্য যেমন তাকে মুগ্ধ করল, তেমনই মেসের নতুন বন্ধুদের অপ্রত্যাশিত বন্ধুত্ব আর ভালবাসা তার মন জয় করে নিল। এখানে সে অভূতপূর্ব এক স্বাধীনতার স্বাদ পেয়ে নিজেকে ভাগ্যবান মনে করছে। মা, বাবা, ঠাকুরমার সেই মধুর স্নেহের প্রভাব ক্রমশই কমতে থাকল। এমন কি স্ত্রী সৌদামিনীর কথাও তার আর মনে পড়ে না। মেসের সব সদস্যরাই এখন তার ভাল বন্ধু, বিশেষ করে নিশিকান্তকে সে অন্তরঙ্গ বন্ধু হিসাবে পেয়েছে।

দিন যায়, মাস যায়, কুমারজিত এখন দেরাদুনে সুপ্রতিষ্ঠিত। তার অতীত নিয়ে কেউ বিশেষ মাথা ঘামায় না। তাই সে যে বিবাহিত তা কেউই জানে না। অন্তরঙ্গ বন্ধু নিশিকান্তকেও এ ব্যাপারে সে অন্ধকারে রেখেছে। আসলে কম বয়সী একটি যুবক অবিবাহিত হবে সেটাই স্বাভাবিক, সকলের কাছে সেই রকমই মনে হয়েছে। তাই প্রশ্ন করার প্রয়োজনই কেউ বোধ করে না। এমন কি কুমারজিত নিজেও স্বেচ্ছায় এই তথ্যটি গোপন রাখবার চেষ্টা করে। তারও বিশেষ কারণ আছে। সে এখন নতুন করে প্রেমে পড়েছে। নানান ঘটনার ঘনঘটার মধ্যে এই ঘটনাটি অকস্মাৎ একদিন ঘটে গিয়েছিল। প্রেমের কাঙাল ছিল কুমারজিত, তাই বোধ হয় সে প্রাণের উচ্ছলতা রুখতে পারেনি।

মেঘলা দিন। অল্প অল্প বৃষ্টিও হচ্ছিল মাঝে মাঝে। শনিবার, অফিস হাফ ডের পরেই ছুটি। কি করা যায় ভাবতে ভাবতে সে চলে গেল সহস্রধারার শান্তিকুঞ্জে। আপন খেয়ালে ঝর্ণার প্রবাহ অনুসরণ করে পাহাড়ের চড়াই পথে চলতে থাকল। প্রায় জনশূন্য বললেই চলে। মেঘগুলো বড় নীচুতে ঝুলছে। কুমারজিত এক অদ্ভূত ভাবে বিভোর হয়ে গুণ গুণ করে গান ধরল। "*মন মোর মেঘের সঙ্গী* ---।" হঠাৎ তার ঘোর কাটে। অনতিদূরে একটি পাথরের উপরে দাঁড়িয়ে আছে এক অপরূপ সুন্দরী মেয়ে। মাঝখানে জলের স্রোত। সুন্দর প্রকৃতির মাঝখানে যেন স্বর্গ হতে নেমে এসেছে এক সুন্দরী অপ্সরা। কুমারজিতের দৃষ্টি স্থির হয়ে যায়, গান থেমে যায়। ওদিকে মেয়েটিও চকিত হরিণীর মত অবাক হয়ে তাকিয়ে আছে তার দিকে। মুখে একটু মিষ্টি হাসি। কুমারজিতের মনে হোল মেয়েটি বোধ হয় জলের ওপারে আটকে গেছে, পার হতে পারছে না। সে এগিয়ে গেল, সঙ্কোচ কাটিয়ে জিজ্ঞাসা করল, "*আপকো মদৎ চাইয়ে ক্যা?*"

জবাবে মেয়েটি চমক লাগিয়ে বাঙলায় বলল,

“কষ্ট করে আর হিন্দী বলতে হবে না। আপনার গুণ গুণিয়ে রবীন্দ্রসঙ্গীত আমার কানে এসেছে।“

“ও তাই, ও কিছু নয়। কখন সখন মুড হলে নিজের মনে গুণ গুণ করি।“ লাজুক লাজুক ভাবে আমতা আমতা করে বলল কুমারজিত। তারপর বলল,

“ও কথা থাক। আপনি কি এই জলটার এপাশে আসতে চাইছেন?”

“হ্যাঁ, কিন্তু একটু ভয় হচ্ছে।“

“আপনার হাতটা এগিয়ে দিন যদি কিছু মনে না করেন।“

মেয়েটি হাত এগিয়ে দিল আর কুমারজিত তাকে সাবধানে জলটা ডিঙোতে সাহায্য করল।

“কিন্তু আমার কৌতূহল হচ্ছে যে আপনি ওই খরস্রোতা জলটার ওপাশে গেলেন কেমন করে?”

“ও, আপনি বোধ হয় জানেন না। দেরাদুনের নদীগুলি দেখতে ছোট পাহাড়ী নদী মনে হলেও মুহুর্তের মধ্যে ভয়াবহ রূপ ধারণ করতে পারে। আমি যখন এসেছিলাম, তখন এই প্রণালীটা অনেক সরু ছিল। এখন নিশ্চয়ই ওপরে বৃষ্টি হচ্ছে, তাই জলের স্রোত বেড়ে গেছে এবং প্রণালীগুলি প্রশস্ত হয়েছে। আমাদের শীঘ্রই নীচে নামা উচিত।“

দুজনে ধীরে ধীরে নীচে নেমে এল। সেখানে দুএকটা ছোট দোকান আর একটা চা-কফির দোকান আছে। অনেক সাহস করে কুমারজিত বলল, “এই বৃষ্টি ভেজা আবহাওয়ায় এক কাপ কফির বড় প্রয়োজন। চলুন না, এক কাপ কফি খাওয়া যাক।“

খানিকক্ষণ ভেবে মেয়েটি রাজী হোল। কুমারজিত ভাবতেও পারেনি মেয়েটি এক কথায় রাজী হয়ে যাবে। কফির দোকানে ঢুকে এক কোণায় বসল দুজনে।

“আমাদের মধ্যে পরিচয়টা তো এখনও হোল না। আমার নাম কুমারজিত, কুমারজিত অধিকারী, পেশায় ইঞ্জিনিয়ার।“

“বাঃ, বেশ নামটা তো, কুমারজিত। আমার নাম মল্লিকা, মল্লিকা রায়। Botanical Survey of India-তে Sceintific Assistant.”

“এবার বলুন তো একা একা ওই পাহাড়ী নদীতে কি করছিলেন?”

“প্রশ্নটা আমিই আগে করেছিলাম। যাহোক, এটা আমার হবি। বিরল গাছপালা দেখলে স্যাম্পল তুলে নিয়ে আসি, আর পাখী, প্রজাপতি সব দেখি। সাধারণত অনেক লোক, টুরিস্ট থাকে। আজ বোধ হয় মেঘলা, বৃষ্টি বলে লোকজন নেই। তা আপনিই বা একা একা কি করছিলেন?”

“আমার এটা খামখেয়ালীপনা। মাঝে মাঝে এরকম বেরিয়ে পড়ি।“

কথায় কথায় অনেক সময় কেটে গেল। ফোন নাম্বারের আদান প্রদান হোল। কফি খাওয়া শেষ করে দুজনেই উঠে দাঁড়াল। দুজনেই করণপুরের বাসিন্দা, সুতরাং একই বাসে একই জায়গায় নামল তারা। সেদিনকার মত আবার দেখা করবার প্রতিশ্রুতি দিয়ে দুজনে দুজনকে বিদায় জানাল।

প্রাণে খুসী খুসী ভাব নিয়ে চলতে থাকল কুমারজিত। আজকের মত অভিজ্ঞতা জীবনে কোনদিন হবে সে ভাবতেও পারেনি। মল্লিকার মত সুন্দরী বিদুষী মেয়ের সঙ্গে তার বন্ধুত্ব হয়ে গেল। কোন চোরাগলির পথ ধরে প্রেম তার হৃদয়ে বাসা বাঁধল? সে গুন গুনিয়ে গাইতে শুরু করে,

"*আমার পরাণ যাহা চায়, তুমি তাই, তুমি তাই গো। তুমি ছাড়া আর এ জগতে মোর কেহ নাই, কিছু নাই গো* "

গান থেমে যায়, কুমারজিতের ভাবনায় যতির টান। মনে পড়ে কলকাতায় একজনকে সে ফেলে এসেছে। মা-বাবার স্নেহের বৌরাণী, ঠাকুরমার আদরের নাতবৌ, আর তার প্রতিজ্ঞায় আবদ্ধ জীবনসঙ্গিনী। কিন্তু তাকে সে প্রেমের বাঁধনে বাঁধতে পারেনি। এই সব ভাবনায় অন্যমনস্ক হয়ে কুমারজিত মেসের প্রবেশদ্বার ছেড়ে এগিয়ে যায়। পিছন থেকে সে একটা ডাক শোনে।

"এই যে কুমারবাবু, বাড়ীর দরজা কি ভুলে গেলেন? এমন কি ভাবনায় মত্ত আপনি, না কি হঠাৎ প্রেমে পড়েছেন?"

নিশিকান্ত হাঁক পাড়তে পাড়তে বাড়ীর দরজার সামনে তার সাইকেল দাঁড় করাল। অফিস ফেরত আসছে সে। কুমারজিত সঙ্কোচভরে "না না, এই আর কি" বলতে বলতে মেসে ঢুকে পড়ল। মেস তখন বেশ সরগরম হয়ে উঠেছে।

"এই যে আমাদের নায়কবাবু, আসুন, আসুন।" মেসের সকলে তাকে সুন্দর চেহারার জন্য নায়ক বলে সম্বোধন করে।

মেসের রঙ্গরসিকতা ঘন্টা দুয়েক ধরে চলতে থাকবে যা হয়ে থাকে প্রতিদিন। কে কার পিছনে লাগবে তার ঠিক নেই। কমলেন্দু করগুপ্ত এ ব্যাপারে সর্বপ্রথম। অবশ্য কেউই কম যায় না।

"এই যে কুমারবাবু, দেখেই মনে হচ্ছে আজ নির্ঘাত প্রেমে পড়েছেন।" শুরু করল কমলেন্দু।

"তোমরা ওকে ছেড়ে দাও, একেবারে গোবেচারা ভাল মানুষ।" মন্তব্য ছুঁড়ে দিল অশ্বিনী মালাকার, চোখে মুখে বিদ্রূপের ঝিলিক। "প্রেমে পড়েছে তো পড়তে দাও। যেদিন একেবারে হাবুডুবু খাবে, তখন আমরা এসে টেনে তুলব।" প্রশান্ত কুমার কোণা থেকে উঠে এসে সোচ্চারে বলে,

"ওসব ছেঁদো কথা ছেড়ে দাও, আসল কথায় আসা যাক। ওহে ম্যানেজার নিশিকান্ত, আজ শনিবার, তার উপর টিপিস টিপিস বৃষ্টি হচ্ছে। বলি আজ সন্ধ্যের মেনুটা কি শুনি।"

"ব্যাস, ব্যাস, আর বলতে হবে না। ইলিশ মাছ এসে গেছে আর রামলালকে নির্দেশ দেয়া হয়ে গেছে এবং সে কাজেও লেগে গেছে।" বিক্রমাদিত্য ঘরে শুয়েছিল, কথাবার্তা শুনে লাফ দিয়ে বেরিয়ে এল।

"ও, তাহলে আজ রাতে খিচুড়ি ভোগ হচ্ছে! তোফা, তোফা। আমাদের রামলাল যা খিচুড়ি বানায় তা যে না খেয়েছে সে বুঝবে না।" কৌতূহলী কুমারজিত ঘরের ভিতর থেকে প্রশ্ন করে,

"আপনারা এমন রাঁধুনি পেলেন কোথা থেকে?"

"ওকে আমরা পেয়েছি গাড়োয়াল থেকে। ও আদতে একজন ভাল রাঁধুনি, বাঙালী রান্না এখানে এসেই শিখেছে।" নিশিকান্ত জবাব দেয়। তারপর সকলের উদ্দেশে নিশিকান্ত বলে,

"বন্ধুগণ, আজ তো খিচুড়ি আর ইলিশ মাছ ভাজা হচ্ছে। আর আগামী কাল রোববার নিয়ম মত মাংসভাত।"

সকলে আনন্দে হৈ হৈ করে উঠল। কিন্তু খাবার গোঁসাই বিক্রমাদিত্য দাবী জানাল,

“এরকম বৃষ্টির দিনে গরম গরম পকোড়া আর চা-কফি না হলে কি চলে?” সদস্যদের তো আর আনন্দের সীমা নেই।

“ঠিক, ঠিক, তাহলে আড্ডাটা দারুণ জমবে।”

দেরাদুনের দিনগুলো এমনি করে কাটতে থাকে। আনন্দ আর হৈ-হুল্লোড়ের মধ্যে কুমারজিত ঠিক সময় বার করে মল্লিকার সঙ্গে একসাথে সময় কাটাবার। দেরাদুনে যত বেড়াবার জায়গা আছে, সে সব জায়গায় তারা প্রেমিক-প্রেমিকার মত ঘুরে বেড়িয়েছে। তারা দুজনে দুজনকে প্রেম নিবেদন করেছে। “আপনি” “তুমিতে” রূপ নিয়েছে অজ্ঞাতসারে। রাতের অন্ধকারে তারা দেরাদুনের আকাশে সুন্দরী পাহাড়ী শহর মুসুরির আলোর শোভা উপভোগ করেছে। একটা অপরূপ সুন্দর নেকলেসের মত আকাশের গায়ে শোভা পায় নক্ষত্রের মত ফুটে থাকা এই আলোর মালা। এই মুসুরি শহরেই তারা প্রথম একে অপরকে ভালবাসার কথা বলে। পাহাড়ের সব চেয়ে উঁচু চূড়ায় যেখানে হৃদয়স্পর্শী মেঘেদের আনাগোনা, সেখানে তারা দুজন দুজনের হৃদয় স্পর্শ করে গানে গানে। মল্লিকার মুখের দিকে চেয়ে থাকে কুমারজিত। স্বতঃস্ফুর্ত ভাবে গান বেরিয়ে আসে,

“*আমার মল্লিকা বনে, যখন প্রথম ধরেছে কলি, --- তোমার লাগিয়া তখনি, বন্ধু বেঁধেছিনু অঞ্জলি ---* ।” মল্লিকা চোখ বুজে গান শোনে।

“এবার তোমার কন্ঠে একটা গান শুনতে চাই, মল্লিকা।”

“আমি তোমার মত গাইতে পারি না, তবে চেষ্টা করছি।” কিছুক্ষণ চুপ করে থেকে সে শুরু করল।

“*আমার অঙ্গে অঙ্গে কে বাজায়, বাজায় বাঁশি। --- আনন্দে বিষাদে মন* উদাসী--- ”

• * *

ইতিমধ্যে দীর্ঘ সময় কেটে গেছে। বলাই বাহুল্য যে তাদের প্রেম এখন আর গুপ্ত রহস্য নয়। এমন কি, মল্লিকার মা, বাবা, তাদের একমাত্র কন্যার জন্য এবং দাদারা তাদের আদরের বোনের জন্য সানন্দে ওদের প্রেমকে সম্মান জানিয়েছে। বন্ধুরা প্রথম প্রথম অনেক টিটকারি দিয়েছে, তারপর তারাও সসম্মানে ওদেরকে অভিনন্দন জানিয়েছে। কুমারজিত অন্তর থেকে উপলব্ধি করে মল্লিকার প্রতি তার ভালবাসার মধ্যে কোন খাদ নেই। সে সত্যিই প্রাণ দিয়ে তাকে ভালবাসে। আর মল্লিকাও যে তাকে ভালবাসে, সে বিষয়ে তার কোন সন্দেহ নেই। কিন্তু একটা ভয় ও সঙ্কোচ কুমারজিতকে চতুর্দিক থেকে গ্রাস করে আছে। সৌদামিনী, তাকে সে কি করে ত্যাগ করবে? মা, বাবা, ঠাকুরমা ও অন্যান্যদের কথা ভাবলে সেটা একেবারেই অসম্ভব। সেখানে কোন প্রেম নেই, আছে শুধু কর্তব্য,, দায়িত্ব আর সমাজ। এদিকে মল্লিকার মধ্যে সে পেয়েছে প্রেম আর প্রাণ ভরা আনন্দ। কি করে সে এই গভীর প্রেমের আহুতি দেবে, কি করে মল্লিকার জীবনে প্রলয় ডেকে আনবে? ভিতরে ভিতরে সে এই উভয় সঙ্কটের জটিল সমস্যায় জর্জরিত হয়ে যাচ্ছে। সমস্যা আরও গুরুতর হয় যখন মল্লিকার বাড়ী থেকে বিবাহের প্রস্তাব আসে। কুমারজিত নানান অজুহাতের আশ্রয় নেয়, কিন্তু তাতে আর কতদিন চলে?

আরও কিছুদিন পরে কুমারজিত মল্লিকাকে ফোন করে।

“চলো যাই আমরা আর একবার সহস্রধারায় একটু সময় কাটাই। যাবে?”

“তুমি ডাকলে আমি না এসে পারি?”

সহস্রধারা, সেই শত সহস্র জলের ধারা, সেই পাহাড়ী নদী, সেই কফি শপ। কুমারজিতের হৃদয়ে এইখানেই প্রথম প্রেমের সঞ্চার হয়েছিল। নদীর ধার দিয়ে দিয়ে তারা পাহাড়ের উপর উঠতে থাকে। তারপর একটা বড় পাথরের উপর দুজন বসে। সময় চলে যায়, মন্ত্রমুগ্ধের মত দুজন দুজনকে নিয়ে বসে থাকে। ক্রমশঃই অন্ধকার হতে থাকে। মুসুরীর আলোর মালা ফুটে ওঠে আকাশে। কুমারজিত গান ধরল –

"*যখন ভাঙ্গল, ভাঙ্গল মিলন মেলা, ভাঙ্গল। দিনে দিনে পথের ধূলায়, মালা হতে ফুল ঝরে যায় --- *"

"থাম, থাম। ও গান গেও না। মিলন মেলা কেন ভাঙ্গবে? মালা থেকে ফুলই বা কেন ঝরবে?"

"ও, তাই তো।" কিছুক্ষণ ভেবে সে গাইল,

"*আমি যামিনী তুমি শশী হে, ভাতিছ গগন মাঝে। মম সরসীতে তব উজল প্রভা বিম্বিত যেন লাজে --- *।"

মল্লিকার মুখে আবার সেই হাসি । আকুল কন্ঠে কুমারজিত অনুরোধ করে,

"এই মুহুর্তে তোমার একটি গানে আমার প্রাণ ভরিয়ে দাও।" এ অনুরোধ মল্লিকা ফেলতে পারে না। সানন্দে শুরু করল,

"*আমি তোমার সঙ্গে বেঁধেছি আমার প্রাণ সুরের বাঁধনে, তুমি জান না,*

*আমি তোমারে পেয়েছি অজানা সাধনে –*"

গান থামল। চারিদিক নিস্তব্ধ। দুজনের দৃষ্টি দুজনেতে আবদ্ধ। সম্বিত ফিরতেই মল্লিকা বলে,

"অন্ধকার ঘন হয়ে এসেছে, এবার চল ফিরে যাই।" মনের মধ্যে প্রেম আর অপরাধ বোধ, তাই আনন্দ আর বিষাদের দ্বন্দ নিয়ে মেসে ঢুকল কুমারজিত। মেসে কোন সোরগোল নেই, শুধু কে যেন বাঁশী বাজাচ্ছে, একটা পাহাড়ী ধুন। নিশিকান্ত বেরিয়ে এল।

"কে বাঁশী বাজাচ্ছে বল তো। এত সুন্দর, কি মিষ্টি সুর।"

"ও তো আমাদের জিতার, ফিরে এসেছে। দিনে কসরত করে আর গান গায় আর রাতে বাঁশী বাজায়। বেশ মজার ছেলে। কাল তোমার সাথে পরিচয় করিয়ে দেব।"

আর একটা দিনের শুরু। কাজে যেতে হবে। তার অন্তরে যে যুদ্ধ চলছে তাতে সে ক্ষত বিক্ষত। কানাঘুষায় ও জানতে পেরেছে অফিসে কেউ এসে ওর বাড়ীর ঠিকানা জানতে চেয়েছে। কুমারজিত জানে মল্লিকার বাড়ীর লোক জানতে পারলে ওর দাদারা ওকে আস্ত রাখবে না। ক্রমে ক্রমে সেই দিন এসে গেল। কুমারজিতের গুপ্ত রহস্যটার বোমা ফাটল। সুতরাং এখন নিজের গা বাঁচাতে হলে গা ঢাকা দেয়াই বাঞ্ছনীয়। মল্লিকার সামনে দাঁড়াবার মত মনোবল আর তার আস্থা সে চিরতরে হারিয়েছে। প্রথমেই সে মল্লিকার উদ্দেশে একটা চিঠি লিখল।

*মল্লিকা,*

*এ চিঠি তুমি যখন হাতে পাবে, তখন আমি দেরাদুন ছেড়ে বহুদূর চলে গেছি। তোমার হয়ত এ চিঠি পড়বার কোন প্রবৃত্তি হবে না। তবুও অনুরোধ করি চিঠিটা পড়। আমার অতীতের এক পিছুটান আমাকে নানাদিক থেকে বেঁধে রেখেছে। জীবনের এই সঙ্কট-মুহূর্তে আমি প্রেম ও সমাজের মধ্যে সমাজকে মেনে নিতে বাধ্য হয়েছি। সৌদামিনীর সঙ্গে আমার বিয়ে হয়েছিল ঠিকই, কিন্তু সেখানে না ছিল প্রেম না ছিল ভালবাসা। কাঙাল হৃদয় আমার তোমাতেই খুঁজে পেয়েছিল সেই প্রেম। তুমি আমার প্রথম প্রেম আর তুমিই শেষ। এই প্রেম এসেছিল অনায়াসে, আর তার পরিণতি হোল একটা অবাঞ্ছিত ঘটনার মধ্য দিয়ে।*

*তুমি হয়ত আমাকে ঘৃণা করে নিজেকে সামলে নেবে এবং আর এক প্রেমে নতুন জীবন গড়ে তুলবে। ঈশ্বরের কাছে সর্বান্তকরণে প্রার্থনা করি তাই যেন হয় এবং তুমি সুখী হও। আমি আজও বলব, এমন কি জীবনের শেষ নিশ্বাস পর্যন্ত বলব, "আমার পরাণ যাহা চায়, তুমি তাই, তোমা ছাড়া আর এ জগতে মোর কেহ নাই কিছু নাই গো।" এই প্রেমের স্মৃতি নিয়ে আমি সারা জীবন বিষাদ-বেদনায় কাটাব। তুমি থাকবে আমার সমস্ত হৃদয় জুড়ে। কেউ জানবে না, কেউ বুঝবে না আমার এই অন্তহীন সুগভীর প্রণয়। এই হবে আমার প্রায়শ্চিত্ত। তোমার জীবন সুখের হোক, আনন্দময় হোক, তোমার দীর্ঘায়ু কামনা করে এই চিঠি শেষ করছি।*

*চিরবিদায় (কুমারজিত অধিকারী)*

তারপর নিশিকান্তকে অগত্যা সব খুলে বলতে হোল। সে তো সব কিছু শুনে হতবাক। বন্ধুর থেকে এইরূপ ব্যবহার আর তার চরিত্রের কলুষতা সে আশা করেনি। অনিচ্ছা সত্ত্বেও বন্ধুকে বাঁচানোই উচিত কার্য হবে স্থির করল। মল্লিকার দাদারা সহজ মানুষ নয় এবং কাউকে ছেড়ে দেবার মানুষও তারা নয়। সুতরাং সে বিলম্ব না করে কুমারজিতকে ও তার মালপত্র নিয়ে চলে গেল ট্যাক্সি স্ট্যান্ডে। ট্যাক্সি করে মীরাট এবং সেখান থেকে বাসে করে দিল্লী যাবে কুমারজিত। তারপর বিমানে কোলকাতা। ব্যাস, সহজেই গা ঢাকা দেওয়া গেল।

এদিকে বিকালে মেসে এসে হাজির দিল মল্লিকার তিন দাদা এবং আরও দুজন। নিশিকান্ত ও মেসের আরও কয়েক জনের সঙ্গে অনেক বচসা হোল। তারা বলে, কুমারজিত হঠাৎ করে দেরাদুন ছেড়ে চলে গেছে এটা অবিশ্বাস্য, নিশ্চয়ই আপনারা তাকে কোথাও লুকিয়ে রেখেছেন। ঠিক আছে, এখন চলে যাচ্ছি। কিন্তু আমরা দল বল নিয়ে সময়মত ফিরে আসব এবং ওই লম্পটটাকে টেনে হিচড়ে বার করব, এই শাসানি দিয়ে চলে গেল।

মেসের ছেলেরা তাড়াতাড়ি খাওয়া দাওয়া সেরে যে যার ঘরে চলে গেল। কিন্তু তাহলে কি হবে। রাত দশটা নাগাদ তারা দশ বারোজন গুন্ডার দল নিয়ে মেস আক্রমণ করল। হিন্দীতে যত গালাগাল আছে তা সব উচ্চ স্বরে ঝরতে লাগল। গোলমাল আর চেঁচামেচি শুনে ওপর থেকে নেমে এল জিতার সিং তার পালোয়ানি চেহারা নিয়ে। এক হুঙ্কারে সকলকে কাঁপিয়ে দিয়ে বলল,

"*ম্যায় হুঁ জিতার সিং চৌহান, লড়না হায় তো মেরে সাথ লড়ো অগর হিম্মত হায় তো। দশ আদমিকে সাথ লড়নেকে লিয়ে ম্যায় একেলা কাফি হুঁ। হায় কিসিমে দম?*"

এই কথা বলে সে তার হাতের লাঠি বাঁই বাঁই করে ঘোরাতে থাকলো। অপ্রস্তুত গুন্ডার দল মুহূর্তের মধ্যেই মেস ছেড়ে চলে গেল।

সব শান্ত হয়ে যাবার পর বিক্রমাদিত্য ভট্টাচার্য বীর বিক্রমে আট ফুট লম্বা বাঁশ হাতে নিয়ে ঘর থেকে বেরিয়ে এল। সমস্ত মেস দাপিয়ে হুঙ্কার দিল, "সব কটাকে পিটিয়ে লাশ বানাবো, আসুক দেখি কে আসবে।" হাসির অট্টরোল বয়ে গেল মেসে। থ্যাংরা কাঠির মাথায় আলুর দম ফাঁকা মাঠে গোল দিতে এসেছে।

কুমারজিত কোলকাতাও ছেড়ে দিল আর সকলের থেকে দূরে কোথায় হারিয়ে গেল। একটা অমোঘ প্রেম কেমন যেন নিশ্চিহ্ন হয়ে গেল। আকাশের বুকে মুসৌরীর আলোর মালা একে একে মেঘের আড়ালে ঢেকে যায়।

# নারীশক্তির ক্রমবিবর্তন

## জয়ন্তী রায়

**<u>প্রথম যুগ</u>**

নারীদের স্বাধীনতা হয়েছিলো খর্ব,
তাই নিয়ে পুরুষের কত ছিল গর্ব।
সংসার শৃঙ্খলে তারা ছিল বন্দী,
সার্থক হয়েছিল পুরুষের ফন্দী।
বহুযুগ ধরে এই রীতিপ্রথা চললো,
মার খেলো কেউ যদি প্রশ্নটি করলো।
সেবা তুমি করে যাও যেন এক যন্ত্র,
লক্ষ্মীর পাঁচালীতে আছে সেই মন্ত্র।
নিজের সুখের কথা ভাবা বড় অন্যায়,
এইভাবে শিক্ষিত কর বধূ কন্যায়।

**<u>ইংরাজী শিক্ষা/নারীশিক্ষার যুগ</u>**

তারপর একদিন কি যে হল কি জানি,
দেশে এসে পৌঁছল নারীশিক্ষার বাণী।
মেয়েদের দল চলে ইস্কুলে কালেজে,
মন পড়ে আছে তার বই খাতা কাগজে।
হাতে নিয়ে চলে তারা পেন্সিল খাতা বই,
সমাজেতে শুরু হল প্রতিবাদ হইচই।
একি সব অবিচার অন্যায় কর্ম,
ধ্বংস হবে কি তবে নারীদের ধর্ম?
ব্যর্থ হইল শেষে পুরুষের তর্জন,
লেখাপড়া শেখে নারী প্রথা করি বর্জন।

**<u>বিবাহক্ষেত্রে নারীশিক্ষার অবদান</u>**

চারিদিকে পিতাদের ছুটোছুটি দেখো ভাই,
তাহাদের মেয়েদের বিয়ে দিতে হবে তাই।
শিক্ষার দরজায় ঠেলে দেয় কন্যায়,
তাহা বিনা হইবে যে অতি বড় অন্যায়।
নবীন যুবক আজ শিক্ষিত মেয়ে চায়,
কন্যা যে সম্পদ, বাবাদের নয় দায়।

**<u>বর্তমান যুগের নারী</u>**

রুদ্ধদ্বার ভগ্ন করে এগিয়ে চলে নারী,
পুরুষ বলে, এদের সাথে পাল্লা দিতে পারি?
শিক্ষিতা নারী আজ জানে তার অধিকার,
পুরুষের সমাসীনা সেতো নয় ব্যাভিচার।
নারী বলে, তুমিও শেখো রান্নাবাড়ার কাজ,
ঘরে বসে নষ্ট করার সময় নেইকো আজ।
তুমি আমি দুজন মিলে করব যে রোজগার,
পণ করেছি কমাবো গো তোমার কাঁধের ভার।
অর্থের প্রলোভনে পুরুষের পরাজয়,
নারীদের তাই আর রইল না কোন ভয়।
নারীদের স্বাধীনতা বেড়ে ওঠে শেষে,
ক্যানাডার অটোয়া শহরেতে এসে।
লক্ষ্মীপূজোর দিনে, রান্নাবান্না ছেড়ে,
পূজোতে আসেন তারা বেনারসী পরে।
মা লক্ষ্মীদের অন্নগ্রহণ সর্বাগ্রে হয়,
আচার, বিচার,শাসন, শোষণ সব নয় ছয়।

অটোয়ার পুরুষেরা অতুলনীয় ভবে,
নারী সেবার এই প্রথাটি কোথাও নাহি পাবে।

শিখলাম তো তোমার কাছে মাগো দশভূজা,

পুরুষ দমন করলে, তাই তো তোমার পূজা।

মা কালী তো দাঁড়িয়ে আছ নিজের স্বামীর বুকে,

মোদের স্বামী তার চাইতে আছে অনেক সুখে।

লক্ষ্মী মাগো পাঁচালীটা নতুন করে লেখো,

নব্যযুগের কায়দা কানুন কষ্ট করে শেখো।

## কেয়ার টেকার
## সুপর্ণা মজুমদার

আমার নাতনি সুদীপ্তা – গতমাসে ১৭ য় পা দিয়েছে এবং ক'মাস হল ইউনিভার্সিটি যেতে শুরু করেছে। যবে থেকে কলেজ শুরু করেছে, আমি ওর মধ্যে একটা ভালো রকম পরিবর্তন লক্ষ্য করে চলেছি। বেশ একটা ফুরফুরে ভাব – লেখাপড়া হোম ওয়ার্কের বালাই নেই। সাজগোজের দিকেই নজর বেশী। কথাবার্তায় বেশ একটা বড় বড় আর সবজান্তা ভাব। ওর মা, অর্থাৎ আমার পুত্রবধূ চাকরি করে – তাই বিকেল বেলাটা ও ছোটবেলা থেকে আমার সঙ্গেই কাটায়।

সেদিন দেখি, কলেজ থেকে ফিরেই দুমদাম্ ব্যাগ ট্যাগ এদিক ওদিক ছুঁড়ে ফেলে নিজের ঘরে গিয়ে শুয়ে পড়লো। কিছুক্ষণ ওকে একা থাকতে দিলাম। তারপর আস্তে আস্তে ওর বিছানায় গিয়ে বসলাম। দেখলাম, চোখ দুটো ভিজে ভিজে, লালচে, মুখটাও ফোলা ফোলা। বেশী কিছু জিগেস করতে হলোনা – নিজে থেকেই বললো - যে ছেলেটিকে ও মনে মনে ভী – ষণ পছন্দ করছিলো এবং মনে করছিলো যে এই বোধহয় ওর প্রথম এবং শেষ সত্যিকারের প্রেম, তাকে ও পাবার আগেই হারিয়ে ফেলেছে। তার বাবা ক্যানাডায় ইমিগ্রেশন পেয়ে গেছেন। আসলে অনেক দিন ধরেই নাকি চেষ্টা করছিলেন। ওরা পরের মাসেই এখান থেকে চলে যাচ্ছে।

বলতে বলতে নাতনির চোখে আবার ঘন বর্ষা শুরু হল। কী বলবো, ওর মাথায় আস্তে আস্তে হাত বুলিয়ে দিতে লাগলাম। আমার কোলে মুখ লুকিয়ে ও বললো –
"আচ্ছা দিদা, বলো তো – প্রথম প্রেম কি ভোলা যায়?"
"যায়, আবার যায়ও না।"
"কেন একথা বলছো?"
“তাহলে তুমি মুখ টুখ ধুয়ে খাবার ঘরে এসো। জলখাবার খেতে খেতে তোমায় একটা গল্প শোনাবো।"
গল্পের নামেই বোধহয়, কান্না ভুলে নাতনি খাবার ঘরে এসে জলখাবার নিয়ে টেবিলে আমার সামনে এসে বসলো। আমি ওকে গল্প বলতে লাগলাম।

দেশ তখন সদ্য স্বাধীন হয়েছে। কিছু কিছু লালমুখো সাহেব তখনও পাততাড়ি গুটিয়ে সরে পড়তে পারেনি। আমাদের পরিবার সাহেব-ঘেঁষা না হলেও, বাবার বন্ধু বিজয় কাকু সাহেবদের সঙ্গে ওঠাবসা খুবই পছন্দ করতেন। অল্প বয়েস থেকেই আমি বেশ স্বাধীনচেতা আর জেদী মেয়ে ছিলাম। দেশশুদ্ধ লোক যখন বৃটিশ-রাজ থেকে মুক্তি পাওয়ার আনন্দে উদ্বেল – আমি তখন আর এক রকম দাসত্বের কথা চিন্তা করছি। আমি মনে করতাম, বিয়ে করাটাও এক ধরণের পরাধীনতা এবং বিয়ে করা মানে একজন পুরুষ মানুষের তাঁবে জীবন কাটানো। তাই ঠিক করেছিলাম যে আমি কোনদিনও বিয়ে করবোনা। পড়াশোনা করে চাকরি করবো এবং চিরকুমারী থেকে জনকল্যাণের

কাজে নিজের জীবন উৎসর্গ করবো। মা আমার ওপর মাঝে মাঝে চেঁচামেচি করলেও আমার সব ব্যাপারে বোধহয় আমার বাবার খানিকটা প্রচ্ছন্ন প্রশ্রয় ছিল।

আমাদের ব্রাহ্ম পরিবার – তখন বেশ আধুনিকতার হাওয়া লেগেছে। কাজেই আমি বি এ পাশ করবার পরে বেশ তরতর করে এম এ পাশ করে ফেললাম। এদিকে আমার পুরনো সহপাঠিনীদের মধ্যে অনেকেই বিয়ে থা করে একবার কেন, বার দুতিন মাতৃত্বের স্বাদ পেয়ে গেছেন। আর আমার মনের মতো তো দূরের কথা, কোন চাকরিই জোটেনা। তারপর একদিন বেড়ালের ভাগ্যে শিকে ছেঁড়ার মতো একটি চাকরি জুটে গেল। সরকারী চাকরি। গ্রামে গ্রামে ঘুরে মেয়েদের মধ্যে নিরক্ষরতার পরিসংখ্যান করতে হবে, এবং সেই সঙ্গে কথাবার্তা বলে তাদের অক্ষর পরিচয়ের ব্যাপারে উৎসাহ দিতে হবে। আমার প্রথম কাজ পড়ল হরিনাভি লাইনে একটা ছোট্ট গ্রামে। নাম – মাণিকদ – অর্থাৎ মাণিকদহ।

বাড়িতে এসে কথাটা বলতেই তো বাবা একেবারে লাফিয়ে উঠলেন। বললেন –

"আরে ওই মাণিকদহতেই তো আমাদের বিজয়ের একটা বাংলো আছে। ওখানে ওর একটা পৈত্রিক জমি ছিল, সেখানে বিজয় বেশ সুন্দর একটা একতলা বাড়ি করেছে। আগে আগে তো সায়েবসুবোদের নিয়ে খুব পার্টি দিত। নতুন যখন বাড়ি তৈরী হল, তখন আমিও একবার বেড়াতে গিয়েছিলাম। মণিকদহতে যদি থাকবার দরকার হয় তো ওখানেই থাকতে পারবি।"

সত্যি বলতে কী থাকার ব্যাপার নিয়ে আমারও মনে বেশ দুশ্চিন্তা ছিল। কিন্তু বাবার কাছে তা স্বীকার করতে লজ্জা। ভাবখানা দেখালাম যেন বিজয়ককুর বাংলোতে থাকতে আমি অনিচ্ছা সত্ত্বেও রাজী হলাম। মনে হল বাবা যেন মুখ ফিরিয়ে একটু হাসি চাপলেন।

বাবার ফোন পাওয়া মাত্র বিজয়কাকু গাড়ি হাঁকিয়ে একেবারে বাংলোর চাবি নিয়ে আমাদের বাড়ি এসে হাজির। আমাকে বললেন –

"তুই চাবি নিয়ে চলে যা। ষ্টেশনে নেমে ১০ মিনিটের হাঁটা পথ। একটা রিক্সা নিয়ে নিবি। মল্লিক সাহেবের বাংলো বললেই যে কেউ দেখিয়ে দেবে। এখন একটা গোর্খা বাহাদুর কেয়ার টেকার আছে। ফ্যামিলি কাচ্চা বাচ্চা আছে বলে বাংলোতে থাকেনা, কাছাকাছিই থাকে। খুব ভালো লোক। এর আগেও একটা খুব ভালো কেয়ার টেকার ছিলো – শরণ। একা মানুষ, তাই বাংলোতেই থাকতো। ওসব বাগান টাগান তারই তৈরী। সে আর এখন নেই, এখন এই বাহাদুরই সব দেখাশোনা করে।"

আমি বলি –

"বিজয়কাকু, তোমার বাড়িটা ফাঁকা পাওয়া যাবে তো? তুমি আবার তোমার কোনও লালমুখো সাহেব বন্ধুকে ঢুকিয়ে রাখোনি তো?"

বিজয়কাকু তাঁর সেই বিখ্যাত ছাদ ফাটানো অট্টহাসি হেসে বললেন –

"আরে না না। মাণিকদহে কয়েকজন সাদা চামড়া এখনও রয়ে গেছে বটে। ওখানে নদীর জল নিয়ে কী একটা এঞ্জিনিয়ারিং প্রজেক্ট এর কাজ চলছিল। আমার বাংলোর কাছাকাছি একটা মেস বাড়িতে এখনও বোধ হয় দুচার জন আছে। কাজ শেষ হলেই দেশে ফিরে যাবার জন্যে পা বাড়িয়ে আছে। তবে আমার বাংলোর পিছনে ফলের বাগান – সেখানে ওদের কাউকে ঘুর ঘুর করতে দেখলে ঘাবড়ে যাসনা। মানুষগুলো খুবই ভদ্র – এই দুচারটা ফল টল তুলে নিয়ে যায় আর কী। বাহাদুরটা লোকাল লোকেদের একটা ফুলও তুলতে দেয়না, কিন্তু ফিরিঙ্গীদের ফলপাকুড় তুলতে দেখলে কিচ্ছুটি বলেনা। তুই কিচ্ছু ভাবিস না – কবে যাবি বল, আমি বাহাদুরকে খবর পাঠিয়ে দিচ্ছি।"

যাই হোক, তিন দিন পর, একটি ছোট সুটকেসে আমার দু চারটা জামাকাপড় এবং একটি ছোট ব্যাগে আমার অফিসের ফাইল পত্র আর বিজয়কাকুর দেওয়া বাংলোর চাবি নিয়ে আমি দুর্গা দুর্গা বলে রওনা দিলাম। মাণিকদহ কলকাতার কাছেই। দিনে দিনেই পৌঁছে গেলাম। ষ্টেশনে নেমে দেখি এক গোর্খা এদিক ওদিক তাকাচ্ছে। আমাকে দেখে এগিয়ে এসে বললো –

"আপনি কি মল্লিক সাহেবের কাছ থেকে আসছেন? সুনন্দা দিদি?" জিগেস করলাম –

"হ্যাঁ আমি সুনন্দা – কিন্তু তুমি কী করে জানলে যে আমি এই ট্রেনে আসছি?"
আমার হাত থেকে ব্যাগ দুটো নিতে নিতে সে জানালো যে ও নাকি সক্কাল থেকেই ষ্টেশনে এসে বসে আছে। ওকে বললাম –
"তুমিই তাহলে বিজয়কাকুর বাহাদুর?" বাহাদুর একগাল হেসে মাথা নাড়লো।
দুটো সাইকেল রিক্সা করা হল। একটাতে আমি, আর একটাতে বাহাদুর আমার ব্যাগ দুটো নিয়ে। প্রায় মিনিট দশেক পরে বিজয়কাকুর বংলোর সামনে রিক্সা থামল। ভাড়া মিটিয়ে ভাল করে বাড়িটার দিকে তাকিয়ে চোখ জুড়িয়ে গেল। গেটের দুপাশে দুটো লতানো গাছ লাগানো। থোকা থোকা গোলাপী ফুলে ভর্তি। গেট খুলে ভেতরে ঢুকে দেখলাম, বাড়ির সামনে ভারী সুন্দর বাগান। একটা সুন্দর গাড়ি বারান্দার ওপর একটা ঘর – সে ঘরে অনেকগুলো কাঁচের জানালা আছে। বাহাদুর তালা খুলে দিতে ভেতরটাও ঘুরে ফিরে দেখে নিলাম। মাঝে বেশ বড় একটি হলঘর। সেখানে খাবার টেবিল চেয়ার এবং বসবার ব্যবস্থাও আছে। হলের দুপাশে দুটি করে সবশুদ্ধ চারটি ঘর, আর প্রতিটি ঘরের সংলগ্ন বাথরুম – খুব পরিষ্কার পরিচ্ছন্ন। পিছন দিকে টানা বারান্দা, আর তারপর ছোট্ট একটুকরো বাগান। দেখলাম সেখানে নানা রকম ফলের গাছ লাগানো হয়েছে। মনে মনে বিজয়কাকু আর কাকীমার রুচির প্রশংসা না করে পারলাম না।

বাড়ির বাইরে আমি এর আগে এরকম একা কখনো থাকিনি। কিন্তু এখানে এসে দেখছি আমার ভয় ভাবটুকু একেবারেই কেটে গেছে। মনে হয় এত সুন্দর বাংলো আর তার কেয়ার টেকার বাহাদুরকে দেখে। দুপুরের ভাত খেয়েই বাড়ি থেকে বেরিয়েছিলাম। এখন বাহাদুর চা করে দিল। রাত্রে কী খাবো জিগেস করলো। বাজার করবার টাকা দিতে চাইলে জিভ কেটে কানে হাত দিয়ে জানালো যে মল্লিক সাহেব টাকা নিতে মানা করেছেন, টাকা নিলে নাকি ওর চাকরি চলা যাবে। বুঝলাম লোকটা সৎ।

আমি এরপর পায়ে হেঁটে গ্রামে গিয়ে দুচার জনের সঙ্গে কথাবার্তা বললাম। গ্রামটি সম্পর্কে একটা খুব স্পষ্ট না হলেও মোটামুটি একটা ধারণা হল। দুচার ঘর খুব গরীব মানুষ থাকলেও বাকিদের মনে হয় তেমন খাওয়া পরার ভাবনা নেই। তবে মেয়েদের কেউ অ আ ক খ ও শেখেনি।
সন্ধ্যেবেলা বাংলোতে ফিরে দেখলাম বাহাদুরের রান্না তৈরী। ওকে বললাম – "বাহাদুর তুমি আমার খাবার ঢাকা দিয়ে রাখো – এতো তাড়াতাড়ি রাতের খাবার খাওয়ার আমার অভ্যেস নেই। তার চেয়ে তুমি বরং এখানে বসো, তোমার সঙ্গে একটু গল্প করি।" আমি মাঝের হলঘরে সোফায় বসলাম – বাহাদুর বসলো নীচে কার্পেটে। আমার প্রথম প্রশ্ন হল –
"বাহাদুর, তুমি তো বেশ বাংলা বল, কার কাছে শিখলে?"
প্রশংসা শুনে বাহাদুরের মুখে হাসি আর ধরে না, বলে–
"কার কাছে আর দিদি, এই চারপাশের লোকজন, বাংলা ছাড়া আর কেউ তো কিছু বলেনা। যখন আমি প্রথম এখানে চাকরিতে ঢুকি, তার দুদিনের মধ্যেই শরণ আমাকে বললে –বাংলাটা মন দিয়ে শিখে নে, নইলে মুস্কিলে পড়বি।”
"শরণ? সেই যে আগে এখানকার কেয়ার টেকার ছিল?"
"হ্যাঁ দিদি, তবে সে ছিল একা মানুষ, ওই ওপরের ঘরে থাকতো – এ বাংলোর খুব দেখভাল করতো। আমার চাকরিও এখানে প্রায় পাঁচ ছয় বচ্ছর হয়ে গেল। দেশে বউকে রেখে এসেছিলাম। শরণ বলল– ‘বউ কে দেশে একা ফেলে রেখেছিস কেন, এখানে নিয়ে আয়। তবে ওপরের ওই চিলতে ঘরে সুবিধে হবেনা– মল্লিক সাহেবকে বলে, কাছাকাছি আলাদা একটা ঘর দেখে নে।‘ তা দিদি আমি তাই করলাম। কাছাকাছি একটা ভাঙা চোরা ঘর ছিল, তবে উঠোন কুয়া সব আছে। তা সাহেব শুনে সেই ঘর সারিয়ে সুরিয়ে দিলেন। বউ এল, এখন আমার দুটো বাচ্চা। বাংলোয় কেউ না থাকলে দিনে ঘরেই থাকি – আর রাতে লাঠি নিয়ে এসে এখানে পাহারা দিই।"

পাহারা দিতে হয় শুনে আমার একটু অবাক লাগল। এত নিস্তরঙ্গ গ্রাম, সেখানে পাহারার দরকার? বাহাদুরকে সে কথা জিগেস করতে সে বলল –

"না দিদি – চোর ডাকাত তো নেই। তবে কিনা এলেই হল। গরীব লোক – পেটের জ্বালায় কী না করে। সেই শরণের সময় না কী এক চোর হলঘরে চুরি করতে ঢুকেছিল, তারপর ধরা পড়ে শরণের হাতে বেদম পিট্টি খেয়েছিল।"

ওর কথার ধরণে আমি হেসে ফেলি, ওকে বলি –

"ঠিক আছে বাহাদুর – তুমি এবার বাড়ি গিয়ে খেয়ে টেয়ে এসো। রাতে না হয় আবার পাহারা দিতে চলে এসো।"

বাহাদুর আমার খাবার ঢাকা দিয়ে রেখে বাড়ি চলে গেল। একটু পরেই আস্তে আস্তে দিনের আলো নিভে আসবে। ঘরে এসে শাড়ি জামা পাল্টে মুখ হাত ধুয়ে নিলাম। হাওয়া চলাচলের জন্যে বাহাদুর সামনের দিকের একটি জানলা খুলে রেখেছে। সুন্দর হাওয়া আসছে – রাতে না হয় বন্ধ করে দেব।

কিছুক্ষণ পর পেছনের বারান্দায় কথাবার্তার আওয়াজ শুনে হলঘরের দরজা খুলে পেছনের বারান্দায় এলাম। ও মা, বারান্দায় বেশ কিছু বেতের চেয়ার আর নীচু নীচু টেবিল পাতা – আর আসর জাঁকিয়ে বসেছে গোটা পাঁচ সাত লালমুখো সায়েব। আমি থতমত খেয়ে নিশ্চুপ দাঁড়িয়ে – পা দুটো যেন মাটিতে কেউ পুঁতে দিয়েছে। দাঁড়িয়ে থাকতেও লজ্জা – আবার দৌড়ে পালিয়ে যেতেও লজ্জা। ওরাও যেন খানিকটা অপ্রস্তুত। হঠাত ওদের মধ্যে একজন ভদ্রলোক উঠে দাঁড়িয়ে আমার কাছে এগিয়ে এলেন। হাত মেলাতে গিয়েও দুহাত জোড় করে বললেন –

"আমি রবার্টসন – এখানকার রিভার প্রজেক্টের চীফ এঞ্জিনিয়র। এঁরা সবাই আমার সহকর্মী – আমরা এই পাশেই থাকি। মিঃ মল্লিক আমাদের বন্ধু, তাই মাঝে মাঝে আমরা এসে এই বারান্দাতে এসে বসি।"

তারপর উনি খোঁজ নিলেন আমি কে, এই গেস্ট হাউসে থাকছি কী না। আড়চোখে দেখলাম, ওঁদের নীচু টেবিলে সরু সরু লম্বা লম্বা বোতল। যাইহোক, ইতিমধ্যে আবার একজন অত্যুৎসাহী মধ্যবয়সী সায়েব এগিয়ে এসেছে। নিজের পরিচয় দিল মাইক হ্যামিল্টন বলে। আমাকে "সুন্দরী মহিলা" বলে সম্বোধন করে আমার নাম জিগেস করল। বুকের মধ্যে ধুপ ধুপ করলেও ইংরাজীতে বেশ সপ্রতিভ ভাবে কথাবার্তা চালিয়ে যেতে পারার জন্যে মনে মনে বেশ গর্ব অনুভব করছিলাম। হঠাৎ মাইক বলল –

"তুমি আমাদের ভেতরে এসে বসতে ইনভাইট করবেনা?" এবার আমার অপ্রস্তুত হবার পালা। আমাকে বাঁচালেন রবার্টসন। মাইকের হাত ধরে টেনে বললেন –

"আঃ মাইক! এই লেডি কে বিরক্ত কোরনা – চলো এখান থেকে।" আরও কিছু বলছিলেন, কিন্তু বাকিটুকু কী বলছেন শোনার জন্যে আমি কী আর সেখানে দাঁড়াই? এক দৌড়ে ঘরে এসে বারান্দার দরজাটা বেশ ভাল ভাবে বন্ধ করে দিলাম।

ঘরে বসে আস্তে আস্তে নিজেকে বোঝালাম, এসব ছোটখাট ঘটনাই তো অভিজ্ঞতার ঝুলি ভরিয়ে তুলবে। ঘাবড়ে যাবার মতো এমন কিছুই তো হয়নি। যাই হোক মিনিট দশেক পরেই বারান্দায় কথাবার্তার আওয়াজ বন্ধ হল, জোর গলায় কয়েক দফা গুড নাইট গুড নাইট শুনে বুঝলাম ওরা চলে গেল। এতক্ষণ নিজের ঘরে কাঠ হয়ে বসেছিলাম – এবার স্বস্তির নিঃশ্বাস ফেললাম। এতক্ষণে ক্ষিদে বোধ হওয়াতে বাহাদুরের ঢাকা দিয়ে রেখে যাওয়া খাবার টেবিলে বসে খেয়ে নিলাম।

ভাবলাম খাওয়ার পর সামনের উঠোনে অফিসের কাগজপত্র নিয়ে একটু বসি, কিন্তু বাগানে ফুলের সমারোহ এবং আকাশে বেশ গোলগাল রুপোর থালার মতো চাঁদ – সব মিলিয়ে মনে হল কোন কাজ না করে চুপচাপ বসে একাকীত্বও বেশ উপভোগ করার মতো জিনিষ। কাগজপত্র না হয় আজকের মতো ব্যাগেই বন্দী থাকুক। উঠোনের একধারে একটি খাটিয়ায় চাদর পাতা। ঢাকা গাড়ি বারান্দা ছেড়ে খোলা আকাশের নীচে ওই খাটিয়ায় গিয়ে বসলাম, এবং কিছুক্ষণ পরে শুয়েও পড়লাম। সব মিলিয়ে পরিবেশটা এত সুন্দর! যারা চিরকাল কলকাতায় মানুষ, তাদের কাছে এ যেন এক রূপকথার রাজ্য আর আমি যেন এক রাজকন্যা। কলকাতার আকাশ ঘোলাটে। এখানকার আকাশ পরিষ্কার তাই অসংখ্য তারা দেখা যাচ্ছে। মনে হচ্ছে মাথার ওপর কেউ যেন জরির সামিয়ানা খটিয়ে দিয়েছে।

সারাদিনের নানা ঘটনা হয়ত আমার স্নায়ুকে ক্লান্ত করে ফেলেছিল। মিষ্টি একটা হাওয়ায় নাম না জানা ফুলের গন্ধ ভেসে আসছে – অদ্ভুত একটা আবেশ। একটু বোধহয় চোখ লেগে গিয়েছিল। তার মধ্যে মনে হল গাড়ি বারান্দার ওপরের ঘরটাতে কে যেন জানলা বন্ধ করছে। আধোঘুমে দেখি – হ্যাঁ, ওপরের ঘরে আলো জ্বলছে এবং একজন মানুষ একটার পর একটা জানলা বন্ধ করছে। জানলাগুলোতে কাঁচ লাগানো, তাই তাকে আমি স্পষ্টই দেখতে পাচ্ছিলাম। শেষের জানলাটা বন্ধ করতে গিয়ে সে আমায় দেখতে পেল। হঠাৎ থমকে গিয়ে সে আমার দিকে তাকালো। ও হরি, এই বোধহয় সেই শরণ - শরণ সিং। শিখ পাঞ্জাবী, কারণ মাথায় পাগড়ি আছে। ছেলেটি হয়তো আমারই বয়সী হবে। সুশ্রী মুখ, হালকা গোঁফ দাড়ি – আর অদ্ভুত কাজলকালো মায়াময় দুটো চোখ। তার চোখ দুটো এত আশ্চর্য যে আমি যেন চোখ ফেরাতে পারলাম না। আমি ভুলে গেলাম যে আমি একজন শিক্ষিতা চাকরি করা আধুনিক ব্রাহ্ম পরিবারের মেয়ে, আর এই ছেলেটি এই বাংলোর একজন সামান্য কেয়ার টেকার।

তাকিয়ে থাকতে থাকতে এই অচেনা ছেলেটির প্রতি অসম্ভব ভালোবাসায় আমার বুকের ভেতরটা ভরে উঠল। সারা গায় কেমন যেন এক শিউরে ওঠা অনুভূতি। সেও সোজা নীচে তাকিয়ে আছে আমার দিকে। মুখে অল্প হাসি। কতক্ষণ এভাবে কাটল জানিনা। দশ সেকেন্ড? দশ মিনিট? ওইটুকু সময় মনে হল আমার সারা জীবনের যত না বলা কথা সব বলা হয়ে গেল – আর সেও যেন সব কথা বুঝে নিল। তার জন্যে আমার বুকের ভেতরটা যে ভালোবাসায় ভরে গেছে – সে যেন জেনে গেল। এই কি প্রেম? আমার একবারও মনে হলোনা – ও যে কে আমি তো তাই জানিনা। বরং মনে হল, ওই দুটো চোখ যেন আমার জন্ম জন্মান্তরের চেনা। দুজনে দুজনের দিকে তাকিয়ে এভাবে কতক্ষণ কাটলো জানিনা – একসময় সে বলল – "অব চলেঁ?" আমার মন যেন কানায় কানায় ভরে আছে। আমি চোখের পলক ফেলে সম্মতি জানালাম, চাদরটা আরো ভালো করে গায়ে টেনে নিলাম। শেষ জানলাটি এবার বন্ধ হয়ে গেল – বন্ধ হওয়ার আগে যেন শুনলাম বলল – "আপ অন্দর যা কে সো যাইয়ে।" তারপর ওপরের ঘরের আলো নিভে গেল।

ও চলে যাবার সঙ্গে সঙ্গে যেন আমার বাইরে থাকার প্রয়োজনও ফুরিয়ে গেল। আমি ঘুম চোখে ঘরে এসে বিছানায় শুয়ে তখনই ঘুমিয়ে পড়লাম। মাঝ রাত নিশ্চয় পেরিয়ে গেছে – একবার যেন কী সব আওয়াজে ঘুমটা একটু পাতলা হয়ে এল। আমার ঘরের জানলাটা কি কেউ খুলে দিয়ে গেল? না তো -। বাইরে কী কোন আওয়াজ? আমি আবার গভীর ঘুমে তলিয়ে গেলাম। এবার ঘুমিয়ে ঘুমিয়ে স্বপ্ন দেখলাম – সেই লালমুখো মাইককে– দাঁত বের করে অসভ্যের মতো আমার দিকে তাকিয়ে হাসছে। বাহাদুরের লাঠির ঠকঠক আওয়াজে ঘুম ভেঙে গেল। গলা শুকিয়ে কাঠ। উঠে জল খেলাম, ঘড়িতে সময় দেখলাম রাত দেড়টা। আমার ঘরের জানলাটা শোবার সময় বন্ধ করিনি – দেখলাম সেটা বন্ধ। বোধহয় বাহাদুর বাইরে থেকে বন্ধ করে দিয়েছে। বাহাদুর না শরণ? শরণ কি এখনও ওপরের ঘরটাতে থাকে? শরণের কথা – ওর চোখ দুটোর কথা – ভাবতে ভাবতে আবার ঘুম এসে গেল।

ভোর বেলা ঘুম ভাঙল – পেছনের বাগানে হৈ চৈ এর শব্দে। গতকাল বিকেলে আমার যা অভিজ্ঞতা হয়েছে– আমি আর দরজা খুলে বাইরে যাইনি। ঘন্টা খানেক পর বাহাদুর চা নিয়ে আমার ঘরের বাইরে থেকে ডাকল। হলঘরে চা খেতে খেতে বাহাদুরের কাছে যা কাহিনী শুনলাম, তাতে তো আমার চক্ষু চড়কগাছ। গতকাল সন্ধ্যা বেলা বাহাদুর তার বাড়ি গিয়ে দেখে যে তার বউ আর ছোট ছেলেটার ধুম জ্বর। বড় ছেলেটার বয়েস পাঁচ বছর – একা বসে কাঁদছে। ডাক্তার বাবুর বাড়ি থেকে দাওয়াই এনে ওদের দিয়ে, তারপর রুটি বানিয়ে অদের খাইয়ে নিজে খেয়ে বাহাদুরের নাকি একটু চোখ লেগে গিয়েছিল। হঠাত শরণের ডাকে ওর ঘুম ভেঙে যায়।

"ব্যাটা তুই ঘরে ঘুমোচ্ছিস আর বাংলোয় দিদিমণি একা রয়েছে। দাঁড়া এবার তোর চাকরি কেমন থাকে দেখবো।"
এই শুনে তো বাহাদুর পড়িমরি করে লাঠি হাতে পাহারা দিতে হাজির।
ভোরবেলা গোয়ালা দুধ দিতে এসে বলল –

"বাহাদুর, তোর বাগানে ঝোপের ধারে এক ব্যাটা সায়েব মদ খেয়ে মুখ থুবড়ে পড়ে আছে।" সেই শুনে বাহাদুর দৌড়ে গিয়ে দেখে মাইক-সায়েব, মদ খেয়ে পড়ে নেই – অজ্ঞান হয়ে পড়ে আছে। সারা গায়ে লাল নীল মারের দাগ, গলায় পাঁচ আঙুলের ছাপ। বাহাদুর তখন তাড়াতাড়ি ওই সাহেবদের মেসে গিয়ে খবর দিয়ে অন্য সাহেবদের ডেকে আনে। তারা এসে জলের ঝাপটা দিয়ে ওর জ্ঞান ফিরিয়ে ধরাধরি করে ওকে তুলে নিয়ে যায়।

বাপ্‌রে এসব কী কান্ড! আমি তখনই ঠিক করলাম এখানে আর নয়। আজই কলকাতার প্রথম ট্রেনেই বাড়ি ফিরে যাবো। চা জলখাবার খেয়ে বাহাদুরকে সব কথা বলতে সে একটু অপ্রস্তুত মুখে চুপ করে থাকলো, তারপর আরও বলল যে শরণ ঠিক সময় ডেকে দেওয়াতে অন্তত রাত দেড়টায় সে এসেছে। সারারাত পাহারা না দিয়ে ঘরে ঘুমিয়ে থাকলে মল্লিক সাহেব ওকে লাথি মেরে দূর করে দিতেন। শরণের কাছে ও কৃতজ্ঞ। আমি বাহাদুরকে জিগেস করলাম –

"তোমার শরণ কি ওপরের ওই ঘরটাতে থাকে?" ও অবাক হয়ে বলল –

"না তো!" আমি মনে মনে হাসলাম। বাহাদুর তো জানেনা, কিন্তু আমি জানি – কাল শরণ ওর পুরনো ঘর দেখতে এসে আমাকে দেখেছে। যাবার আগে আর একবার দেখা হবে কি? হাতে একটু সময় আছে। গোছগাছ সেরে ভাবলাম, একবার মাইকের খবর নিয়ে যাই। ডাক্তার এসেছেন, শুনলাম পুলিশেও খবর দেওয়া হয়েছে। আমাকে দেখে কালকের সেই মিঃ রবার্টসন এগিয়ে এলেন। ওঁকে মাইকের খবর জিগেস করলাম। উনি বললেন –

"জ্ঞান ফিরেছে, তবে গলায় খুব ব্যথা – কষ্ট করে কথা বলছে। আর কী – বদমাইশির শাস্তি হয়েছে।"

আমার সপ্রশ্ন দৃষ্টির উত্তরে উনি বললেন –

"বলতেও খুব লজ্জা পাচ্ছি। কাল রাতে আমরা সব ঘুমিয়ে পড়লে মাইক বাংলোয় গিয়েছিল। তোমার ঘরের জানলা খোলা দেখে ওর বিকৃত মন ভেবে নেয় যে তুমি বুঝি ওর জন্যেই জানলা খুলে রেখেছো। সে জানলা দিয়ে তোমার ঘরে ঢুকেছিল – কিন্তু বাইরে থেকে কে যেন ওর গলা ধরে হিঁচড়ে ওকে বাইরে টেনে আনে। তারপর মুখ চেপে বাংলোর পিছন দিকের বাগানে নিয়ে এসে প্রচন্ড মারে এবং গলা টিপে মেরে ফেলার চেষ্টা করে। সারা রাত ও ওখানেই অজ্ঞান হয়ে পড়েছিল। ভাগ্য ভাল, এ যাত্রা প্রাণে বেঁচেছে। পরের সপ্তাহে দেশে ফিরে যাবে, জাহাজের টিকিট কাটা। লন্ডনে ওর স্ত্রী আর তিনটি ছোট ছোট ছেলেমেয়ে ওর পথ চেয়ে বসে আছে।"

আমি অবাক হয়ে জিগেস করলাম –

"কে এমন কাজ করল, কিছু জানা গেল? মাইক কি লোকটাকে চিনতে পেরেছিল?" রবার্টসন বললেন –

"না লোকটিকে ও চিনতে পারেনি, শুধু বলেছে, He had a turban on।" আমি চমকে উঠলাম। বলতে না চাইলেও মুখ দিয়ে বেরিয়ে গেল –

“পাগড়ি ছিল? তার মানে শরণ? শরণ সিং? কাল ও এখানে ছিল। মাইকের হাত থেকে কাল ওই তাহলে আমাকে বাঁচিয়েছে।" মিঃ রবার্টসন কিছুক্ষণ অবাক হয়ে আমার মুখের দিকে তাকিয়ে থেকে বললেন –

"শরণ সিং? এই বাংলোর আগেকার কেয়ার টেকার? কী বলছো তুমি মিস্? সে তো কত বছর আগে একটা অ্যাক্সিডেন্টে মারা গেছে!"

মারা গেছে? নিজের কানকে বিশ্বাস করতে পারছিলাম না। কাল রাতে ওপরের ঘরে আমি তাহলে কাকে দেখেলাম? কে তাহলে আমাকে মাইকের কাছ থেকে বাঁচালো? কার কাজলকালো চোখের দৃষ্টিতে আমার বুকের মধ্যেটা এমন ওলটপালট হয়ে গেল? আর বাহাদুর? সেও তো … না না সে মারা যায়নি – সে আমাদের আশেপাশেই আছে। শুধু আমি কোনও দিনও তার কাছে যেতে পারবো না। আমার দুচোখ জ্বালা করে চোখে জল এল। চোখের জল লুকোতে আমি দৌড়ে আমার ঘরে চলে এলাম।

আর কখনো শরণের সঙ্গে আমার দেখা হয়নি। তবু শরণ আমার প্রথম প্রেম। শরণ আমাকে ভালোবাসতে শিখিয়েছে।

প্রথম বার একা বাইরে গিয়ে মাইক হ্যামিল্টন সম্পর্কিত এই অভিজ্ঞতার ফলে সে চাকরি করা আর আমার পক্ষে সম্ভব হয়নি। বাড়ির কাছেই একটা মেয়েদের স্কুলে পড়াবার কাজ পেয়েছিলাম। এর আট মাস পরে আমি বিয়ের পিঁড়িতে বসলাম। বাবা, মা, বিশেষ করে মা আমার মনের এই পরিবর্তনে হাঁফ ছেড়ে বাঁচলেন।

নাতনিকে বললাম –
"তোমার দাদুকে বিয়ে করতে কেন রাজি হয়েছিলাম জানো? দেখেছিলাম ওর চোখদুটো – অদ্ভুত মায়াভরা। বুঝেছিলাম এর সঙ্গে আমার মনের মিল হবে। তাই বলছি দিদিভাই, প্রথম প্রেম কী কেউ ভুলতে পারে? আর ভোলার দরকারই বা কী? এখন হয়তো খুব কষ্ট হচ্ছে, কিন্তু পরে দেখবে সেই স্মৃতিতে কোনও বেদনা নেই। একদিন তুমিও হয়তো তোমার প্রথম ভালোলাগার কথা তোমার নাতনিকে গল্প করে বলবে।"
সুদীপ্তা আমার গলা জড়িয়ে ধরে বলল –
"দিদা You are my best friend..." আমি বললাম –
"ভাগ্যিস বিয়ে করেছিলাম, নইলে তোমার মতো এমন Friend আমি পেতাম কোথায়?"

# ফিরে দেখা গ্রীস--দ্বীপে, দ্বীপান্তরে

## গৌর শীল

গ্রীসদেশের তিনদিকে তিনটি সমুদ্র। পশ্চিমে Ionian, পূবদিকে Agean আর দক্ষিণে Mediteranian। মূল ভূখন্ডের আশেপাশে রয়েছে প্রায় ৬০০০ ছোটবড় দ্বীপ। তার মধ্যে দুশোর কিছু বেশীতে জনবসতি আছে। সবথেকে বড় দ্বীপটির নাম Crete। ৮৩৩৬ sq.km আয়তনের এই দ্বীপের জনসংখ্যা ৬৩৬ হাজারের কিছু ওপরে।

বেশ কিছু বছর আগে একবার গ্রীস ঘুরে এসেছিলাম। জার্মানির ফ্রান্কফুর্ট থেকে মোটরগাড়ি ভাড়া করে শুরু হয়েছিল সেবারের ঝটিকা সফর। ইতালিতে পিসা (Leaning Tower ও Baptistry), রোম (Colosseum, St. Peter's Basilica, Trevi Fountain ও Spanish Steps) আর নেপলস (Pompeii-এর ধ্বংসাবশেষ) দেখে পৌঁছেছিলাম Ionian সাগরের তীরে Bari শহরে। ওখানকার বন্দর থেকে Ferry Boat-এ রওনা হলাম গ্রীসের দিকে।

রাত আটটায় Bari-থেকে Boat ছাড়লো। বারো ঘন্টারও বেশী Journey, Ionian Sea-র ওপর দিয়ে। গন্তব্য গ্রীসের উত্তর-পশ্চিমে Igoumenita বন্দর। মাঝে Corfu দ্বীপেও থামবে।

পরের দিন সকালে নটা নাগাদ নির্ধারিত বন্দরে পৌঁছে আমরা আবার গাড়িতে উঠলাম। আবার হাইওয়ে ধরে দৌড়। Igoumenita থেকে Patras হয়ে Athens ৪৭০ কিঃ মিঃ পথ, পাঁচ ঘন্টা পরে সেখানে পৌঁছতে প্রায় বিকেল। তবে সন্ধ্যে হতে তখনও দেরী ছিলো। আমাদের হোটেলটা খুঁজতে গিয়ে রাস্তার ওপরে জাভেদ মিয়াঁর সঙ্গে পরিচয় হোল। বয়সে তরুণ জাভেদ ভাগ্যসন্ধানে পাকিস্তান থেকে এথেন্সে চলে এসেছে। তার সহায়তায় আমরা একটা গ্যারাজে গাড়ি রেখে আমাদের হোটেলে Check-in করলাম।

সেদিন বিকেলে আমরা পায়ে হেঁটে কাছাকাছি Philoppapus Hill-এ উঠেছিলাম সন্ধ্যের একটু আগে, Acropolis-এর সঙ্গে Athens শহরের Panoramic view নিতে। ঘন্টা খানেক পরে ধীরে ধীরে ওপর থেকে নেমে এলাম Socrate's Prison-এর পাশ দিয়ে। তারপর হোটেলে ফেরা। হোটেল থেকে ঠিক করা হোল আমরা পরের দিন একটা Guided ট্যুর নেব।

পরের দিন সকালে Breakfast শেষ করে আমরা রওনা দিলাম ট্যুরবাসে চেপে। প্রথম ষ্টপ ছিলো Syntagma Square। এর মধ্যেই Greek Parliament, আর Tomb of the Unknown Soldier। সেখানে দাঁড়িয়ে Changing of the Guard দেখা হোল। ঐ গার্ডেরাই পাহারা দেয় অজ্ঞাত সৈনিকের সমাধিটি।

এরপর আমাদের বাস স্বনামধন্য Acropolis Hill আর অতুলনীয় Parthenon Temple-এর কাছে নিয়ে গেল। সেখান থেকে সিঁড়ি দিয়ে ওপরে উঠতে হয়। অনবদ্য এই স্থাপত্যশিল্পের সুষমা। তার সঙ্গে এথেন্স শহরের ৩৬০ ডিগ্রী Panorama-টিও ভোলার নয়। বেশ গরম আর চোখ-ধাঁধানো রোদের তেজ। এই টিলার মাথায় কোথাও ছায়া নেই। লেমনেড় ও জ্যুস বিক্রি হচ্ছে তেষ্টা মেটাতে। দাম চড়া হলেও চাহিদার কমতি নেই।



Parthenon Temple, Greece

Parthenon-এর পরে Acropolis-এর নীচে দক্ষিনদিকের ঢালু জমির ওপরে তৈরী Acropolis Museum-এ নিয়ে গেল আমাদের গাইড়। খুবই সুন্দর ও উপভোগ্য এই Museum-টি, এবং এর মোটামুটি সুলভ দামের Cafeteria-থেকে বাইরের দৃশ্যটিও চমৎকার। এখানে আমরা কিছু খেয়ে নিলাম চটজলদি। ট্যুরের তখনও কিছু বাকি ছিল, কিন্তু আমরা এখান থেকে Metro ধরে ফিরে এলাম হোটেলে। একটু বিশ্রাম নিয়ে বেরনো হলো Temple of Poseidon-এ Sunset দেখতে। এক ঘন্টার কিছু বেশি লাগলো Highway ধরে পৌঁছতে।

জায়গাটার নাম Cape Sounio, Attica peninsula-র একেবারে দক্ষিণপ্রান্তে, সমুদ্রতীরে। দর্শকদের সম্মোহিত করে তপনদেব অস্ত গেলেন Aegean সাগরে, কমলারঙের ছটায় Pseidon Temple কে রাঙিয়ে দিয়ে। অবিস্মরণীয় অভিজ্ঞতা! বিস্ময়ের ঘোর কাটলে আমরা আবার এথেন্সে ফিরে এলাম। পরের দিন আমাদের Ancient Delphi দেখার Plan ছিলো।

গ্রীসের UNESCO-স্বীকৃত বিশেষ দর্শনীয় স্থানগুলির অন্যতম Ancient Delphi complex-এর Temple of Apollo এবং Sanctuary of Athena Pronaia। প্রাচীন গ্রীসে এই Delphi মেধা ও ধর্মের কেন্দ্র হিসাবে বিখ্যাত ছিলো। এখানকার Stadium-টিও উল্লেখযোগ্য - এখানে Panhellenic Games-এর অনুষ্ঠান হতো চার বছর অন্তর, যার থেকে পরে আধুনিক Olympics Games-এর সূচনা হয়। Delphi-ই ছিলো গ্রীস সফরের শেষ ধাপ। এর পর আবার Patras হয়ে Igoumenita আর সেখান থেকে Ferry Boat-এ ইতালী।

আগের বারে গ্রীস সফরের বাহন ছিলো মোটরগাড়ি। এবারে তার জায়গায় Celebrity Constellation-এর ১২তলা Cruise-ship। Venice-এর অনতিদূরে Ravenna শহরের জাহাজঘাট থেকে এই বিশাল জলযানটি যাত্রা শুরু করলো। দশদিন ধরে এই প্রমোদতরী গ্রীস ও তার আশেপাশের কয়েকটি জায়গা পরিক্রমা করবে, মূলতঃ কয়েকটি দ্বীপে।

আমরা জাহাজে উঠেছিলাম দুপুর বারোটা নাগাদ, তখনো আমাদের থাকার ঘর পরিস্কার হয়নি। সেটা অবশ্য কোনও সমস্যা নয়, আমরা Hand Luggage আর Backpack-দুটো Cabin-এ ঢুকিয়ে দিয়ে দশতলার Oceanview Cafe-তে লাঞ্চ খেতে গেলাম। ভাত, ডাল, স্যালাড, চিকেন ইত্যাদি দিয়ে প্রায় দেশী মেনু (মাছও ছিলো--তেলাপিয়া Fillet), তারপর Pastry ও চা। পেষ্ট্রী সবটা খাইনি ইচ্ছে করেই - taste করার জন্যেই নেওয়া।

লাঞ্চ খেয়ে Cabin-এ এলাম, ততক্ষণে ঘর তৈরী হয়ে গেছে। জাহাজ ছাড়তে ঘন্টা চারেক দেরী আছে। আজ সকাল থেকে বেশ তাড়াহুড়ো করতে হয়েছে, তাই খাওয়ার পরে একটু দিবানিদ্রা দিলাম ঘন্টা খানেক। তারপর জল খেতে গিয়ে আবিষ্কার করলাম যে ঘরে যে দু বোতল জল রাখা আছে টেবিলের ওপরে সেগুলো Free নয় - ফেল কড়ি মাখো তেল!

এর পরে চারতলার Booking counter-এ গিয়ে খানদুই Excursion-এর টিকিট কাটা। আমরা অটোয়া থেকেও দুটো Excursion অগ্রিম রিসার্ভ করে এসেছি, তবে সে দুটো অন্য কোম্পানীর মাধ্যমে, এই Celebrity Cruise-এর নয়। সব মিলিয়ে চারটে Excursion ঠিক করা হোল তখন অবধি।

জাহাজ ছাড়লো সময়মতো। প্রায় ৪০ ঘন্টা টানা চলবে Ionian সাগরে। তারপর গ্রীসের Olympia (Katakolon)-য় থামবে। আমরা রাতে ঘুমোতে যাওয়ার আগে ঘড়ির সময় এক ঘন্টা এগিয়ে নিলাম গ্রীসের সময়ের সঙ্গে তাল রাখতে।

Katakolon বন্দরে জাহাজ পৌঁছালো সকাল আটটা নাগাদ। ইতিমধ্যে আমরা Breakfast (omelette, croissant, hash brown, fruit, tea) শেষ করে তৈরি হয়ে নিয়েছিলাম। তারপর জাহাজের বড় Theatre-এ গিয়ে অপেক্ষা করছিলাম নির্দেশমতো। আমাদের Excursion group-এর নম্বর (৩২) ডাকা হলে Gangway দিয়ে হেঁটে সদলবলে জাহাজের বাইরে পদার্পন করে দাঁড়ালাম। আমাদের Guide সেখানেই ছিলো ৩২ নম্বর placard নিয়ে। সে দেখিয়ে দিলো কোন Bus-এ উঠতে হবে।

বাস ছাড়লো নটার সময়। ঝকঝকে দিন, উজ্বল রাস্তাঘাট। ৪৫-মিনিট চলার পর বাস নিয়ে এলো Olympia শহরে। এখান থেকে আমাদের পায়ে-হাঁটা ট্যুর শুরু প্রত্নতাত্বিক দ্রষ্টব্যগুলোর দিকে। একে একে দেখা হোল Temple of Zeus, Temple of Hera, Philippeion Shrine (এটি উৎসর্গ হয়েছে স্বনামধন্য Alexander-এর পিতা Macedonia-র Philip II নামে) ও আধুনিক Olympic Games-এর পীঠস্থানটি। জার্মানী তথা অন্যান্য দেশের পুরাতত্ববিদরা ১৮৭৫ খ্রীষ্টাব্দে এগুলি খুঁড়ে পুনরাবিষ্কার করে ভূগর্ভের তলা থেকে।

এর পর স্থানীয় Tourist Club-এ ব্যবস্থা ছিলো Snacks ও Wine পরিষেবা, সঙ্গে Greek লোকনৃত্য পরিবেশন। এই নাচের অনুষ্ঠানে দর্শকদেরও আমন্ত্রণ ছিল। নাচ চলেছিলো ঘন্টাখানেক, Floor এবং টেবিলের ওপরেও কখনও কখনও, এবং শেষে মেঝেতে আছড়ে আছড়ে প্লেট ভাঙা! এরপরে বাসে উঠে Olimpia টাউনে এসে আধ ঘন্টা সময় পাওয়া গেল Souvenir কেনাকাটা করতে। আমরা Magnet, Postcard ইত্যাদি কয়েকটা ছোটখাট জিনিষ কিনলাম। তারপর আবার বাসযাত্রা। বাইরে ৩৭ ডিগ্রী তাপমাত্রা, ভেতরে A.C. চলছিলো। মিনিট পঞ্চাশ পরে বাস পৌঁছে গেল জাহাজঘাটে যেখানে Celebrity Constellation নোঙর করে আছে। তখন বেলা প্রায় দুটো। বিকেল চারটেয় অতিকায় জলযানটি Katacolon ছেড়ে রওনা হোল। সারারাত চলার পর সকাল আটটায় Piraeus-বন্দরে থামল এসে, এথেন্স থেকে দশ কিঃ মিঃ দক্ষিনপশ্চিমে। আমরা এথেন্সের প্রধান দর্শনীয় স্থানগুলি দেখেছি আগেরবার Guided Tour নিয়ে, তাই এবার Hop-on Hop-off Bus-এ চেপে সংক্ষেপে ঘুরে দেখার পরিকল্পনা। সকাল সাড়ে আটটায় জাহাজ থেকে নেমে অদূরে দাঁড়িয়ে থাকা হপ্-অন্ হপ্-অফ্ বাসে উঠে বসা গেল দোতলায়। বাস ছাড়লো মিনিট পনের বাদে। প্রায় আধঘন্টা লাগলো সমুদ্রের পাশ দিয়ে গিয়ে Piraeus শহর ছাড়িয়ে আসতে, প্রচুর যানবাহন ছিলো রাস্তায়। তারপর Highway ধরে বাস এথেন্সের Downtown-এ পৌঁছালো।

শহরের মধ্যে ঘুরতে হলে অন্য Route-এর বাস নিতে হবে এবার, তাই আমরা নেমে এলাম এই বাস থেকে। মিনিট পনেরো পরে এথেন্স Route-এর বাস এলে তাতে উঠে বসা গেল। বাস চলতে লাগলো Syntagma Square, Acropolis and Parthenon, Temple of Zeus, National Gallery এইসব জায়গার সামনে দিয়ে। বাসযাত্রীরা নেমে গেল তাদের ইচ্ছেমতো বিভিন্ন স্টপে, আমরা গ্যাঁট হয়ে বসে ছবি তুললাম কিছু। ক্রমশঃ গরম বাড়তে লাগলো, বাসের দোতলায় বসে থাকার আরাম রইলো না। আমরা একতলায় নেমে এলাম AC-র আরামে।

কয়েকটা ষ্টপ ছেড়ে আমরা নামলাম National Archaeological Musium-এ। এটি গ্রীসের সবথেকে বড় Archaelogical Museum তো বটেই, গ্রীক শিল্পকলার সংগ্রহে পৃথিবীর অন্যতম প্রধান বলেও গণ্য। এর Prehistoric Collection বিভাগটির তিনটি অংশ আছে, ৬৮০০ খৃঃ পূঃ থেকে ১৭০০ খৃষ্টাব্দ অবধি সময়ের নানা অপরূপ সামগ্রীর পশরা সাজিয়ে। The Mask of Agamemnon (১৫৫০-১৫০০ খৃঃ পূঃ) সোনার মুখোশটি সেখানেই দেখা গেল।



Greece Museum-এ বিখ্যাত সোনার মুখোশ

Museum-এর চারটি বিভাগের মূল সংগ্রহগুলোতে চোখ বোলাতে দু ঘন্টা লাগলো। আমরা ওখান থেকে বেরিয়ে কিছু খেয়ে নিলাম। অসহনীয় গরমের মধ্যে ঘোরাঘুরি বেশ কষ্টসাধ্য। অতএব এখানেই এথেন্স পরিক্রমা শেষ করে ফিরতি বাসে উঠলাম আমরা এবং ঘন্টাখানেক পরে Piraeus রুটের বাসে উঠে জাহাজে ফিরে এলাম।

সন্ধ্যে সাতটায় বিরাটবপু প্রমোদতরী Piraeus ছেড়ে রওনা হোল। পরের দিন সকাল নটায় থামলো তুরস্কের Ephesus-এ। এখানে আগেই আসা হয়েছে অন্য একটা Cruise-এ, তাই এবার কোনও Excursion-এ যাওয়া থেকে বিরতি--দিনটা মোটামুটি ধীরেসুস্থে কাটানোর পরিকল্পনা। সেইমতো সকাল সাড়ে নটা নাগাদ জাহাজ থেকে বেরিয়ে বাইরে অল্প-খরচে খানিকক্ষণ Internet-এ E-mail দেখা। তারপর Duty-free দোকান থেকে কিছু কেনাকাটা করে ফিরে আসা। বাকি সময় জাহাজেই কাটলো ঢিমেতালে। নটার সময় রাতের খাওয়া, তখন জলযান রওনা হোল পরের গন্তব্যস্থান, গ্রীসের Mykonos দ্বীপ অভিমুখে।

Mykonos, Aegean সাগরে Cyclade দ্বীপপুঞ্জের একটি, আয়তনে মাঝারি (৮৬ sq. km.), লোকসংখ্যা ১১ হাজারের কাছাকাছি। এর একটা ডাকনাম আছে "The Island of the Winds"-- প্রায়ই জোরালো হাওয়া বয়ে যায় এর ওপর দিয়ে। চারদিকে তাকালে চোখে পড়বে ইতস্ততঃ দাঁড়িয়ে থাকা একাধিক Windmill। ঘরবাড়ি সব চুনকাম করা ধবধবে সাদা, চার্চের মাথায় অধুনা নীল রঙের ডোমও থাকে।

এখানকার Port Cruise-ship এর জন্য যথেষ্ট বড় নয়, তাই আমাদের জলযান নোঙর ফেলেছিল একটু দূরে। এখানে Excursion Booking করা ছিলো, তাই আমরা তৈরী হয়ে অপেক্ষা করছিলাম থিয়েটারে যথারীতি। সাড়ে-আটটায় আমদের ডাক এলো, তখন আমরা Gangway ধরে হেঁটে জাহাজের গায়ে লাগানো ছোটো Tender-boat-এ উঠলাম। মিনিট পনের বাদে যাত্রীবোঝাই Tender-boat রওনা দিলো অদূরবর্তী Mykonos দ্বীপের দিকে। দশ মিনিট বাদেই আমরা পৌঁছে গেলাম। Boat থেকে নেমে ট্যুরগাইডের সঙ্গে প্রায় মিনিট পনের হেঁটে বাসে উঠলাম আমরা। কয়েক মিনিট বাদে ছেড়ে দিলো বাস। আঁকাবাঁকা রাস্তা ধরে আমরা এলাম Ano Mera Village-এ। এখানে একটা Photo তোলার বিরতি। চারদিকে চোখ-ধাঁধানো সাদা রঙের বাড়ী, দরজা-জানলার রঙ গাঢ় নীল। চার্চের রঙও শ্বেতশুভ্র, মাথায় নীলরঙা গোল ছাদ। আমরা প্রথমে গেলাম একটা ছোট রেস্তোঁরায়। সেখানে Local Snack-এর সঙ্গে গ্রীসের সুপরিচিত Uzo পরিবেশন করা হোল। এখানে প্রায় ৪৫ মিনিট কাটিয়ে আবার পরিক্রমা।

Ano Mera Village-এ Panagia Tourliani Monastery এক বিশেষ আকর্ষণ। আয়তনে তত বড় না হলেও এই সৌধটির বাইরের স্থাপত্য এবং ভেতরের কাঠের খোদাই করা বাইবেলের দৃশ্যগুলি মনোরম। আমরা প্রায় আধ ঘন্টা ধরে উপভোগ করলাম সেই শান্তসুন্দর সুষমা। এছাড়াও Mykonos বিখ্যাত "Manhattan of the

Aegean" নামে, তার অসাধারন সমুদ্রসৈকত ও বিলাসবহুল আবাসন তথা জমজমাট Party scene–এর বৈচিত্রে। সে দিকে মন দেবার সময় ও উৎসাহ কোনোটাই ছিলো না, তাই এ যাত্রায় জলযানে ফিরে আসা।

Mykonos থেকে সন্ধ্যে সাতটায় ছেড়ে বারো ঘন্টা পরে জাহাজ Santorini দ্বীপের কাছে জলের মধ্যে নোঙর করলো। এখানে আমাদের একটা ট্যুর অগ্রিম ঠিক করা ছিল কাছাকাছি একটা আগ্নেয়গিরি ও উষ্ণ প্রস্রবণ দেখার জন্য। ট্যুর শুরু হবে বেলা এগারটায়। আমরা Breakfast করে তৈরী হলাম টেন্ডার-বোটে ওঠার উদ্দেশে বেলা নটা নাগাদ। উঠে বসার পর কিছুক্ষণের মধ্যে বোট ছাড়লো পোর্টের দিকে। পনের মিনিট লাগলো Santorini পৌঁছতে। আমরা ডাঙায় উঠে হেঁটে পোর্টের অন্য প্রান্তে গিয়ে আমাদের টিকিট সংগ্রহ করলাম। তখনো কিছুটা সময় ছিলো – আমরা কয়েকটা Souvenir Shop ঘুরে ঘুরে দেখলাম, তারপর ফিরে গিয়ে লাইন দিলাম ট্যুরবোটে উঠতে। বেশ লম্বা লাইন।

এগারোটায় বোট ছাড়লো। নিয়ে এলো Nea Kameni Island নামে একটা ছোট আগ্নেয় দ্বীপে। এখানে মাথাপিছু পাঁচ ইউরো দর্শনী দিয়ে হাঁটা শুরু হোল পাথুরে পাহাড়ি পথে। গাইডের কাছে জানা গেল এই পথটাই আগ্নেয়গিরির Crater-এর একাংশ, এর পরিধি প্রায় দু কিঃ মিঃ। তবে মুখ্য আগ্নেয়গিরিটা Santoroni উপসাগরের জলের তলায়, অতএব অদৃশ্য। মোট চারটে Viewpoint আছে ঐ বৃত্তাকার পথে, আমরা দুটি অবধি গিয়ে থামলাম। গরমে ওপরের দিকে হাঁটা আরও কঠিন হবে ক্রমশঃ, তাই আমরা U-turn করে নেমে এসে বোটে ফিরে এলাম। বোটের মধ্যে বসে ঠান্ডা লেমনেড় পান করে তেষ্টা মিটানো গেল।

বোট ছাড়লো আধ ঘন্টা বাদে উষ্ণ প্রস্রবনের দিকে। মিনিট কুড়ি পর এসে থামলো একটা জায়গায়। সামনে তাকিয়ে দেখি জলের রঙ খয়েরী, তার মধ্যে বুদ্বুদ উঠছে অবিরাম। অর্থাৎ গরম জলের ফোয়ারাটি জলের তলায়। এখানে সাঁতার কাটার সুযোগ নিতে যারা তৈরী হয়ে এসেছিলো তারা জলে নেমে খুব হুল্লোড় করলো ত্রিশ-চল্লিশ মিনিট। তারপর ফিরে এল বোটে তোয়ালে দিয়ে গা-মাথা মুছতে মুছতে। তখন মাইকে ঘোষণা করা হোল যে আমাদের কাছাকাছি একটা জায়গায় নিয়ে যাওয়া হবে Lunch খেতে (নিজের খরচে)। অতএব আমরা গেলাম, দেখলাম এবং Chicken Zyro Sandwich & Peach Smoothie দিয়ে লাঞ্চ সারলাম। তারপর ঘন্টা দেড়েক পরে Boat Santorini-র Fira পোর্টে ফিরলো, বেলা সাড়ে চারটেয়।

হাতে কয়েক ঘন্টা সময় ছিল, তাই ঠিক হল ১৫ কিঃ মিঃ দূরে Oia village-এ যাওয়া যাক, ওখানকার বিখাত Blue-domed গীর্জাগুলি দর্শন করতে। খোঁজ নিয়ে জানা গেল ওখানে যেতে আমাদের Fira শহরে যেতে হবে ২৫০ মিটার ওপরে, সেখানে Bus station থেকে বাস ছাড়ে এক ঘন্টা অন্তর। আমরা তাড়াতাড়ি একটা Cable car-এ চেপে ওপরে উঠলাম, তারপর দুপাশের সারি সারি দোকানের সামনে দিয়ে মিনিট পনের হেঁটে বাস ষ্টেশনে পৌঁছলাম। টিকিট কেটে বাসে উঠে বসা গেল। কিছুক্ষণ পরে বাস চললো Oia-র দিকে। শহরের বাইরে যেতেই বড় বড় কয়েকটা Resort Hotel। প্রায় ৩০ মিনিট পরে বাস Oia village-এ পৌঁছালো, আমরা নীল ছাদ-ওয়ালা একটা চার্চের ছবি দেখিয়ে বাসচালককে বললাম কাছাকাছি নামিয়ে দিতে। তারপর রাস্তায় নেমে খোঁজ নিতে নিতে দুটো নীল গোলাকার গম্বুজওয়ালা গির্জার দর্শন পেলাম ঢালু রাস্তার কিনারে। চোখ-ধাঁধানো শুভ্র দীপ্তি নিয়ে তারা দাঁড়িয়ে আছে। কিছু দর্শক ছবি তুলছে আশেপাশে। আমরা তাদের সাথে যোগ দিলাম কিছু পরে। এর পর ফিরে আসা উলটো পথ ধরে – অর্থাৎ বাস, তারপর হাঁটা, লাইনে দাঁড়িয়ে Cable Car ধরে নেমে আসা Fira পোর্টে। সেখান থেকে টেন্ডার বোটে জাহাজে ফেরা। সে রাতে জাহাজ ছাড়লো রাত দশটায়, Crete দ্বীপের দিকে।

পরের দিন সকাল ৭টায় Crete-এর Chania পোর্টে পোঁছলাম। এখানে Excursion ছিল না অগ্রিম। গতকালের Excursion-এ খুব ছুটোছুটি গেছে। আমরা Breakfast সেরে ধীরেসুস্থে জাহাজ থেকে নামলাম, তারপর একটা Shuttle বাসে চেপে চলে এলাম শহরের Old Market অঞ্চলে। এখানে Crete ঘুরে দেখার Tour পাওয়া যাচ্ছিল তবে সেগুলো সুবিধামতো মনে হয়নি। তখন আমরা ওখান থেকে কাছাকাছি একটা Cafe-তে গিয়ে দু কাপ Caffe-latte নিয়ে বসে গেলাম। Free Wifi ছিলো সেখানে। তারপর ঘন্টা খানেক পরে আবার Shuttle

বাস ধরে ফিরে এলাম আমাদের জাহাজে। দুপুরে লাঞ্চের পরে আবার শহরে যাবার পরিকল্পনা বাদ দেওয়া হোলো। বাকি দিনটা কাটলো জাহাজের মধ্যে। বেলা চারটেয় ছাড়লো জাহাজ, আবার আর একটা দ্বীপের দিকে।



## Dining at the “Wild Grouse”

**Subhalakshmi Basu Ray**

While exploring little known regions in East Europe, through the course of our travels, we have stopped for meals at multiple establishments. None quite so satisfying as in a restaurant in a nondescript town, split by an international border!

On the Estonian half of the twin town of Valga/Valka, a stone’s throw away from the border, set in a leafy garden, is a handsome manor house. It was built in 1912 to serve as a school. Reinventing itself after renovation in 2005, “The Metsis” or “wild grouse” in Estonian, is now a mid-range hotel, offering eighteen decently appointed rooms, some with ensuite saunas.

The only restaurant in the hotel replicates the interior of an old hunting lodge. A cavernous fireplace dominates the room, with animal skins and other hunting trophies mounted on its exposed brick walls, exuding an earthy charm. The menu features game meat: wild boar, venison, grouse, among other offerings. Till recent years, the hotel had organized hunting excursions to the surrounding forests. Recreational hunting and foraging for mushrooms and wild berries have been popular in this region, since times immemorial.

Portions served at the Metsis are generous and artfully presented. The side order of mashed potatoes which came with my entrée, when we visited, looked so realistically like a poached pear, that it had me fooled!



Dense rye bread and black tea, sometimes sweetened with local honey, usually accompany meals. When the weather permits, guests can enjoy alfresco dining on a paved terrace, in the secluded rear garden of the hotel.

We stopped for a late lunch, without reservation, on our road trip from Riga, the Latvian capital, to the Estonian university town of Tartu. It took a while for our meals to be served. It didn't help that except for the manager, the staff only spoke Estonian. However, a much-handled English menu was produced upon request and when our order finally arrived, it was a veritable feast for the senses!

Unfortunately, we were on a tight schedule and there was no time to explore the little town. Knowing what I now know about the history of the region, I regret not taking the short walk down the street where the hotel is located, to a memorial honouring a fallen hero of the Estonian War of Independence, Lt Julius Kuperjanov. The pivotal battle of Paju was fought and won, some 6 km north west of Valga, by Estonian freedom fighters under the command of this charismatic, 24-year-old teacher turned soldier.

Founded by German settlers in the 13th century, Walk. as Valga / Valka was originally called, was a sleepy, provincial town for much of its history. After the declaration of independence by Latvia and Estonia in 1919, the freshly minted nations needed international borders to be drawn. Walk was split in two in the process, resulting in the twin towns of Valga / Valka.

Valga has been growing at a steady pace, since the dissolution of the USSR and the restoration of Estonian independence. Despite the lack of major tourist attractions, it is a popular transit hub, largely due to an excellent network of roads which connects it to key Baltic destinations. For travelers on a road trip from Riga to Tallinn for instance, it is a convenient pit stop for a satisfying meal or even a comfortable overnight stay. And Metsis Hotel with its characterful restaurant, named for the wild grouse, is easily the best watering hole in Valga / Valka, as per the reviews on Tripadvisor.

# প্রবাসে বাঙালি মেয়েদের সাজ-পোষাকের বিবর্তন - আমার দেখা

## ঝর্ণা চ্যাটার্জী

সাড়ে পাঁচ দশকেরও বেশি দিন আগে ক্যানাডার মাটি প্রথম ছুঁয়েছিলাম। তখন শাড়ি ছাড়া আর কিছু পরার কথা ঘুণাক্ষরেও চিন্তা করতে পারিনি। কোনও কোনও হিতৈষীর অনুরোধ সত্ত্বেও না। উইনিপেগের দুর্জয়

শীতে প্রতিদিন কাঁপতে কাঁপতে ইউনিভার্সিটিতে যাতায়াতের কষ্ট হওয়া সত্ত্বেও না। দেশ থেকে আনা মাত্র কয়েকখানা সিল্কের শাড়ি সম্বল ছিল, সেই জন্য বাসে করে গিয়ে "ইটন"স থেকে মিটার হিসাবে সিন্থেটিক কাপড় কিনে এনে তাই দিয়ে শাড়ি বানিয়ে পরতাম। ভাগ্যক্রমে শায়া-ব্লাউজ নিজে তৈরী করতে পারতাম। সেই ছাত্রী জীবনে সেলাইএর মেশিন ছিল না, দেশী জামাকাপড়ের দোকানও ছিল না, তাই হাতেই সেলাই করতাম। তবু শাড়ি পরা চাই-ই চাই।

তার তিন চার বছর পরে সংসার শুরু করলাম। তখনও বয়স কম, "পারিব না এ কথাটি" মনে স্থান দিতাম না খুব একটা। কাজেই চিরাচরিত শাড়ি পরা অব্যাহত রইল। ঘরে, বাইরে, বাগানে, পার্কে, বীচে। একদিন বাগানের কাজের পরে ঘরে এসে আবিষ্কার করলাম একটা কিলবিলে পোকা 'হিচ-হাইক' করে চলে এসেছে আমার শাড়িতে ভর করে। আঁতকে উঠে ঠিক করলাম ঐ পোষাকে আর বাগানের কাজ করব না। বীচে আমার দিকে লোকে একটু অবাক হয়ে তাকিয়ে থাকত -শাড়ি পরা, নতুন বিয়ের পরে সিঁথিতে সিঁদুর, আর পিঠে লম্বা বিনুনী। ওদের কাছে বিচিত্র মনে হওয়া স্বাভাবিক। তবু...সুইম স্যুট পরার কথা চিন্তাও করতে পারতাম না।

কিন্তু অন্য রকমের পরিস্থিতি হোল যখন মা হলাম। বাচ্চা কোলে, পার্স সামলে, ডায়াপার ব্যাগ সামলে, বাস নিয়ে ডাক্তারের কাছে যাতায়াত করতে বাধ্য হতাম - শখের বেড়ানো নয়। তখন এর ওপরে শাড়ি সামলানো বড্ড বেশি হয়ে যেত। সেই শুরু, অনিচ্ছাতে প্যান্টস আর টপ পরা। তবে একটা 'আঁচল' জাতীয় কিছু থাকত, এখনও থাকে। ভেতো বাঙ্গালি! 'বড়' হওয়ার পর থেকে সারা জীবনের সঙ্কোচ আর অভ্যাস যাবে কোথায়?

ইউনিভার্সিটি জীবনের পরে কাজ শুরু করলাম যখন, তখন আবার প্যান্ট-স্যুট বা লম্বা স্কার্টের সাথে মানানসই জ্যাকেট – এই অফিশিয়াল পোষাক শুরু হোল। তবুও সব সময়ে পা পর্যন্ত ঢাকা 'মডেস্ট' পোষাক। বন্ধুদের সাথে ইনফর্মাল পরিস্থিতিতে কখনও কখনও সালওয়ার-কুর্তা-ওড়না। সামাজিক উপলক্ষ্যে অবশ্যই শাড়ি পরতাম সবাই - সব চেয়ে আরামের, সুন্দর ও প্রিয় পোষাক। পরে আমার দুই প্রধান কর্মক্ষেত্রেই আমাকে উচ্চতম ম্যানেজাররা শাড়ি পরে অফিসে যেতে অনুরোধ করেছিলেন, পার্টিতে দু'একবার আমাকে শাড়ি পরতে দেখে। গরমের দিনে পরমানন্দে শাড়ি পরতাম তাই। দু'একজন বিরূপ মন্তব্য করত – তাদের মতে ওটা 'অফিশিয়াল' পোষাক নয়। আবার "You look like a million dollar, you look gorgeous" – এমন প্রশংসাও শুনেছি। এখন অবসর-জীবনে পার্টিতে আর পূজো বা অন্য উৎসবে-অনুষ্ঠানে শাড়ি পরি, আবহাওয়া অনুকূল থাকলে বিদেশী বন্ধুদের সাথে রেস্টোর‍্যান্টে গেলেও শাড়ি পরতে চেষ্টা করি – দেশী-বিদেশী নির্বিশেষে সব লোকের মন্তব্য থেকে জানি সবার চোখেই ভাল লাগে, আর আমার নিজের তো ভাল লাগেই।

কিন্তু বাড়ির বাইরে, দেশে-বিদেশে সমুদ্রে-পাহাড়ে-বনে-জংগলে-প্রাচীন দুর্গম দুর্গ বা প্রাসাদে এবং নৌকো, গাড়ি, বাস থেকে শুরু করে ট্রেনে, গন্ডোলা বা কেবল্-কারে ঘুরে বেড়াবার সময়ে প্র্যাকটিকালিটির স্থান সর্বোচ্চে। তখন প্যান্ট, টপ, হ্যাট, নিরাপদে হাঁটার উপযোগী ঢাকা জুতো – এই সব না পরলে উঁচু নীচু পথে-ঘাটে, সিঁড়িতে, এসকেলেটরে, চড়াই-উৎরাইতে, জলে-কাদায়, নুড়ি পাথর বিছানো চলতি পথে, ঝড়-বৃষ্টি বা বরফে নানা বিরূপ আবহাওয়া আর পরিস্থিতিতে সত্যিই যথেষ্ট অসুবিধে হয়। বিশেষ করে পিঠে অতিপ্রয়োজনের ব্যাকপাক নিয়ে। তাতে এমন কিছু নেই যা পাবে না – এমারজেন্সীর জন্য ওষুধ-পত্র, যেমন টাইলিনল, একটা-দুটো ব্যান্ড-এইড,

আর পলিস্পোরিন থেকে শুরু করে জল, আই-প্যাড, চার্জার, একটা গ্র্যানোলা বার, প্রয়োজনীয় কাগজপত্র, টাকা-পয়সা, উইন্ড-ব্রেকার, ছোট্ট ছাতা, কাগজ-কলম-পেন্সিল, একটা ছোট্ট চিরুনী, হয়তো-বা একটা লিপস্টিক।

আজকাল আমাদের প্রবাসী সমাজে আরও নানা ধরণের পোষাকের প্রচলন হয়েছে, যেমন পালাজো আর টপ, বা ঘাঘরা-চোলি। আমাদের দেশের অনেক প্রাপ্তবয়স্ক মেয়েরাও আজকাল এদেশের মেয়েদের মতই ড্রেস পরে, গোড়ালি পর্যন্ত লম্বা স্কার্টের বদলে হাঁটুর কাছাকাছি লম্বা স্কার্ট পরে। কেউ কেউ শর্টসও পরে। এখানে যে সব মেয়ে জন্মেছে, বড় হয়েছে তাদের তো কথাই নেই – তারা এদেশের মেয়েদের মত পোষাক পরতেই অভ্যস্ত, তাদের কাছে শাড়ি হোল 'মা-মাসিদের' পোষাক, অথবা ভারতীয় বিয়েতে কিংবা পূজো বাড়িতে পরে যাবার জন্য 'পোশাকী' পোষাক। উৎসবে বা বিশেষ অনুষ্ঠানে আমাদের বিদেশিনী বধূরাও অনেকেই ভারতীয় পোষাক পরে – শাড়ি বা সালোয়ার-কুর্তা।

একটু অপ্রাসঙ্গিক হলেও একটা খবর লিখতে ইচ্ছে করছে – দিল্লীতে জি-২০ সম্মেলনে জাপানের প্রধান মন্ত্রীর স্ত্রী শাড়ি পরে গিয়েছিলেন। দেখে চোখ জুড়িয়ে গেল। "যস্মিন দেশে যদাচার"! তবে ভারতের রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু হয়তো জাপানে গিয়ে কিমোনো পরবেন না।

"From Japanese Prime Minister Fumio Kishida's wife Yuko Kishida to IMF chief Kristalina Georgieva, several top foreign dignitaries donned traditional Indian ensembles at the G-20 Dinner hosted by President Droupadi Murmu on Saturday night. For the special occasion, all guests were dressed to the nines. Many opted to embrace Indian fashion in special ways.
IMF Chief Georgieva arrived at Bharat Mandapa, Delhi for the G-20 Dinner in a purple ethnic suit that she paired with a golden dupatta." (Internet)

আর একটা মজা হোল যে আজ থেকে ৩০-৪০ বছর আগে বাঙালিদের পিকনিকে অধিকাংশ বয়স্ক মেয়েরা শাড়ি পরেই যেত, কিন্তু এখন ১০০-১৫০ জন মহিলার মধ্যে একজন বা বড় জোর দুজনকে শাড়ি পরে পিকনিকে যেতে দেখা যায়। পরিবর্তন এসেছে অলক্ষ্যে। ব্যক্তিস্বাধীনতার প্রাধান্য, সুবিধা আর আরামের জয় হয়েছে।

এই প্রসঙ্গে আর একটা কথা মনে হোল। চলতি কথায় বলে "আপ রুচি খানা, পর রুচি পরনা" – কথাটা কি সত্যি? আমার কিন্তু মনে হয় আমরা সকলেই নিজেদের পছন্দ অনুযায়ী, স্বাচ্ছন্দ্য অনুযায়ী সাজ-পোষাক করি। শুধু শাড়ি বা অন্য কিছু পরা নিয়েই নয়, কি রঙের পোষাক পরব, চুল লম্বা না ছোট রাখব, চুলে রঙ করব কি করব না – খুঁটিনাটি এই সব কিন্তু আমরা নিজদের পছন্দ ও রুচি অনুযায়ী করে থাকি। তার সাথে সাধারণতঃ 'দেশ-কাল-পাত্র' বিবেচনাটাও থাকে। আয়নায় নিজেকে দেখে যদি স্বাভাবিক 'আমি' বলে না মনে হয়, নিজের চোখ যদি সমর্থন না করে, তবে অধিকাংশ ক্ষেত্রে আমরা সেরকম সাজ-পোষাক করতে চাই না। একটা সময় ছিল যখন সমাজের অনুশাসন মেনে কুমারী, সধবা আর বিধবা মেয়েদের সাজ-পোষাক এবং আরও অনেক কিছু নির্ধারিত হোত। আজকের জগতে, সৌভাগ্যবশতঃ সেই সব অনুশাসন থেকে মেয়েরা মুক্তি পেয়েছে। কেমন ভাবে বাঁচবে, কি খাবে, কি পরবে সেটা অন্ততঃ আমার পরিচিত জগতের মেয়েরা নিজেরাই স্থির করতে পারে এবং করে।

# প্রাচীন ভারতে নারীর স্থান
## বিশাখা সিং

সম্প্রতি একটি বাংলা ধারাবাহিক দেখছিলাম টিভিতে। সেখানে মুখ্য চরিত্রে রয়েছে একজন মধ্যবয়সি নারী। তার পঁচিশ বছরের বিবাহিত জীবন। শ্বশুর, শ্বাশুড়ি, স্বামী, পুত্র, কন্যা নিয়ে ভরা সংসার। অধুনা, এই

মহিলার জীবনে এসেছে এক মহা বিপর্যয়! তাঁর স্বামী নিজের অফিসের এক মহিলা সহকর্মীর প্রতি আসক্ত, এবং বিয়ে করে তারা একসাথে থাকতে চায়। ফলতঃ, বাড়িতে অশান্তি, এবং মহিলা হঠাৎ নিজেকে বড় অসহায় মনে করতে থাকে। এরই মধ্যে বিবাহ বিচ্ছেদও ঘটে গেল। অতএব মহিলার মাথার ওপর থেকে ছাদটুকুও চলে যাবার যোগাড়। এদিকে আইনি অধিকারে স্বামীর কাছ থেকে অর্থ সাহায্য নিতেও আত্মসম্মানে তার বাধছে! বাবা দরিদ্র, সেখানেও যাবার উপায় নেই। কি নিদারুণ অবস্থা মেয়েটির! নিজের সবটুকু উজাড় করে যে একদিন এই সংসার গড়ে তুলেছিল, সেই সংসার এখন তাকে নিঃস্ব করে পথে নামিয়ে ছাড়ল! এটা নিছক গল্প নয়, ঘরে ঘরে মেয়েদের কাহিনি! ভাবছিলাম, এখনো মেয়েদের কি লাঞ্ছনা, নিজের বলতে ঘর নেই। বিয়ের আগে বাপের বাড়ি, বিয়ের পর স্বামীর ঘর আর স্বামীর পর ছেলের কাছে থাকা। তাহলে নিজের বলতে ঘর কোথায় হল? জন্ম থেকেই সে কারোর না কারোর উপর নির্ভরশীলা, কেউ না কেউ তাকে ভরণ করে। কবে থেকে শুরু এই নিয়ম, কে বানিয়েছে এই নিয়ম যা শুধু এক তরফা মেয়েদেরই ফাঁকি দেয়! বলা বাহুল্য, এক দিনে এই নিয়ম হয়নি, বহু যুগ ধরে পরতে পরতে এই নিয়ম নারীদের এই অবস্থায় এনে দাঁড় করিয়েছে!

ইতিহাসের পাতা উল্টে দেখতে দেখতে একেবারে সেই প্রাচীন ভারতের বৈদিক যুগে চলে এলাম। সেই যুগে নারীদের স্থান কোথায় ছিল? গোড়াতেই বলে রাখি, এই তথ্য মুলক লেখাটিতে একটু রসবোধের অভাব মনে হতে পারে, কারণ যা খুঁজতে বেরিয়েছি, তার জন্য গল্প কম - তথ্য, নিবন্ধ, শাস্ত্র ঘাঁটতে হবে আমাদের একটু বেশি!

বৈদিক যুগে নারীর স্থান বুঝতে গেলে আমাদের যেতে হবে বৈদিক যুগের সাহিত্য রচনাতে, কারণ বৈদিক সাহিত্য ছাড়া সে যুগের কোন ইতিহাস পৌঁছয়নি আমাদের কাছে। বৈদিক সাহিত্য বলতে, প্রধানত সংহিতা, ব্রাহ্মণ, আরন্যক, উপনিষদ আর সূত্র সাহিত্য - এই গুলোকেই বোঝায়। বেদ রচনা হয়েছিল খৃষ্ট-পূর্ব দ্বাদশ শতক থেকে খৃষ্টীয় চতুর্থ শতক - এই দেড় হাজার বছরের মধ্যে। এই সময়ের সাহিত্য থেকে সমাজের যে চিত্র আমরা পাই, তার মধ্যেই পাই তৎকালীন সমাজে নারীদের স্থান। তাছাড়া প্রত্নতত্ব, শিলালিপি, তাম্রশাসন, দুই মহাকাব্য, পুরাণ আর বৌদ্ধ সাহিত্যও আমাদের সাহায্য করবে।

যাযাবর পশুচারী আর্যরা এদেশের অনার্যদের পরাজিত করে প্রায় সমগ্র আর্যাবর্ত অধিকার করে। প্রাগ্ আর্যদের সাথে বৈবাহিক সম্বন্ধ ও প্রতিবেশীত্বের মধ্য দিয়ে ক্রমে আর্যরা চাষ করতে শেখে ও যাযাবর থেকে গ্রামীণ মানুষ হয়ে ওঠে। যাযাবরদের সমাজ সংস্থা ছিল গোষ্ঠী ও কৌমে বিভক্ত। যখন আর্যরা কৃষিকাজ শিখে কৃষিজীবী হয়ে উঠল এবং এই সমাজ ব্যবস্থা, ধীরে ধীরে ভেঙ্গে কুল এর প্রবর্তন করল। মানে, একটা বাড়িতে তিন চার পুরুষের পল্লবিত বৃহৎ পরিবার দেখা দিতে লাগলো। এর পর এল যৌথ পরিবার - দুই তিন পুরুষের পরিবার। এবং সবশেষে একক পরিবার, এক পুরুষের সংসার। এই সবের সাথে উৎপাদন ব্যবস্থার ঘনিষ্ঠ যোগ ছিল। কৌমগত বা যৌথ উৎপাদন ব্যবস্থার বাইরে ছিল নারীর স্থান। গৃহকর্মে তার পরিশ্রম বা দায়িত্ব কিছু কম ছিল না, তবু তাকে "ভার্যা" অর্থাৎ অন্যের দ্বারা ভরণীয়া, স্বামীর অন্নে প্রতিপালিতা সেই সংজ্ঞা দেওয়া হলো। এখানে লক্ষণীয় - "ভৃত্য" আর "ভার্যা" র ব্যুৎপত্তিগত অর্থ একই - অর্থাৎ যাকে ভরণ করতে হয়। স্ত্রী স্বয়ং উৎপাদন করেন না, সুতরাং তিনি ভরণীয়া!

বৈদিক যুগের প্রথম দিকে দেখি নারী অপেক্ষাকৃত স্বাধীন-চারিণী। কিন্তু বৈদিক যুগের শেষ দিকে যখন অনেক বৈদেশিক আক্রমণ হয়, তখন নারী-হরণ আর বর্ণশঙ্করের আশঙ্কায় নারীকে অন্তঃপুরে ঠেলে দেওয়া হয়। ঘরে বাইরে যখনই বিপত্তি দেখা দিয়েছে তার দাম দিতে হয়েছে নারীকেই।

এই সময়ে শিক্ষাতেও নারীর অধিকার রইলো না। সে যুগে বিদ্যা শিক্ষা তো মন্ত্রের মাধ্যমেই হতো, কাজেই বিদ্যা অর্জনে সে বঞ্চিতা হয়েই রইলো। অমন্ত্রক বিদ্যা, মানে শুধু গান বাজনা, সেলাই বোনা, হাতের কাজ, যাবতীয় গৃহকর্ম, স্বামী ও সন্তান এবং শ্বশুর কুলের উদয়াস্ত সেবাই ছিল তার কাজ। সন্তানের, মুখ্যত পুরুষ সন্তানের জননী হওয়াতেই তার চূড়ান্ত চরিতার্থতা। বিবাহে কন্যাকে দান করা হতো - শুধু স্বামীকেই নয়, স্বামীর পুরো পরিবারকে দান করা হতো, "কূলায় হি স্ত্রী প্রদীয়তে"। সেই জের টেনে এখনো যে শ্বশুর বাড়িতে সবাই মিলে একসাথে বধূ নির্যাতন হয়, সে বোধ হয় এই প্রথারই অধিকারে।

শিক্ষিতা নারী যে সে সময়ে ছিল না তা নয়। ঋক্ বেদে কিছু ঋষিকার নাম পাওয়া যায় – যেমন বিশ্ববারা, ঘোষা, গোধা, অপালা, আবার অম্ভৃণ ঋষির কন্যা বাক্, গার্গী, মৈত্রেয়ী, শাশ্বতী। সেকালের পুরুষ-শাসিত সমাজে এই সকল শিক্ষিতা নারীদের প্রসঙ্গে বলা হত "স্ত্রিয়ঃ সতীঃ তা উ যে পুংসঃ আহুঃ" (তৈত্তিরীয় আরণ্যক)। অর্থাৎ নারী হয়েও তারা পুরুষ!

ব্রাহ্মণ্য সাহিত্যের যুগ থেকে শিক্ষিতা নারীর সংখ্যা আঙ্গুলে গোনা যায়। ক্রমে যে অবস্থা হল তাতে গণিকা ছাড়া শিক্ষাতে আর কোন নারীর অধিকার ছিল না। গণিকা কেন? কারণ সব দেশের মত এখানেও কিছু পুরুষের শিক্ষিতা নারীর সান্নিধ্য পাবার স্বাভাবিক সুস্থ আকাঙ্ক্ষা ছিল এবং সেটা সে চরিতার্থ হতে পারত একমাত্র গণিকালয়ে, কারণ একমাত্র গণিকারাই ছিল শিক্ষিতা। এবং একমাত্র সেই স্বাধীন নারী ছিল প্রাচীন ভারতে। কুল বধূকে শিক্ষা থেকে সর্বতঃ ভাবে বঞ্চিত করে এবং রাষ্ট্রীয় ব্যায়ে গণিকাদের সর্ব বিদ্যায় পারদর্শী করে সমাজ – কুলনারীর প্রতি চূড়ান্ত অপমানের ব্যবস্থা করে ছিল। শুদ্রকের “মৃচ্ছকটিকম্” নাটকে মুখ্য চরিত্র বসন্তসেনা একজন শিক্ষিতা এবং স্বাধীনচেতা গণিকা, যিনি সংস্কৃত ভাষায় কথা বলতে পারতেন। অথচ নায়ক চারুদত্তের স্ত্রী কুলবধূ ধুতা কিন্তু প্রাকৃত ভাষায় কথা বলতেন!!

আরও আছে – সোম যাগের একটা পর্বে যজ্ঞের কয়েকটি পাত্রকে মাটিতে রাখা হত, আর কয়েকটি ওপরে তুলে ধরা হত। তার ব্যাখ্যা করা হয়েছে এই ভাবে – সদ্যোজাত কন্যাকে মাটিতে রাখা হয়, আর শিশুপুত্রকে তুলে ধরা হয় (তৈত্তিরীয় সংহিতা ৬/৫/১০/৩)। তখন থেকেই সমাজে নারী জন্মাবধি এই স্থানই পায় – পুরুষের নীচে।

সোম যাগের আর একটি প্রকরণ হল, "অগ্নি পত্নী বৎ"। সেখানে আছে, বজ্র বা লাঠি দিয়ে নারীকে দুর্বল করা উচিত, যাতে নিজের দেহ বা সম্পত্তির ওপর তার কোন অধিকার না থাকে (শতপথ ব্রাহ্মণ ৪/৪/২/১৩) আবার বৃহদারণ্যকে যাজ্ঞবল্ক্য বলেছেন, “স্ত্রী স্বামীর সম্ভোগ কামনা চরিতার্থ করতে অসম্মত হলে প্রথমে উপহার দিয়ে স্বামী তাকে কেনবার চেষ্টা করবে" – যে শব্দটি ব্যাবহার করা হয়েছে তা হল “অবিক্রিণীয়াৎ”, যেন স্ত্রী একটি পণ্য দ্রব্য। আর তাতেও যদি স্ত্রী অসম্মত হয়, তাহলে হাত দিয়ে বা লাঠি দিয়ে মেরে তাকে নিজের বশে আনবে (৬/৪/৭)। স্বামী বহুপত্নী, উপপত্নী বা গণিকালয়ে গেলেও স্ত্রী তার প্রতিবাদ করতে পারবে না – করলে কিন্তু স্বামীর তাকে ত্যাগ করার অধিকার আছে। আর স্বামী যদি সত্যি তাকে ত্যাগ করত, তবে সেই সমাজে পরিত্যক্তা নারীর গণিকা-বৃত্তি বা দাসী-বৃত্তি ছাড়া আর অন্য কোন উপায় ছিল না। তার নিজের কোন ধন বা সম্পত্তি থাকত না, আর পিতা বা স্বামীর ধনেও তার কোন অধিকার স্বীকৃত ছিল না (মৈত্রায়িনী সংহিতা)। এমত অবস্থায় বেঁচে থাকার জন্য তাকে সর্বতঃ ভাবে স্বামীর অধীনেই থাকতে হতো! যে টিভির কাহিনি গোড়াতে শুরু করেছিলাম – যার সূত্র ধরে এত পিছনে চাওয়া, তার সাথে এই তিন হাজার বছর আগের সমাজ ব্যবস্থায় কি আশ্চর্য্য রকমের মিল!! সেই চিরাচরিত কাহিনী এখনো হয়েই চলেছে – সেই অপমান, সেই শোষণ, সেই অবহেলা !

এই ছিল বৈদিক যুগে নারীর অবস্থান। চাতুর্মাস্যের অন্তর্গত বরুণ প্রয়াস যজ্ঞে, প্রতিপ্রস্থাতা পুরোহিত প্রকাশ্য জনসভায় যজমান পত্নীকে (যজমানকে নয় কিন্তু) প্রশ্ন করতেন, “কেন সহ চরসি" অর্থাৎ “কার সাথে ব্যাভিচারিণী হয়েছ” (তৈত্তিরীয় সংহিতা ২/৫/২/২০) এবং নারীকে তার উত্তর দিতে হত – তা না হলে যজ্ঞ নষ্ট হয়ে যেত।

মৈত্রায়িনী সংহিতা বলেছে – “নারী অশুভ”! তৈত্তিরীয়তেও আছে – যজ্ঞ কালে কুকুর, শূদ্র আর নারীর দিকে তাকাবে না। তৈত্তিরীয়তেই আবার দেখি, “তস্মাৎ উ স্ত্রিয়ঃ ভোগম্ এব হারয়ন্তে” – মানে নারী সম্ভোগ আনে। এটার রচনা কাল খৃস্টপূর্ব অষ্টম শতকে। তার মানে তিন হাজার বছর ধরে ভারতবর্ষ নারীকে ভোগ্যবস্তু হিসাবে দেখেছে। শাস্ত্রকারেরাও বার বার নারীকে ভোগ্য রূপে উল্লেখ করেছেন, তাই নারী দক্ষিণায় স্থান পায়। “সারস্বত নামায় ” যাগে যজ্ঞের ব্রাহ্মণকে দক্ষিণা দেওয়া হতো – একটি ঘোটকী আর একটি সন্তানবতী দাসী। ঘোড়া ব্যবহারে লাগবে, দাসী-পুত্র ভৃত্য হবে, আর দাসী ভোগ্যা নারী!! রামায়ণ, মহাভারত, পুরাণে বার বার পড়ি অতিথি সৎকারে, উৎসবে, যুদ্ধে, যজ্ঞে আর যৌতুকে, অশ্ব, রথ, স্বর্ণ, শস্য আর সাথে অগণ্য নারী দান

করা হচ্ছে। এমন দান তখনই সম্ভব যখন নারীকে মুলতঃ ভোগ্য বস্তু বলে দেখা হতো। নারী সম্পত্তি, তাই তাকে জুয়া খেলায় পণ রাখা যাচ্ছে – সেই ঋক্ বেদের সময় থেকে মহাভারত অবধি।

কেন এমন হল – এর বিশ্লেষণ করতে গিয়ে দেখা যায় যে সম্পত্তিতে গোষ্ঠীগত স্বত্তাধিকার থেকে যখন ব্যক্তিগত অধিকার প্রতিষ্ঠিত হল আর গোষ্ঠী ও কৌম ভেঙ্গে কূল বা যৌথ পরিবার হল, তত দিনে সমাজে আরও এক পরিবর্তন ঘটেছে। উৎপাদনে কিছু উদ্বৃত্ত ধনের সৃষ্টি হয়েছে, এবং সেই ধন কিছু মুষ্টিমেয় লোকের মধ্যে বিভক্ত হচ্ছে। এই ধন কিন্তু বেশির ভাগই স্ব-উৎপাদিত নয়, নীচের দিকের মানুষের শ্রম-শক্তি কে শোষণ করে পাওয়া ধন। আর যেহেতু সেই ধন নিজের যোগ্যতার দ্বারা লব্ধ নয়, সেই সম্বন্ধে ধনাধিকারীর একই সংগে অতিরিক্ত স্বত্তাধিকার বোধ আর হারানোর ভয় – যেন নিজের বা নিজের সন্তানদের বা বংশধারার দখলের বাইরে সেই ধন চলে না যায়! এবং এই একই কারণে, নিজের ধন শুধু নিজেরই সন্তান সন্ততির কাছে রেখে যাওয়ার তাগিদে, পুরুষ প্রথমে নিশ্চিত হতে চাইল, এই সন্তান তার নিজের কিনা! কেমন করে  নিশ্চিত হওয়া যায়!? স্ত্রীকে চোখে চোখে রেখে, যথা সম্ভব পরপুরুষের সম্পর্ক থেকে দূরে দূরে রেখে। এই কারণেই নারীর বহু পতিত্ব সমাজে নিষিদ্ধ হয়ে গেল। তা না হলে যে সন্তানের পিতার পরিচয় সংশয়িত থেকে যায়।

এর আগে কিন্তু সকল সন্তান কৌম বা গোষ্ঠীর সন্তান বলে পরিচিত ছিল। তখন পিতৃত্ব বা পতিত্বের সীমা খুব একটা স্পষ্ট ছিল না। গোষ্ঠী যুগে সব নারীই গোষ্ঠী বা কৌমের সব পুরুষের ভোগ্যা ছিল, আবার সব পুরুষও ছিল সব নারীর। সে যুগ পেরিয়ে ব্যক্তিগত মালিকানার দিনে ঔরস-জাত সন্তানটিকে নিশ্চিন্ত ভাবে চিহ্নিত করে রাখার তাগিদে, স্ত্রীকে অন্য পুরুষের থেকে সম্পূর্ণ বিচ্ছিন্ন করে রাখার প্রয়োজন হোল । পুরুষ নিজে তখন বৈধ বিবাহে বহু পত্নীর স্বামী – কিন্তু নিজের স্ত্রী সম্বন্ধে তার পাহারা বাড়তে বাড়তে পর্যায় ক্রমে সে হয়ে দাঁড়ালো প্রহরী আর নারী তার কয়েদী। এর ব্যতিক্রম যে ছিল না তা নয়, সে কথা অন্য কোথাও পরে আলোচনা করা যেতে পারে।

পরবর্তী দুই সহস্রাব্দে নারীর বন্দী দশা আরও সঙ্গীন হয়েছে, আর ধীরে ধীরে কখন যে প্রহরী নিজেই বন্দী হয়েছে তার স্বৈরাচার জনিত ক্রূর বন্ধনে – সে নিজেই জানে না! সে তার বন্ধু ও সহচারিণীকে হারিয়ে পেয়েছে এক নিষ্প্রাণ নিরক্ষর যন্ত্র-তুল্য দাসীকে, নিজেরই অজান্তে!। অহো ভাগ্যম্! যে বঞ্চনা করতে পুরুষ এত আঁট ঘাট বেঁধে ছিল, সেই বঞ্চনা শেষ পর্যন্ত, তাকেই বঞ্চিত করেছে! আর নারী সেই বঞ্চনাকে মেনে নিতে নিতে, ক্রমশ নিজেরই স্বরচিত শৃঙ্খলে বন্দিনী হয়ে গিয়েছে!!!

বৈদিক ভারতবর্ষে নারীর মর্যাদা ছিল না, নারী বলে তার কোন স্বীকৃতিই ছিলনা। অন্যান্য প্রাচীন সভ্যতাতেও ছিল না, তবে তারা এখন সে কথা স্বীকার করে যে নারী এই শতাব্দীতেই প্রথম অধিকার সম্পর্কে সচেতন হয়েছে। আগে সে বন্দিনীই ছিল। কিন্তু শুধু আমরাই এখনও বলার চেষ্টা করি যে, বৈদিক যুগে নারী স্বমহিমায় প্রতিষ্ঠিতা ছিল। এতে সত্যের অপলাপ হয়। অতীতকে যথার্থ ভাবে না দেখতে পাওয়ার জন্য, অতীতের যে বিষ বর্তমান সমাজ-দেহে এখনও বিদ্যমান ও সঞ্চারিত – তার প্রতিষেধ করতে এবং ভবিষ্যতের প্রস্তুতি বিধান করতে, অনাব্যশক দেরী হয়ে যায়।

আমার লেখার বেশীর ভাগ তথ্যই আমি পেয়েছি সুকুমারী ভট্টাচার্যের লেখা – "প্রাচীন ভারত সমাজ ও সাহিত্য" গ্রন্থ থেকে। সুকুমারী দি যাদবপুর বিশ্ববিদ্যালয়ে আমার স্নাতকোত্তর ক্লাসে অধ্যাপিকা ছিলেন। ওঁর চিন্তাধারা আমাকে বিশেষ প্রভাবিত করেছিল।

প্রাচীন ভারতে অশিক্ষার অন্ধকারে নির্বাসিত, স্বাধীন অর্থকরী বৃত্তি থেকে বঞ্চিতা নারীর যে কি শোচনীয় অবস্থা ছিল তা স্বল্প পরিসরে লিখে বোঝানো সম্ভব নয়। তাও আমি চেষ্টা করেছি এমন সব তথ্য তুলে ধরতে, যাতে সেকালের সমাজে মেয়েদের অসহায়ত্বটুকু আপনাদের চোখে পড়ে। চোখে পড়ে প্রাচীন পুরুষ শাসিত সমাজের দ্বৈধতা আর সেই সমাজে নারীর প্রতি শাস্ত্রের অনুশাসন আর অবমাননা। যার জের নারী আজও টেনে চলেছে!

## My Time at the Calcutta Rowing Club

**Ranojoy Basu Ray**



Many of you, while walking along the banks of the Dhakuria lake, would have seen boats, like the ones above, gliding gracefully through the water. I did, and was curious to know more. When I did, I got hooked into a passion which lasts even today. Being involved with rowing, I learned teamwork, leadership, public speaking among other things.

I did most of my rowing at the Calcutta Rowing Club (CRC). The Calcutta Rowing Club was founded by a small number of enthusiastic ex-patriate oarsmen in 1858. This makes it a year older than the club founded at Shanghai and probably, the oldest club east of London. The first boat house with a thatched roof was on the bank of the Hooghly River near Chandpal Ghat. After it was swept away in a cyclone, a more permanent boathouse was built. In 1923, it moved to its present location in Dhakuria.

Currently, there are three more rowing clubs in Calcutta – Lake Club, Bengal Rowing Club and Calcutta University Rowing Club. This has allowed many youngsters, boys and girls, to be on the water and has led to healthy competition. The boat types in use are single sculls, pairs and fours.

In 1933, the Amateur Rowing Association of East was formed. A Regatta was held each year at different locations. Members were from Madras, Rangoon, Colombo, Karachi and Hong Kong. These regattas were well contested and exciting, with the oars persons practicing for months to win a coveted spot among the crews.

Closer to home, the annual rowing competition, called Head of the Lake Regatta, began against the newly formed Lake Club and now includes Bengal Rowing Club and Calcutta University Rowing Club. Subsequently, the West Bengal Rowing Championships were inaugurated in the 1970s followed by the National Rowing Championships.

In the year 1926, the Merchants Cup was initiated with an endowment from the partners of Messrs. Gillanders Arbuthnot & Co for annual competitions between teams from companies and to date, it has continued every year.

I have a lot of fond memories of CRC. It was not only a sports club, but a social venue as well. The club house is colonial in its architecture with wooden pillars, a tiled roof and a fireplace in the lounge. A deep verandah served as a dance floor during club nights. The men's changing room has an interesting relic from the past – a "punkha" that was in use from pre-electricity days, and motorized by the expatriate members at a later date. The lawn was lush and edged by flower beds and maintained by a team of gardeners. The boat house 1s a standalone building facing the lake.

During summer months in Calcutta, when load shedding was a way of life, the CRC lawn by the lakes was an oasis of pleasure with the children frolicking on the lawns. The fresh hand cut potato chips at CRC were the best in town!! Our toddler son could never have enough of them. "Aloo babas" he called them!!

The Club Committee used to sit on the lawn on Sunday mornings and conduct serious club administrative business, sipping on Gin and Tonic or Kingfisher beer. One such morning, we heard something falling from the hanging bridge leading to the mosque island. Looking around, we noticed a young lady floating in the water with her saree ballooning around her. She was rescued and sent home, escorted by the Durwan, who came back with a receipt stating "Received one woman in wet condition"!!



Every three months or so, there would be a regatta and, in the evenings, there would be great music and dancing. I was fortunate to court my girlfriend, now my wife there, and we both have beautiful memories.

Some levity had to be brought in to break the seriousness of practice and regattas. The expatriate members, in the earlier days, came up with the concept of the "Pagol" Regatta. It was designed around fun ways to use the boats and the facilities – greasy pole, fancy dress, blindfolded rowing with a partner to guide, etc. It used to be held in Fall when the weather was comfortable. There were exotic foods and drinks with lots of music and dance. This particular regatta brings back a flood of memories.

After leaving Calcutta for Delhi, no rowing was possible as there wasn't a large body of water. However, I was able to maintain my contact with rowing, first as a national umpire, and later as an international umpire with World Rowing. I transferred my international umpire affiliation from India to Canada. I last officiated at the 2013 Junior World Rowing Championships at Trakai, Lithuania before retiring. I still continue to umpire at local Ottawa regattas.

## শুভসন্ধ্যা, আজকের বিশেষ বিশেষ খবর ...............

### সংঘমিত্রা চক্রবর্তী

(গল্পটি My pen is the wing of a bird: New Fiction by Afghan Women নামক গল্প সঙ্কলন থেকে নেওয়া হয়েছে।) মূল গল্প- লেট শিফট -লেখিকা- শারিফা পাসুন (পাশতো ভাষায় লেখা); ইংরিজিতে অনুবাদঃ জারঘুনা কারগার; বাংলায় অনুবাদঃ সংঘমিত্রা চক্রবর্তী

সাঙ্গা ওয়ার্ডরোব খুলে কালো স্কার্ট আর কালো রঙের স্যুট জ্যাকেট বের করলো। ওয়ার্ডরোবের দরজা বন্ধ করে পোশাক পরে আয়নার সামনে দাঁড়ালো। চুলটা আরেকবার ব্রাশ করে পিঙ্ক লিপস্টিকটা হাল্কা করে ঠোঁটে বুলিয়ে নিল। থ্রি-পিস আয়নায় ভালো করে নিরীক্ষণ করলো নিজেকে। ভালোই লাগছে দেখতে। মনটা বেশ খুশী খুশী লাগছে। জানলা দিয়ে শেষ বিকেলের রোদ এসে পড়েছে তার কাঁধ অবধি লম্বা চুলে। কালো রেশমের মতো চুল আরো যেন ঝলমল করছে।

ড্রেসিং টেবলের ওপর রাখা পেনটা ব্যাগে ঢোকাতে ঢোকাতে হাতে বাঁধা ঘড়ির দিকে তাকায় সাঙ্গা। পাঁচটা বাজে। গাড়ির হর্নে সচকিত হয়ে তার তেতলার ফ্ল্যাটের জানলা দিয়ে উঁকি দিয়ে দেখে টিভি অফিসের ধূসর রঙের গাড়ি এসে গেছে। তাদের বিল্ডিংএর গেটের সামনে দাঁড়িয়ে। ওকে দেখে হঙ্ক করা বন্ধ করে চেনা ড্রাইভার। সাঙ্গা তাড়াতাড়ি ব্যাগের চেন টেনে কাঁধে ঝুলিয়ে নেয় ব্যাগ। ঘর থেকে বেরিয়ে করিডোরে এসে ব্যস্ত গলায় মাকে ডাকে। 'মা, আমি বেরোচ্ছি। গাড়ি এসে গেছে'। মা তাড়াতাড়ি রান্নাঘর থেকে বেরিয়ে আসেন। কনুই পর্যন্ত হাতা গোটানো। হাতে ছুরি। চোখে জল। পেঁয়াজ কাটছিলেন। রাতের রান্নার প্রস্তুতি। 'মা, ঘামাই ব্যালকনিতে বাইক করছে। তুমি একটু দেখো ও যেন টের না পায় আমি বেরিয়ে গেলাম'। জুতো পরতে পরতে বলে সাঙ্গা। দুড়দাড় করে নিচে নেমে যায় তারপর। মা মেয়ের গাড়ি ওঠা অবধি উদ্বিগ্নচিত্তে দরজা ধরে দাঁড়িয়ে থাকেন। তারপর গাড়ি স্টার্ট দিলে মেয়ে যেন নিরাপদে বাড়ি ফিরে আসে আল্লাতালার কাছে সেই আর্জি জানাতে জানাতে ফ্ল্যাটের সদর দরজা বন্ধ করেন।

সঠিক সময়ে সাঙ্গা ন্যাশনাল রেডিও ও টিভির সদর দপ্তরে পৌঁছোলো। ও টিভিতে সন্ধ্যের শিফটে আটটার খবর পড়ে আর দিনের বেলায় কাবুল ইউনিভার্সিটিতে পড়াশোনা করে। সাঙ্গা অফিস বিল্ডিং এ ঢুকে দোতলায় উঠে বাঁদিকের করিডোর দিয়ে হাঁটতে শুরু করে। করিডোরের একদম শেষপ্রান্তে মেক-আপ রুম। ঘরে ঢুকে দেখে মেক-আপ আর্টিস্ট মরিয়ম আয়নার সামনে দাঁড়িয়ে সাতটার সময়ে যে খবর পড়বে তার চুল থেকে ব্যস্তভঙ্গীতে একটা একটা করে কার্লার খুলছে। বেশ লম্বা মরিয়ম। মাথাভরা বাদামী রঙে রাঙানো কোঁকড়ানো চুল। চশমা পরে ও। আপাতত চশমা মাথার ওপরে তোলা। চশমার স্ট্রিং ঘাড়ের পিছনে ঝুলছে।

বাঙনিষ্পত্তি না করে সাঙ্গা ওয়াশবেসিনের সামনে গিয়ে হাল্কা গরম জলে মুখ ধুতে থাকে। 'আমি কি তোমার মেক-আপ করবো, নাকি তুমি নিজেই করবে'? 'না, না । কোনো দরকার নেই। তুমি তো এখন সাঙ্গার চুল করবে। আমি নিজেই আমার মেক-আপ করে নিচ্ছি। সময়ওতো আর বেশী নেই'। আয়নার সামনে দাঁড়িয়ে নরম টিস্যু পেপারে মুখ মুছতে মুছতে মরিয়ম আর সাতটার সংবাদপাঠিকার কথোপকথন সাঙ্গার কানে ভেসে আসে।

সাঙ্গা সাতটায় যে খবর পড়বে তার পাশের চেয়ারে বসে পড়ে। 'বাঃ, আজ তুমিতো খুব ভদ্র, সভ্য এক পোশাক পরেছো'। সাঙ্গার নরম চুলে হাত ঢুকিয়ে বলে মরিয়ম। কথাটা সাঙ্গার মোটেই পছন্দ হোলোনা। সে বলতে চাইলো ও সবসময় স্থান ও কাল অনুযায়ী পোশাক পরে। কিন্তু বলা হোলোনা। প্রচণ্ড শব্দে একটা রকেট বোমা ফাটলো। অতর্কিত সেই কানফাটানো আওয়াজে ওরা সবাই লাফিয়ে উঠলো। 'মনে হচ্ছে খুব কাছেই বোমাটা পড়েছে'। সাতটার স্লটের নিউজ-রিডার ফিসফিস করে বলে।

'খুদাতালাই একমাত্র আমাদের বাঁচাতে পারেন। হে ঈশ্বর, এটাই যেন আজকের প্রথম ও শেষ আক্রমণ হয়'। কাঁপাকাঁপা গলায় বলে মরিয়ম। সাঙ্গা মরিয়মের দিকে তাকায়। 'তুমি তাড়াতাড়ি আমার চুল আর মেক-আপ করে দিয়েই বেরিয়ে পড়ো। আমাকেতো থাকতেই হবে আটটার খবর পড়ার জন্য'।

সময়টা উনিশশো পঁচাশি সাল। আফঘান ফৌজের ওপর বিরোধী দল লাগাতার চোরাগোপ্তা হামলা শানিয়ে যাচ্ছে। তাদের লক্ষ্য সরকারী দপ্তর ও প্রতিষ্ঠানগুলি। সাধারণ লোকেদেরও যেন আস্তে আস্তে গা সহা হয়ে যাচ্ছে এই ঝটিতি বোমা ফেলা। কিছু লোকেরা তো ঠাট্টা করে বোমাগুলোর নাম দিয়েছে কানা রকেট। একশোটার মধ্যে একটা রকেট লক্ষ্যবস্তুকে আঘাত করতে পারে কি পারেনা। কিন্তু কিছুদিন যাবৎ সাধারণ মানুষের উদ্বেগ বাড়িয়ে বিরোধীরা যেন ক্রমশঃ শক্তি বাড়াচ্ছে।

সাঙ্গার বুকের ধুকপুকুনি বেড়ে যায়। আজ বিকেলে বেরোনোর সময় ও ওর দুবছরের ছেলেকে আদর করে আসেনি। বলেও আসেনি। অবশ্য ইচ্ছে করেই। ও বেরোলেই ঘামাই চিৎকার করে কান্না জোড়ে আর বায়না করে মার সঙ্গে সেও যাবে। কাজের জায়গায় নিয়ে আসা তো সম্ভব নয়। তাই প্রতিদিনই না বলেই বেরোতে বাধ্য হয় সাঙ্গা। প্রাণপণে চোখের জল আটকানোর চেষ্টা করে ও।

'কি রকম দেশে এখন বাস করছি আমরা? এতটুকু শান্তিতেও কি থাকতে দেবেনা ওরা আমাদের? এই রকম অদ্ভুত পরিস্থিতিতে কি বাঁচা যায়, না কাজ করা যায়?' তীব্র ক্রোধ ঝরে পড়ে মরিয়মের কন্ঠ দিয়ে।

এখন সন্ধ্যে ছটা বেজে কুড়ি মিনিট। টেলিফোন বেজে উঠলে মরিয়ম ধরে। অপরপক্ষের কথা শোনে আর ঘাড় নাড়ে। তারপর ক্রেডলে ফোন রেখে সাতটার সংবাদ-পাঠিকাকে বলে,

'শিগগির যাও। নিউজরুমে ওরা তোমার জন্য অপেক্ষা করছে'।

ঐ সময়ে রেডিও আর টেলিভিশান এক গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান হিসেবে গণ্য হতো। নিউজরুমে দেশের প্রধানমন্ত্রী, অন্যান্য ক্যাবিনেট মন্ত্রীদের কাজকর্ম নিয়ে খবর করা হতো। দেশের ফৌজিরা কিভাবে বিরোধী শক্তিকে

মোকাবিলা করছে সেই খবরও নিউজ এডিটররা প্রস্তুত করতেন নিউজরুমে। এছাড়া জাতীয় খবরের শেষে থাকতো আন্তর্জাতিক সংবাদ। বর্হিবিশ্বের সঙ্গে তখনো একটা যোগসূত্র ছিলো দেশের। ন্যাশনাল টিভিই ছিলো তখন একমাত্র চ্যানেল। তার সদর দপ্তর ছিলো কাবুল শহরে।

সাতটার সংবাদ-পাঠিকা তাড়াতাড়ি টেবলে রাখা তার হ্যাণ্ডব্যাগ থেকে পেন বের করে হাতে নেয়। আরেকবার নিজেকে দেখে নেয় আয়নায়। তারপর আরেকপ্রস্থ লিপস্টিক ঠোঁটে বুলিয়ে প্রায় দৌড়ে বেরিয়ে যায় মেক-আপ রুম থেকে। দরজাটা ঠাস করে বন্ধ হওয়ার সঙ্গে সঙ্গে প্রচণ্ড শব্দে আরেকটা রকেট বোমা পড়ে। মরিয়ম এবার ভয়েতে প্রায় ঠকঠক করে কাঁপতে থাকে।

'আজ আর রক্ষে নেই। দেখে নিও, আজ সারারাত ধরে বোমাবৃষ্টি হবে'।

সাঙ্গার চিন্তা হতে লাগলো মরিয়ম ভয়ের চোটে না ওর চুল আর মেক-আপ অসমাপ্ত রেখেই বাড়ির দিকে দৌড় দেয়। আর রীতি এটাই যে মহিলা নিউজরিডাররা সুন্দর হেয়ারস্টাইল করে আর পুরো মেক-আপ নিয়ে টিভি ক্যামেরার সামনে বসবে। যাইহোক সাঙ্গাকে নিশ্চিন্ত করে মরিয়ম ধাতব চিরুনীটা দিয়ে ওর চুল দুটোভাগে ভাগ করে হেয়ার ড্রায়ার দিয়ে চুলের তলার দিক কার্ল করতে লাগলো। হেয়ার-ড্রাইং হুড মাথায় পরে খুব শান্তভাবে বসে রইল সাঙ্গা। হেয়ার ড্রায়ারের হাল্কা গরম হাওয়া তার উদ্বিগ্ন দেহমন দুটিকেই বেশ আরাম দিতে থাকলো।

খানিকক্ষণ পরে সাতটার পাঠিকা আবার মেক-আপ রুমে ঢোকে ব্যাগ নিতে। ওর আজকের মতো কাজ শেষ। ওকে বাড়ি পৌঁছে দেওয়ার জন্য নীচে গাড়ি অপেক্ষমান। মরিয়মেরও কাজ শেষ। 'একটু দাঁড়াও না প্লিজ। আমিও তোমার সঙ্গে যাব। আমাদের তো একই দিকে বাড়ি'। মরিয়ম তাড়াতাড়ি বলে।

মেক-আপ রুমে সাঙ্গা এখন একদম একা। জানলার বাইরে তাকালো ও। ঘন অন্ধকার। কেমন যেন গা ছমছমে ভাব। সাঙ্গার একা থাকতে মোটেই ভালো লাগছে না। ও নিউজরুমের দিকে হাঁটা দিলো। নিউজরুম সবসময় গমগম করছে। সবসময় কর্মব্যস্ততা। বেশ বড় ঘর। ঘরের একপ্রান্তে নিউজ এডিটরের ডেস্ক। কাগজে কলমে আটঘন্টার ডিউটি হলেও প্রায় প্রতিদিনই ডিউটি আওয়ার পেরিয়ে যায়। অবশ্য শুধু নিউজ এডিটর নন, রিপোর্টার, প্রডিউসার, অন্যান্য স্টাফ সকলেরই কাজ করতে করতে ডিউটি আওয়ার পেরিয়ে যায়। খুবই গুরুত্বপূর্ণ দপ্তর এটি। অবশ্য প্রত্যেকেই বাড়তি কাজের জন্য ওভারটাইম পান।

সাঙ্গা নিউজরুমে ঢুকলে সবাই তাকে হাসিমুখে স্বাগত জানান। সাঙ্গাও প্রত্যাভিবাদন করে সোজা চলে যায় ঘরের মাঝখানে যেখানে লম্বা সারি করে ডেস্ক পাতা রয়েছে। ওর এক সহকর্মী একগোছা পাতা ওর হাতে দিয়ে বলেন বাকি আরো পাতা এখনো টাইপ হচ্ছে। সাঙ্গা যে কটি পাতা পেলো তা পেন দিয়ে মার্ক করে মনে মনে পড়তে শুরু করে। হঠাৎ তীব্র এক শিসধ্বনিতে ঘর ভরে গেলো। পরক্ষণেই বিশাল এক আওয়াজ। আগের আওয়াজের অন্তত দশগুণ বেশী এই শব্দ। খানিকক্ষণের জন্য সবারই হতবুদ্ধি অবস্থা। তারপর একটু ধাতস্থ হয়ে বোঝা গেলো ন্যাশনাল রেডিও ও টিভির সদর দপ্তরের ঠিক পিছনে অবস্থিত সদ্যনির্মিত প্রযুক্তি ভবনে গোলাটি এসে পড়েছে। খুবই শক্তিশালী গোলা। তার অভিঘাতে নিউজরুমের জানলার কাঁচ চুরচুর করে ভেঙ্গে গেছে। সেই ভাঙা জানলা দিয়ে ঠাণ্ডা হাওয়া ঢুকছে ভেতরে। সময়টা প্রাকশীত হলেও আবহাওয়া বেশ ঠাণ্ডা। কেউ একজন দরজা ঠেলে ভেতরে ঢুকে আতঙ্কে ভরা গলায় বলে,

"এক্ষুনি সবাই একতলায় নেমে যান। আরো গোলা পড়তে পারে'।

ভীতসন্ত্রস্ত সকলে চেয়ার থেকে লাফিয়ে উঠে নিজ নিজ কাগজ, পেন কোনোরকমে হাতে নিয়ে দুদ্দাড় করে নামতে থাকে সিঁড়ি দিয়ে। সাঙ্গা কিন্তু তার খবরের নোট টেবলের ওপরেই রেখে দেয়। সঙ্গে নেয়না। কেউ একজন তার কানের কাছে এসে ফিসফিস করে বলে,

‘ভয়ের কিছু নেই। সব ঠিক হয়ে যাবে’।

‘প্রত্যেকদিন এত এত রকেট পড়া দেখে আমার এগুলো গা-সহা হয়ে গেছে। এদের আর ভয় পাইনা আমি। আমি গভীরভাবে বিশ্বাস করি ঈশ্বর মঙ্গলময়’। মাথা উঁচু করে বলে সাঙ্গা।

সাঙ্গার কথাকে যেন ব্যঙ্গ করে পরমুহূর্তেই কানফাটানো শব্দে চারদিক কাঁপিয়ে একটা রকেট লঙ্গার আছড়ে পড়ে খানিকটা দূরে প্রশাসনিক ভবনে। নিউজরুমের জানলা দিয়ে সাঙ্গার চোখে পড়ে বিল্ডিংএর ছাদের একপাশ বিপজ্জনকভাবে ঝুলছে। সাঙ্গা দৌড়োয় দরজার দিকে। দরজায় পৌঁছোনো মাত্র রকেট বোমার এক ধারালো ধাতব ফলা যে চেয়ারে কয়েক সেকেণ্ড আগে সাঙ্গা বসেছিল সেখানে এসে পড়ে।

নিউজরুম এখন একদম ফাঁকা। সজোরে নিশ্বাস নিয়ে সাঙ্গা করিডোর দিয়ে ছুটতে থাকে। সিঁড়ি দিয়ে দ্রুত নামার সময় পা হড়কে যায় ওর। কোনোরকমে নিজেকে সামলায়।

এখন আটটা বাজতে পাঁচ মিনিট বাকি। এক্ষুনি খবর পড়ার জন্য স্টুডিওতে ঢুকতে হবে সাঙ্গাকে।

স্টুডিওতে ঢোকার আগে জুতো খুলে কাবার্ডে রাখা বিশেষ চপ্পল পড়ে নেয় সাঙ্গা। বাইরের ধূলোতে যাতে স্টুডিওর অতি সূক্ষ্ম আর সংবেদনশীল যন্ত্রগুলির কোনো ক্ষতি না হয়। স্টুডিওর দায়িত্বে থাকা লোকজনেরা কড়া নজরদারী চালায় এই বাবদে। সাঙ্গার হাত খালি। খবরের স্ক্রিপ্ট ও রেখে এসেছে নিউজরুমে। স্টুডিওতে ঢুকে চেয়ারে বসে সাঙ্গা। সবকটা আলো জ্বলার দরুণ বেশ গরম ঘরটা।এই উষ্ণতা উপভোগ করে সাঙ্গা। সঙ্গে সঙ্গেই এডিটর স্ক্রিপটা এনে ওর হাতে দেন। ঘড়িতে এখন ঠিক আটটা। এখুনি শুরু হবে আটটার নিউজ বুলেটিন। স্ক্রিপটা গুছিয়ে মুখ তুলতেই সাঙ্গা সামনে রাখা মনিটরে নিজের মুখ দেখতে পায়। কানে ভেসে আসে সংবাদ সম্প্রচারিত হওয়ার ঠিক আগের মুহূর্তে বাজা সিগনেচার টিউন। খবর পড়তে শুরু করে সাঙ্গা। সঠিক সময়ে শেষও হয় তা। স্টুডিও সাউণ্ডপ্রুফ। তাই বাইরের বোমাবর্ষনের শব্দ স্টুডিওর মধ্যে প্রবেশ করেনা।

সাঙ্গা এখন পুরো মেক-আপ আর হেয়ার স্টাইল সমেত গাড়ির জন্য রেডিও আর টিভি বিল্ডিংএর সামনে দাঁড়িয়ে। অন্যদিন মেক-আপ তুলে বেরোয়। আজ সেই পরিস্থিতি নেই। অন্যান্য স্টাফেরাও গ্রুপ করে বাইরে দাঁড়িয়ে। প্রত্যেকের মুখে চাপা টেনশন। ছোট, বড় অনেক সাইজের গাড়ি দাঁড়িয়ে আছে তাদের বাড়ি পৌঁছে দেবে বলে। কেউ কেউ মাথা নীচু করে এক দৌড়ে গাড়িতে উঠে পড়ছে। যেন ওভাবে গেলেই রকেটের হাত থেকে রক্ষা পাওয়া যাবে।

একজন ড্রাইভার সাঙ্গাকে চটপট গাড়িতে উঠতে বলে। ও উঠতেই ড্রাইভার সজোরে থার্ড ম্যাক্রোয়ানের দিকে গাড়ি চালিয়ে দেয়। উনিশশোপঞ্চাশ/ষাটের দশকে এই আবাসিক ব্লকগুলি রাশিয়ানরা করেছিলো। প্রথম আইল্যাণ্ডে পৌঁছোনোর আগেই তাদের গাড়ির সামনে একটা রকেট পড়লো। ভাগ্য ভালো ফাটলোনা। সাঙ্গা ভয় পেল এবার। ওর হৃদস্পন্দন এবার বাড়তির দিকে। খানিকদূর থেকে অনেক ভয়ার্ত মানুষের চিৎকারের ধ্বনি শোনা যাচ্ছে। চারদিকে শুধু আতঙ্ক, আর্তনাদ আর বিশৃংখলা। সাঙ্গা মনে মনে প্রতিজ্ঞা করে আজ যদি সে ভালোয় ভালোয় বাড়ি পৌঁছোয় কাল থেকে আর সে কাজে বেরোবেনা। ঢের হয়েছে খবর পড়া। এর আগেও যে সাঙ্গা কাজ ছাড়ার কথা ভাবেনি তা নয়। কিন্তু পরমুহূর্তেই মনে ভাবনা এসেছে কাজ ছাড়া ও থাকবে কি করে। কোনো কাজ ছাড়া জীবন যাপন তো মৃত্যুরই সামিল।

দ্বিতীয় আইল্যাণ্ডের কাছে আরেকটা বোমা পড়লো। গাড়ি পেরিয়ে বোমা পড়লো আইল্যাণ্ডের কিনারায়। বাঁচার অমোঘ প্রচেষ্টায় ড্রাইভার ও সাঙ্গা দুজনেই মাথা নীচু করে। প্রচণ্ড আতঙ্কে ড্রাইভারটি গাড়ির কন্ট্রোল হারিয়ে ফেলে। গাড়ি থামিয়ে আবার স্টার্ট দেয় গাড়িতে। এতক্ষণে সাঙ্গাদের ব্লকে ঢোকে গাড়ি। সারা রাস্তা তারা মানুষের আর্তনাদ আর কান্না শুনতে শুনতে এসেছে। কিন্তু তাদের সাহায্য করতে কেউ ছুটে আসেনি। বা সাহায্য করার লোকই হয়তো নেই।

রাত নটা নাগাদ অবশেষে সাঙ্গা বাড়ি পৌঁছোয়। প্রায় দৌড়ে সিঁড়ি দিয়ে ওঠে ও। বেল বাজাতে গিয়ে লক্ষ্য করে দরজা আধখোলা। মা দরজার পিছনে দাঁড়িয়ে আছেন তার ফেরার অপেক্ষায়। মা দরজা পুরোটা খুলে দেন। চোখ জলে ভরা। চেষ্টা করছেন চোখ উপচে না গালে গড়ায়। মার পাশ দিয়ে যেতে যেতে লক্ষ্য করে সাঙ্গা।

সাঙ্গা তার ঘরে ঢোকে। পেছন পেছন মা। ঘামাইএর বিছানার পাশে দাঁড়ায় সাঙ্গা। নিশ্চিন্তে ঘুমোচ্ছে ছেলে। সাঙ্গা সর্ন্তপনে ঘামাইএর ওষ্ঠ স্পর্শ করে। আলতো করে ওর নরম চুলে হাত বোলায়। গভীর একটা শ্বাস নিয়ে বসে এবার বিছানার ধারে। মার মুখে এতক্ষণে হাসি ফোটে। 'মা, ঘামাই কি রকেটের আওয়াজে ভয় পেয়েছে?' 'না, না, ওতো ততক্ষণে ঘুমিয়ে পড়েছে। নড়াচড়াও করেনি একবারও'। মা বললেন। এবার সাঙ্গা অফিসে আজ তার যে অভিজ্ঞতা হয়েছে তার বিবরণ মাকে দিতে লাগলো। মা-ও মন দিয়ে শুনতে লাগলেন।

'জানো মা, আজ আমি যেখানে যেখানে গেছি রকেট বোমাও আমার পেছন পেছন গেছে। আমি নিউজরুমে বসে আছি। বিশাল শব্দ করে এক গোলা পড়ল। চেয়ার ছেড়ে দৌড়ে দরজার দিকে যেতে যেতে পিছন ফিরে দেখি একটা স্প্লিনটারের আঘাতে চেয়ারটা একেবারে ভেঙ্গে গুঁড়িয়ে গেলো। কয়েক সেকেণ্ড আগেই ওখানে আমি বসেছিলাম'।

মা আর্ত চিৎকার করে উঠলেন। তাঁর কন্ঠস্বর প্রতিধ্বনিত হতে লাগলো ঘরময়। শক্ত করে জড়িয়ে ধরলেন মেয়েকে। সারা মুখে হাত বোলাতে বোলাতে দুয়া করতে লাগলেন পরম মঙ্গলময় ঈশ্বরের কাছে। মায়ের দুহাতের মধ্যে আবদ্ধ থেকে পুরো দেহমন শান্ত হয়ে উঠলো সাঙ্গার। সব ভয়, সংশয় কেটে গেলো। মা রয়েছেন পাশে। মা স্কার্ফের কোণ দিয়ে চোখের জল মুছে ঘর থেকে বেরিয়ে গেলেন। একটু পরে একগ্লাস লেবুর শরবত নিয়ে এসে মেয়ের হাতে দিলেন। সাঙ্গা একনিশ্বাসে পান করে সেই অমৃত। অনুভব করে আবার ফিরে আসছে তার হৃত দেহমনের শক্তি। মা তাকে বিশ্রাম নিতে বলে খালি গ্লাস নিয়ে ঘর ছেড়ে বেরিয়ে গেলেন।

এখন রাত এগারোটা। অনেক দূরে একদল কুকুর ডাকছে। মাঝে মাঝেই সাইরেন বাজিয়ে অ্যাম্বুল্যান্স যাচ্ছে রাস্তা দিয়ে। রকেটের আওয়াজ বন্ধ আপাতত। সাঙ্গা বোঝে বিরোধীদের রকেটের স্টক আজকের মতো নিঃশেষিত। ওর মতো তারাও এখন ক্লান্ত। ওরাও এখন ঘুমোতে যাবে সাঙ্গার মতো। আবার আগামী কাল থেকে নবোদ্যমে শুরু হবে নয়া নয়া আক্রমণ। কিন্তু কোথায় এবং কখন শুরু হবে কেউ জানেনা। বেশ ঠাণ্ডা লাগছে এখন। ঘামাই এর গায়ে ভালো করে কম্বলটা টেনে দেয় সাঙ্গা।

ওয়ার্ডরোবের কাছে গিয়ে দরজাটা খোলে ও। কিছুক্ষণ দাঁড়িয়ে হ্যাঙ্গারে ঝোলানো পোশাকগুলি দ্যাখে। তারপর একটা বেছে দরজার হুকে ঝুলিয়ে রাখে। কাল সকাল সকাল ইউনিভার্সিটি যেতে হবে। জানলার পর্দাটা টেনে দেয়। রাস্তার আলো এসে পড়েছে বিছানায়। এবার বিছানায় উঠে টিভিটা অন করে। টিভিতে এখন ফরিদা মাহোয়াশের ক্লাসিকাল গান হচ্ছে। গান শেষ হওয়ার আগেই পাওয়ার চলে যায়।

সাঙ্গা উঠে পর্দা খুলে দেয়। খুব সুন্দর চাঁদ উঠেছে আজ। নরম চাঁদের আলোয় ঘর ভেসে যায়। টিভির স্যুইচ অফ করে দেয়। কখন পাওয়ার আসবে জানা নেই। তারপর শুয়ে পড়ে। কিন্তু ঘুম আসেনা। ঘামাইএর সুন্দর মুখে চাঁদের আলো এসে পড়েছে। ঘুমোলে ওকে দেখায় ঠিক যেন দেবদূত। ছেলের মুখের দিকে তাকিয়ে থাকতে থাকতে কখন যেন ঘুমিয়ে পড়ে সাঙ্গা।

পরের দিন সাঙ্গাকে আবার দেখা যায় ন্যাশনাল রেডিও আর টিভি বিল্ডিং এর সামনে সেই ধূসর রঙের গাড়ি থেকে নামতে। আজ ও কালো স্কার্টের সঙ্গে পড়েছে খাকি জ্যাকেট। হাতে খানকয়েক বই আর হ্যাণ্ডব্যাগ। গাড়ি থেকে নামার সময় ব্যাগটা কাঁধে ঝুলিয়ে নেয়। সানগ্লাসটা চোখ থেকে নামিয়ে মাথার ওপরে রেখে দেয়। চারদিকে কালকের রকেট আক্রমণের নিদর্শন ছড়ানো। সেই ছড়ানো ছেটানো ধ্বংসস্তুপের দিকে একবার সতর্ক আর শান্ত দৃষ্টিপাত করে সেগুলির পাশ কাটিয়ে দৃঢ়পায়ে কর্মক্ষেত্রে ঢুকে যায় আত্মপ্রত্যয়ী সাঙ্গা।

## দশ বছরে পা
ইন্দ্রাণী চৌধুরী

না, আমি দশে পড়লাম না (যদিও ভাবতে ভাল লাগে!)– ভারতবর্ষ থেকে সুদূর এই দেশে এসে আমার থাকা হয়ে গেল দশ–দশটি বছর! অবশ্য সরাসরি আমি ভারত থেকে আসিনি, এসেছি ওমান থেকে। ওমান বা মধ্যপ্রাচ্যের যে কোন দেশই হোক না কেন, ওখানে সবাই যায় কর্মসূত্রে, কাজ ফুরলেই যে যার ঘরে ফিরে আসে। অনেকে এখন ওখানে property কিনছে যদিও, কিন্তু সবই investment; সারাজীবন মরুদেশে থেকে যাবার ইচ্ছে খুব কম বাঙ্গালিই প্রকাশ করবে। তবে মরুদেশে আমাদের জীবনযাত্রা ছিল যেন এক মরুদ্যান– সব রকম আনন্দ, সুযোগসুবিধা আর প্রাচুর্যে ভরা। সবচেয়ে যেটা গুরুত্বপূর্ণ ছিল– যখন খুশি দেশে চলে যাওয়া; আমি আমার জীবনের দীর্ঘ ১৬ বছর মাস্কট (ওমানের রাজধানী)–এ বাস করেও, কলকাতার বিয়ে–পার্বণ কোন কিছুতে বাদ পড়িনি; অন্তত যবে থেকে বাচ্চারা বড় হল!

সেই আমি যখন মাস্কট বন্ধুমহলে ঘোষণা করলাম যে এবার কানাডাতে থাকতে যাচ্ছি, সবাই অবাক হল; কলকাতার আত্মীয়স্বজন জেনে ভ্রূ কপালে তুলল! অনিন্দ্যর তখন মাস্কটে রমরমা practice, তাছাড়া আমাদের মধ্যে ঠিকও হয়েছিল যে প্রথমে আমি থাকতে যাব মেয়েকে নিয়ে। মেয়ে ওখানে দু বছর স্কুলে গ্রেড ১১–১২ করবে, তারপর কলেজে যাবে! এই প্ল্যান শুনে লোকেদের আরও ধারণা হল যে আমি কিছুতেই টিকতে পারবনা; পৃথিবীর আরেক প্রান্তে, উত্তর আমেরিকার বরফের দেশে আমি একা–একা থাকতে যাচ্ছি তখন, যখন আমার বয়স চল্লিশের শেষের কোঠায়। ওই দেশে কোন চেনাজানা নেই– আছে শুধু আমার ছেলে; সেও পড়াশুনা সূত্রে কানাডা চলে এসেছিল দু বছর আগে! ওই একই সময় আমাদের PR Card হয়ে গেছিল, তাই গিয়ে থাকবার অসুবিধা ছিলনা! কিছুটা সন্তানদের টানে আর কিছুটা মাস্কটের এত আরামে অভ্যস্ত জীবন ত্যাগ করে 'comfort zone' এর বাইরে বাঁচার চ্যালেঞ্জ নিয়ে আমি আমার কন্যাকে নিয়ে, প্রত্যেকের দুটো করে বরাদ্দ সুটকেসে জীবনের ন্যূনতম প্রয়োজনীয় জিনিস ভরে চলে এলাম কানাডা! কানাডা তে প্রথম আমরা ল্যান্ড করেছিলাম টোরন্টোয়– কিন্তু ওখানে পাকাপাকি থাকার কথা ভাবিনি। ছেলে ছিল মন্ট্রিয়লে– ভাবলাম ওখানে থাকব। মুশকিল হ'ল Mount Royal এর কোলে সুদৃশ্য শহরের সর্বত্র ফ্রেঞ্চ, পাশাপাশি ইংলিশের প্রায় 'নাম ও নিশাণ' পর্য্যন্ত নেই; মনে হবে কানাডা নয়, ফ্রান্সে বসবাস করছি!!

কয়েকদিন থেকে, দৈনন্দিন জীবনযাপন করতে গিয়ে দেখলাম ফ্রেঞ্চ ভাষা নিয়ে নাকানী–চোবানী খাচ্ছি! এরপর আমাদের নজর পড়ল মন্ট্রিয়লেরই খুব কাছে (রাস্তাপথে মাত্র দু ঘন্টা লাগে), কানাডার রাজধানী অটোয়ার ওপর! ছিমছাম, ছবির মত সুন্দর শহরটাকে এক দিনেই বড় আপন মনে হ'ল। এই শহরের মধ্যে দিয়ে বয়ে গেছে তিনটে নদী! অটোয়া ও তিনটে নদী নিয়ে পুরো একটা গল্প হয়ে যায়– সে কথা আর এক সময় লিখব! পাশাপাশি আমার মেয়ের গ্রেড ১১–১২ পড়ার স্কুল দেখছিলাম। IB education programme বেশি স্কুলে নেই; টোরন্টো, মন্ট্রিয়ল ও অটোয়ার কয়েকটা স্কুলের মধ্যে অটোয়ারটাই সবচেয়ে ভাল লাগল– অতএব আমাদের এই শহরে থাকার সিদ্ধান্ত পাকা হ'ল! এখানেই থাকব যখন মনস্থির করে ফেললাম, তখন খোঁজা শুরু হ'ল বাড়ি। বাড়ি খুঁজতে শুরু করেছি যখন, এখানে তখন হেমন্তকাল, কানাডার বিখ্যাত Fall- গাছে–গাছে চোখ ধাঁধানো রং এর খেলা, তার ওপর সূর্যের আলো বিচ্ছুরিত হয়ে সে এক অতিপ্রাকৃত দৃশ্য! চাক্ষুষ দেখার সৌভাগ্যে আপ্লুত আমার মনের মধ্যে গুনগুনিয়ে উঠছে– 'এই তো তোমার প্রেম ওগো হৃদয়হরণ'।

পরবর্তীকালে অনেক কঠিন সমস্যার সমাধান বোধহয় এই হৃদয়হরণ ও তাঁর (প্রতি) প্রেম করে দিয়েছেন! ইতিমধ্যে কানাডার দোর্দন্ডপ্রতাপশালী শীতও তার উপস্থিতি জানান দিচ্ছে, তার মতিগতি অনেকটা এরকম– 'হেমন্তকেই সমস্ত হৃদয় দিয়ে বোস না...একটু রোস!' বন্ধুরা পরামর্শ দিল, 'বাড়ি পরে হবে, শীতের প্রকোপ থেকে

বাঁচতে হলে আগে গাড়ি কেন!' আমার মাস্কট থেকে International Driving License করা ছিল, সেই license এ আমি ভাড়া গাড়ি চালাতে পারব। ভাড়া গাড়ি তাই নিয়ে নিলাম যতদিন না কানাডার license হচ্ছে!

শীতের আগমনে যে হাড়-কাঁপানো হাওয়া শুরু হয়, তাতেই আমি প্রায় কুপোকাত। মেয়ের স্কুল শুরু হয়ে গেছে, তাই বাড়িতে বসে থাকার উপায় নেই! কিন্তু সেই বেরোনোতেই আমার আশ্চর্য্য উপকার হ'ল- প্রথম থেকেই আমার শীত সম্পর্কে যাবতীয় ভয় ভেঙ্গে গেল! সকাল-সকাল মেয়েকে স্কুলে ছাড়তে যেতাম গরম জামা, জ্যাকেট, ঢাকা জুতো-মোজা, টুপী-দস্তানা পরে- পুরো তৈরী হয়ে; ওকে ছেড়েই আমি হাঁটতাম ৪০ মিনিট। কখনো সেই হাঁটা এক ঘন্টার ওপর হয়ে যেত; কারণ আমি ঘড়ি ধরে হাঁটতাম না, আর চেনা রাস্তাতেও বারবার হাঁটতাম না। একবার একটা রাস্তা চেনা হয়ে গেলে সেই রাস্তার প্রতি আমার আকর্ষণ কমে যেত; আবার আরেকটা অচেনা রাস্তায় পা বাড়াতাম। প্রথমে বাড়িতে ফিরে এসে, গাড়ি রেখে হাঁটতে বেরোতাম; কখনো মেয়ের স্কুলের পার্কিং এ গাড়ি রেখে; তারপর কাছে-দূরে বাজার করতে যেতাম যেখানে, সেখানে গাড়ি রেখে হাঁটতাম। প্রথমে হেঁটে, তারপর বাজার করে বাড়ি ফিরতাম। একবার তো এই করে পার্কিং security আমাকে টিকিট ধরিয়েছিল- শপিং এরিয়াতে নাকি শুধু শপিং করার জন্য গাড়ি রাখতে পারব! - কিন্তু টিকিট খেয়েও আমার শিক্ষা হয়নি!

একদিন বিকালবেলায় হাঁটছিলাম। এখানকার লোকেদের মত তখন অতটা 'weather forecast' দেখতে সড়গড় হইনি, তাই না দেখেই বেরিয়ে গেছি। বিশাল মাঠের মধ্যে দিয়ে যখন হাঁটছি, হঠাৎ বরফ পড়তে শুরু করল। সে কি অবর্ণনীয় অভিজ্ঞতা! মাথার ওপর থেকে যেন মেঘের কালো চাদরটা সরে গেল; বরফের শুভ্রতায় চারিদিক আলো হয়ে উঠল। কোন মায়াবী ঘোরে হেঁটে চলেছি, হঠাৎ পকেটে ঝনঝন করে মোবাইল ফোনটা বেজে উঠে আমার ঘোর কেটে দিল। ওপ্রান্তে আমার অটোয়ার সবচেয়ে প্রথম বন্ধু শর্মিষ্ঠার গলা, 'ইন্দ্রাণীদি, কোথায় তুমি? Snowstorm warning আছে, এক্ষুণি বাড়ি ফিরে যাও!' এই হচ্ছে এদেশের 'weather forecast'- সময়, পূর্বাভাষ…সব মিলে যায়! আর এই হচ্ছে এদেশের নাগরিক- দিনের প্রথমে আবহাওয়া জেনে, প্রস্তুতি নিয়ে তারপর বাড়ি থেকে বের হয়। আমি আমার পুরনো স্বভাব অনুযায়ী একবার হাতে কোট, টুপি, দস্তানা, মাফলার- সব নিয়ে বাইরে বেরিয়ে এসেছিলাম, ভাবখানা এমন যে গাড়িতে বসে পরে নেব- কিন্তু বাইরে বেরোনো মাত্র এমন কনকনে ঠান্ডা যে, আবার ছুটে ভেতরে এসে সব পরে তারপর বেরোলাম। ঠান্ডার দাপট এমন যে এক নিমেষে হাত জমে অসাড় হয়ে যায়!

গাড়ি তো নিলাম, কিন্তু শহরটাই ভাল করে চিনিনা; GPS দেখতেও শিখিনি (এখন যদিও আধুনিক গাড়িতে built-in navigation system এর দৌলতে ম্যাপের নির্দেশ শুনে গাড়ি চালানো অনেক সহজ হয়ে গেছে) - এই অবস্থায় আমি বাড়িতে গুগল ম্যাপ দেখে একটা ছোট হোমওয়ার্ক করে গাড়ি চালাতাম আর শুধু পূর্ব-পশ্চিম, উত্তর-দক্ষিণ নির্ণয় করে, গন্তব্যস্থল থেকে বাড়ি ফিরতাম। রাতের অন্ধকারে এই করে আমি ২০ মিনিটের রাস্তা কখনো এক ঘন্টা লাগিয়ে বাড়ি ফিরেছি- এ যেন আমার কাছে এক রকমের অ্যাডভেঞ্চার! প্রথম বছরে সেই নভেম্বর থেকেই স্নো পড়তে শুরু করেছিল। যত সকাল কি রাত-ই হোক না কেন, সেই কনকনে ঠান্ডা আর ঝুপঝুপে বরফের মধ্যে গাড়ির গা থেকে স্নো-ব্রাশ দিয়ে স্তুপ-স্তুপ বরফ ঝেড়ে ফেলে, তারপর গাড়িতে ওঠো! গাড়ি চালাচ্ছি, কিন্তু রাস্তা ঠাহর করতে পারছিনা- রাস্তা কোথায় বেঁকেছে, কোথায় শেষ হয়ে ফুটপাথ শুরু হয়েছে, বুঝতে পারছিনা, তার মধ্যেই গাড়ি চলছে! স্পীড যদিও ২০ কিমি কিন্তু তাতেও সামনে ট্রাফিক সিগন্যালে থামা মুস্কিল- বিশেষ পদ্ধতিতে ব্রেক পাম্প করে থামতে হয়! এ সবই শেখা হাতে-কলমে, পরিস্থিতির মোকাবিলা করতে-করতে! গাড়ির গা থেকে মোটামুটি বরফ ঝেড়ে ফেলে গাড়ি চালাচ্ছি, ব্রেক কষলাম, windscreen এর সামনে ঝুপ করে এক গামলা বরফ পড়ল- কোথা থেকে পড়ল? কোনরকমে গাড়ি পাশে রেখে বেরিয়ে দেখি, গাড়ির মাথার ওপরে এখনও অনেক বরফ! লম্বা মানুষ না হলে কি করে জানিনা! সেদিন দোকানে দেখলাম একটা স্নো-ব্রাশ এর হাতলটা বাড়ানো-কমানো যায়- কিনতে হবে, এ বছরের শীতের প্রস্তুতি এখনই দোকানে দোকানে শুরু হয়ে গেছে। আবার, এখানে শহরের মধ্যেই অনেক গ্রীন-বেল্ট অঞ্চল আছে যেখানে কোন রাস্তার আলো থাকেনা- রাতে যখন বরফের মধ্যে গাড়ি চালিয়ে ওরকম জায়গা দিয়ে যাই, দুপাশে জমে থাকা বরফের গা থেকে আলো ঠিকরে মনে হবে যেন সেদিন পূর্ণিমা! আসলে সেটা তারাদের আলো; আর যেদিন সত্যি পূর্ণিমা থাকে, লক্ষ হীরের দ্যুতি

নিয়ে চারপাশে সেদিন মাতাল করা পরিবেশ সৃষ্টি হয়! রবীন্দ্রনাথের 'বসন্তের এই মাতাল সমীরণে' এর সাথে স্থান-কাল-পাত্র না মিললেও ইচ্ছে করবে গাড়ি থামিয়ে নেমে হাঁটি, চলে যাই রূপকথার দেশে। বাস্তবিকভাবেই রূপকথার বইতে দেখা সমস্ত ছবির সাথে এই দেশের সবকিছু মেলে, তাই শীতকালের ঠান্ডা বা বরফ নিয়ে অভিযোগ না করে বরং বলি 'জিন্দগী, চল তেরা শুকরিয়া'!

প্রথম বছরের অভিজ্ঞতা আমার এ দেশে থেকে যাবার ভিতটা পাকাপোক্ত করেছে। সেই বছরেই বাড়ি কিনে নিলাম; প্রথমে ভাড়া বাড়ি, তারপর নিজের বাড়ি- অত কিছু করার ক্ষমতা নেই, তাছাড়া হাতে সময়ও তো কম! দু বছর পর মেয়ে স্কুল শেষ করে চলে গেল টোরন্টো বিশ্ববিদ্যালয়ে। আমি রয়ে গেলাম অটোয়াতেই! ২০১৮ তে অনিন্দ্য মাস্কট ছেড়ে স্থায়ীভাবে চলে এল। ঐ একই বছরে আমি কানাডার নাগরিকত্বের শপথ নিলাম। নতুন দেশ আমাকে দুহাত বাড়িয়ে আপন করে নিল; আমার কাছেও নতুন দেশ, নতুন পরিবেশ কখন জানিনা, নিজের অজান্তেই 'আমার' হয়ে গেল। ছেলেমেয়ে এখন টোরন্টো তে আর আমরা অটোয়ায়। ওরা যখন আসে, তখন ওদের হাজার ব্যস্ততা টোরন্টোয় ফেলে রেখে, এখানে পুরো সময়টা আমাদের দেয়। এছাড়া আমার নাচ, অনিন্দ্যর ব্যবসা, অনেক বন্ধুবান্ধব আর হইচই নিয়ে আমাদের জীবনের বছরগুলো এখন ভারতবর্ষের বসন্ত, মরুদেশের উষ্ণতা আর কানাডার হেমন্ত ও শীতের সমারোহে বৈচিত্রময়, পরিপূর্ণ, সুন্দর।

## A Club to Call my Own

**Sreejita Das** (20 years old at the University of Ottawa)

I have always felt lost in my sense of identity, especially growing up in Canada. I felt like I wasn't Desi-enough, while simultaneously feeling like I wasn't Westernized enough to fit anywhere. Last school year, a new club popped up at the University of Ottawa, the Bangladeshi Students Association. Initially enticed by an executive position, I backed out partially due to being busy with school, but partially also due to those initial feelings of not belonging. Two weeks after hiring, I still felt a twinge of regret, so I asked if there was any other position I could fill on the committee. They offered me the position of General Associate, and I happily accepted. Little did I know the impact this club would have on my sense of identity.

Last year I helped decorate and set up events as well as suggest events to plan, but the real sense of connection grew from the members on the committee. I had the ability to meet and connect with so many Bengali people my age. As we continued organizing and holding events, I learned more about Bengali culture and grew my roots even deeper.

Our club culminated the school year with Pohela Boishakh, our biggest event of the year. The event took so much planning, but the end result made it worth it. We hosted Pohela Boishakh at a restaurant and decorated it beautifully and creatively; we used different coloured sarees as curtains, flower garlands and plastic green vines for the photobooth. My non-Indian friends even came to support me, and I lent them some of my cultural clothes so they would get the full experience. We had performances, varying from singing and dancing, as well as an open dance floor at the end. In the middle of the performances, we even had a saree wearing competition; but for the guys! The men would have 5 minutes to put on a

saree and it was hilarious; everyone was laughing. At the end of the show, we had an executive team-member dance and everyone loved it. The fun part was learning and choreographing a Desi dance 24 hours before the event. I think we spent 5-6 hours the day before our event learning the dance and practicing over and over again, and it was so much fun! Seeing everyone on the committee come together to learn a dance was not only a bonding moment, but also further proof to how well the club executives worked together. Overall, the event was a big success; we had over 70 Bangladeshi students come to our event, everyone dressed in various shades of red and white.

This year, my role and commitment to the club has elevated; I'm now one of the vice-presidents of Events - actually spearheading and implementing the events we plan. As of now, we have planned an Adda Night (September), Bhooter Raat (October), Networking Night as well as a Girls Only Mehendi Night. I'm in charge of planning what we do at these events as well as determining the budget for these events. While it is definitely a lot more work than last year, I really enjoy planning these events where students can feel a sense of belonging while also having fun. Not to spoil the surprise too much, but we are in the midst of preparing for Pohela Boishakh and getting everything sorted out to make it bigger and even better than last year!



Executive Members of the Pohela Boishakh Club



**Rabindranath Tagore by Arun Roy**

# বাঙালির ব্যবসা

## অরুন রায়


একজন মাড়োয়ারী ব্যবসাদার শুনলেন যে এক বাঙালিবাবু--নাম রবীন্দ্রনাথ--একখানা বই লিখে নোবেল প্রাইজ পেয়েছেন আর তার জন্য কয়েক লাখ টাকা পেয়েছেন।এই ব্যবসাদারের মনে কি ভাবনা এলো?

ব্যবসা জানেনা বাঙালিলোগ ছোড়ো এসব বাত,
রবিবাবুনে এ্যায়সা কিয়া জ্যায়সে দিনকো বনায়া রাত।
কোঁকড়া কোঁকড়া চুল লেকর সাধুবাবা এক বনা,
ব্যবসাবুদ্ধি তার জ্যায়সা আছে নেহি কুছ তার তুলনা।
দো রুপিয়াকা কাগজ লেকর বৈঠকে একলা ঘরমে,
হাবিজাবি সব লিখে দিলেন জ্যায়সা আয়া মনমে।
রবিবাবুসে আচ্ছিতরহ শিখো সকল ভাই,
দো রুপিয়া খরচ করকে দোলাখ কিয়া কামাই।

# AN ODE TO CANADA

## Arun Roy

Victory to thee Canada, Land of Many Human Streams
Thou helped many a people to fulfill their Dreams.
Many a people who faced cruelty and hardship,
Thou welcomed them with open arms and compassion deep.
Your beautiful lakes and rivers sing thy praise,
We, thy sons and daughters join them night and days.
We, your sons and daughters stand on guard for thee,
We work hard everyday to keep you strong and free.



**Durga –Somdatta RoyChoudhuri**

## মেয়েবেলার শরৎকাল

### অনিমেষ বন্দ্যোপাধ্যায়

শরৎকাল আর মেয়েবেলা,
আকাশ জুড়ে মেঘের খেলা।
ভোরের আলো সবুজ ঘাসে,
শিশির ভেজা শিউলি হাসে॥

মনটা ছোটে জানালা দিয়ে,
ওই দূরেতে ট্রেন লাইনে।
ঘাসের মাথায় সোনার মুকুট,
হৃদয় মাঝে থাকবে অটুট॥

বাইক ছোটে রাস্তা চিরে,
একটি ঘন্টা ট্রেনের ভিড়ে।
লাল হলুদের ট্যাক্সি ছোটে,
পথের শেষে গড়িয়াহাটে॥

কোলকাতাতে জমকালো ভিড়,
সন্ধ্যা শেষে রাত্রি নিবিড়।
মায়ের হাতে পূজোর বাজার,
বাড়িতে আজ খুশীর জোয়ার॥

পূজোর গন্ধ, ঠান্ডা বাতাস,
ছোট্ট মেয়ের দীপ্ত আকাশ।
ধর্ম, বর্ন, জাতির মিলন,
মানুষ সত্য, নাই ব্যবধান॥

মা আসছেন, প্রদীপ জ্বালো,
চার দিনেতেই বছর আলো।
যাই ভুলে সব ক্রোধ বিদ্বেষ,
জগৎ জুড়ে দৈব আবেশ॥



আমার উমা – ইন্দ্রাণী বন্দ্যোপাধ্যায়

# গল্পের মত
## পূর্ণা চৌধুরী

**<u>এক</u>**

এ গল্পে নানা নিধি: মৈমনসিংহ, নেত্রকোণা, দালাইন্যা বাড়ি, পূবের বাড়ি, মইধ্যের বাড়ি, নয়াবাড়ি, আর পত্রনবীশদের তিনশো বছরের দূর্গাপুজো।
কিন্তু আসল নিধি গোলাপবউ।

কোনকালে কোনও ঠাকরুণ ঠিক করেছিলেন চার শরিকের মধ্যে সবথেকে সুন্দরী বউটির নাম হবে 'গোলাপ'। প্রতি প্রজন্মেই একটি করে গোলাপ। ঐ নামেই শ্বশুরবাড়িতে পরিচয়। সেই নিয়ম চলেছিলো বহুদিন … পূবের বাড়ির বড়জ্যেঠিমা আমাদের বাড়ির শেষ গোলাপ বউ। বংশের বড়বউও তিনিই।

ঠিক বোধনের আগে এসে পৌঁছোতেন গোলাপ জ্যেঠিমা; আসা নয় তো, আগমন। হীরের ফুল আর হাসির ঝলক। ঠোঁট পানের রসে লাল। তার আগে জ্যাঠামশাইদের অস্থির ঘোরাঘুরি: "তোমরা সামলাইতে পারবানা, বৌঠানরে আইতে দাও"। এই নিয়ে ছোট জা'দের ঠোঁট টিপে হাসি। ননদদের দুটো একটা টিপ্পনি ছোঁড়া।

বিল্ব বৃক্ষমূলে পাতিয়ে বোধন
গণেশের কল্যাণে গৌরী আগমন
ঘরে আনব চণ্ডী কর্ণে শুনব চণ্ডী
আসবে কত দণ্ডী জটাজুটোধারী …

নিচু গলায় গুনগুন করে গান করতেন গোলাপজ্যেঠিমা, আর ছড়িয়ে বসে ছোট জাদের দিয়ে বরণডালা সাজাতেন আর হৈ হৈ করতেন। গোলাপ জ্যেঠিমা পুজো বাড়ির লাল রং।

--"সোনাঠাকুর, আপনে খড়ম খটখটাইয়া ঘুইরেননা, আমরা আমরার কাম ঠিকই করতে আসি…আপনে অহন আসেন।"

বাড়ির সবচেয়ে রাগী কর্তাটি হাসিমুখে বকুনি খেয়ে 'খড়ম খটখটাইয়া' চলে যেতেন।

কোথাও একটা অদ্ভূত মন ছিলো জ্যেঠিমার। অন্যরকম।রসে টইটুম্বুর মানুষটা যেন বড় বেশী হাসত, বড় বেশী ছটফট করতো, বড় বেশী সুন্দর হয়ে থাকতো। শাড়ীর পাড় কি একটু বেশী ঝলমল করতো জ্যেঠিমার? সোনার চুড়িগুলো একটু বেশী ঝনঝন? জীবনে একচিলতে মেঘ ছিল কোথাও…গানে গল্পের ফাঁকে লুকোনো থাকতো, ঠিক ধরা যেতোনা।

আমাদের বাড়ীর প্রতিমা ছিল কোনও এক পূর্বপুরুষের স্বপ্নে পাওয়া: কার্তিক আর গণেশ কেন যে জায়গা বদল করেছিলেন কে জানে। কলাবউ-এর ঠাঁই হতো ভাসুরের পাশে। শাড়ী পরানোর ফাঁকে ফাঁকে চলতো জ্যেঠিমার গুনগুন: "যেমন বংশ, তেমনই পূর্বপুরুষ, বউরে বসাইসে ভাসুরের ল'গে। মরণ আমার।"

একটা পুরোনো পরিবারের অনেক গল্প থাকে। অনেক আলোআঁধারি। কেউ সেসব নিয়ে বেশী ভাবে না।সম্পর্কগুলো লতানে গাছের মত জড়িয়ে থাকে, কেউ সে জট ছাড়াতে চায়না। পূবের বাড়ীর এই বউটি হয়ত

সেটা মেনে নিতে পারেনি। দশমীর বরণের সময় ভারী অদ্ভুত একটা কাজ করতেন মানুষটা। প্রতিবছর। দুর্গা আর লক্ষ্মীকে যত্ন করে সিঁদুর পরাতেন। সরস্বতীর বরাদ্দ ছিল শুধু প্রণাম আর পান সন্দেশ।

"ও দিদি, সরস্বতীকে সিঁদুর দেবেন না?"

--"নারায়ণের লগে বিয়া হইসিলো? তরা দে গা যা...আমি দিয়াম না!"

বরণের সময় মুখ ভাসিয়ে কাঁদতেন জ্যেঠিমা। চোখমুখ ফুলে যেত।

– "এত কাঁদেন কেন দিদি?"

-"আমারও তো তিন মাইয়া। কোনডা কুন মুখপোড়ার হাতে পড়ব কে জানে?"

তিন মেয়ের একজনও মায়ের রূপ পায়নি। একথাই সবাই বলতো। মিতাদিদি কালো, চোখে চশমা ছোটবেলা থেকেই। মুক্তাদিদির রং টুকটুকে কিন্তু মায়ের ঝলক নেই। টুলটুলি লাবণ্যময়ী, শান্ত। একজন পুণে। একজন হাওড়া। টুলটুলি কোথায় কে জানে...

ছোটবেলায় সবকথা ভালো বোঝা যায়না, আবার যায়-ও। একটা কথা নয়বছুরে আমি খুব বুঝেছিলাম: পত্রনবীশদের পুজোদালানে দাঁড়িয়ে শিবকে 'মুখপোড়া' বলার সাহস একমাত্র গোলাপ বউ-এরই ছিলো।

## দুই

রাণী পিসীমার নাম কেন রাণী ছিল তা কোনওদিন জানতে পারিনি। আমার অন্য পিসীদের নাম ছিল ফুলের নামে: অতসী, শেফালী, যূথিকা, মুকুলিকা...আর একজন ছিল, যার নাম তেমনভাবে কেউ করতো না। সে ছিল কুন্দনন্দিনী। কি অদ্ভুত নাম!

নামকরণ ঠাকুর্দারাই করেছিলেন, হয়ত বুঝেছিলেন অনঙ্গমঞ্জরী, ইন্দুমতীদের দিন শেষ হয়ে আসছে। ওসব আমার ঠাকুমাদের নাম। আমাদের বাড়ীতে তখন বউদের নতুন নাম দেওয়ার চল ছিল, আমার ছোটঠাকুমার নাম ছিল কালীতারা, তিনি হলেন ইন্দুমতী। আমার ঠাকুমা লাবণ্যলতা থেকে লাবণ্যপ্রভা।

সে যাই হোক, হচ্ছিল রাণী পিসীমার কথা। টুকটুকে ফর্সা, ছোটখাটো মানুষ, পানপাতা মুখ, ছোটঠাকুর্দার মেয়ে। ঠাকুর্দারা গরীবঘরের মেধাবী ছেলে দেখে মেয়েদের বিয়ে দিতেন তারপর তাঁরা থিতু হলে মেয়েরা বাপের বাড়ী ছাড়ত। ক্ষীরোদ পিসেমশাই ছিলেন ময়মনসিংহ জেলায় ম্যাট্রিকে প্রথম। খুব দর হেঁকেছিলেন ওনার বাবা। বড়ঠাকুরদা তাতেই রাজী। বিপদ হল বিয়ের আসরে। বরকর্তা হঠাৎ দর বাড়িয়ে ফেললেন হীরের টুকরো ছেলের। বড়ঠাকুর্দা বলেছিলেন: "দিয়াম'নে বেয়াইমহাশয়...কিন্তু একটাকার নোটে...আপনে বিবাহস্থলে হক্কলের সামনে বইস্যা গুইণ্যা নিবেন।"

এসব গল্প মা'র কছে শোনা, কথকঠাকরুন লাবণ্যপ্রভা, আমার ঠাকুমা:

"বড়ঠাকুর ভিতরবাড়িত আইয়া রাণীরে কইলেন: "মা-রে, খোঁজখবর না লইয়া ত'রে নিকৃষ্ট ঘরে দিলাম আমারে ক্ষমা কইরা দে মা!" রাণী পিসীমার ফুলশয্যাও বাপের বাড়িতে। বড়ঠাকুর্দা বিধান দিয়েছিলেন,

"আমরার মাইয়া বেচুইন্যা বাড়ী যাইত না"!

রাণী পিসীমার শ্বশুরবাড়ি থাকা হয়নি। দেওর ননদের বিয়েতে সকাল সকাল পাল্কি করে গিয়ে বিকেল বিকেল রওনা। তখনকার কালে পুর্ববঙ্গের গ্রামে দুপুরবেলা বিয়ে বৌভাত সব।

আমি যখন পিসীমাকে দেখি, তখন পিসীমার কাঁচাপাকা চুল, 'সোনার খাটে গা রুপোর খাটে পা'। 'বেচুইন্যা বাড়ী'র ছেলে তখন মস্ত উকীল। পিসীমার দুই ছেলে দুই মেয়ে । পিসীমার খাবার ঘর আমাদের আস্ত বাড়ী।

--এগুলো কি রুপোর, মা?
--চুপ, বোকা মেয়ে!

বোকা মেয়েরা অনেক কিছু বোঝে কিন্তু বাবা মা কে বলে না। যেমন কুন্দপিসী, কুন্দনন্দিনী। ছোটঠাকুর্দার ছোট মেয়ে। শ্যামলা, ছটফটে চোখ, গলা অদ্ভূত ভাঙা আর সুরেলা। কুন্দপিসীর কোমরে মস্ত ঝুমকোয় বাঁধা অনেক চাবি। কুন্দপিসী ঘরে থাকলে পিসেমশাই খুব হাসেন, মুখটা আলো আলো হয়ে যায়। রাণীপিসীমার শাড়ী পছন্দ করে কুন্দপিসী। ঝকমকে জরির ধাক্কা দেওয়া। নিজের শাড়ি সাদা, হালকা বাদামী...কুন্দপিসী টিপ পরে না, গয়না পরে না। খুব হাসে। আর লবঙ্গ খায়। রাণীপিসীমার ঠোঁট পানের রসে লাল।

ঐ বাড়ীটাতে যারা থাকে তারা আমাদের মত না। এমনকি মামাবাড়ীর মতও না। সবাই কম কথা বলে। সমীরদাদা নিচে নামে না, এমন কি তার তিনতলার সিঁড়িও আলাদা। ঝুন্টুদিদি নিজে নিজে বিয়ে করলো । কিছুতেই সানাই বাজিয়ে বিয়ে করতে চাইলো না। বাবারা দল বেঁধে ভাই ফোঁটা নিতে যায়, কোনও পিসীমা যায়না। রাণীপিসীমা কিন্তু সবার বাড়ি যায় সাদা গাড়িতে করে। কিছু খায়না, বলে "কুন্দ রাগ করবো।"

শেষবার রাণীপিসীমাকে দেখি মেজদির বিয়ের সময় ধানবাদে। বৌদিদের থুতনি নেড়ে রঙ্গরসিকতা। হাতে তাল দিয়ে দিয়ে বাচ্চা মেয়ের গলায় মৈমনসিংহের বিয়ের গান গেয়েছিল রাণীপিসীমা:

রহণ ছাড়িলে যেমন চান্দের প্রকাশ ।
কুমারে দেখিয়া কন্যা পাইল আশ্বাস ।।
প্রভাতের ভানু যিনি ছুরত সুন্দর ।
একে একে দেখে কন্যা সর্ব্ব কলেবর ।।
কন্যারে দেখিয়া কুমার লাগে চমত্কার ।
এমন নারীর রূপ না দেইখ্যাছে আর ।।
পরথম যৌবনে কন্যা হীরা-মতি জ্বলে ।
কন্যারে দেখিয়া কুমার কহে মিঠা বুলে ।।

রাণী পিসীমা এত কথা বলেনি, এত গান কখনও করেনি, করে না। কে জানতো পিসীমার গলায় এত সুর! চুপচাপ মানুষ চিরকালই। আড়াল থেকে শুনেছিলাম রান্নাঘরে জ্যেঠিমাদের ফিসফাস:

– "রাণী ঠাকুরঝিরে দ্যাখসস্? ভাবভঙ্গী কেমন জানি ভাল ঠ্যাহেনা। মাথাখান এক্কেরে গেসে..."

মেয়েরা বড় হয়। শাড়ী ধরে, লাল ঝুঁটি লম্বা বিনুনী হয়...আরও অনেক কিছু হয় তখন। হঠাৎ কাউকে দেখে শ্বাস নিতে কষ্ট হয়, শরীর কাঁপে...এইসব। ভুলেই গেছিলাম পিসীমাকে। একদিন কলেজ ফেরৎ শুনেছিলাম রাণী পিসীমা চলে গেছেন। ঠিক দুই সপ্তাহ পরে ক্ষীরোদ পিসেমশাই।
জ্যেঠিমারা বলাবলি করেছিল:

– “সতীলক্ষ্মী সিঁদুর পরানোর মানুষডারেও লইয়া গেল...”

কুন্দপিসী এখনও আছে; একটা ছোট ভাড়া করা ফ্ল্যাটে। পিসেমশাইয়ের রাজপ্রাসাদে পিসীর ঠাঁই হয়নি। কে জানে।

গোলাপ বৌয়ের ঝাঁঝ, সাদা সিঁথি সরস্বতী, রাণী পিসিমার গান, কুন্দ পিসীর রুপোর চাবি ছড়া সব কেমন মিলে মিশে একটা আঙুলে টানা আল্পনা হয়ে যায়, ঠিক গল্পের মতো।

## The recent rise of Human Trafficking and possible contributing factors

**Shaoni Disha Chakraborty**

When humanity abolished human slavery, they never realized that it would return in different forms, stripping away people’s human rights. Human trafficking is an open wound in our society; a social stigma that has weakened mankind. The practice of human trafficking has been recurrent for centuries and found worldwide. Human trafficking is highly prevalent in India, creating a newform of ‘slavery’. Bordering Bangladesh, the state of West Bengal is home to one of the largest trafficking hubs in India, accounting for some 25% of trafficking cases. In 1989, trafficking cases spiked by 400% from the previous year. This merits a closer look at the possible factors that led to such a sudden increase in trafficking incidents. For example, during the COVID-19 pandemic, trafficking and kidnapping cases have nearly doubled. Unfortunately, the rise of cases both in 1989 and 2020 both stem from the same systematic inequalities found in society. Human trafficking encompasses a wide range of crimes like forced labor, prostitution, and organ trafficking. Although COVID-19 is a factor, there are other factors that often also contribute to human trafficking. For example, environmental disasters, religious violence, and political instability.

### Environmental Disasters

The Indian state of West Bengal, particularly its southern Sundarban forest region, faces frequent extreme weather events such as cyclones, floods, and droughts due to its geographical location. The local population, largely living in poverty and reliant on agriculture, is highly vulnerable to natural disasters, creating ideal conditions for human traffickers to exploit them when disasters render them homeless. The absence of protective legislation exacerbates the problem, as survivors are often lured by traffickers with false job promises.

### Religious Violence

Religious tensions are closely linked to human trafficking, as people become vulnerable in their own communities. Women and children are especially at-risk during conflicts, leading to the illegal sex trade. Vulnerable groups like Dalits, scheduled castes, tribes, and Muslims are often permanently marginalized after religious riots, becoming targets for trafficking.

**Civil Unrest**

Since the 1970s, West Bengal has experienced a unique form of political violence associated with both the Communist Party of India (CPI-M) and the Congress party - both resorted to strategies to attract votes, resulting in political violence between supporters of different parties, including incidents of murder, loot, arson, and kidnapping. Political instability has various consequences for increasing human trafficking. Some argue that criminal justice policies and government corruption are to blame for the rise in trafficking, as politicians manipulate the legal system to escape prosecution while benefiting from the trafficking business. However, most researchers emphasize that displacement after political violence, coupled with government corruption, leads to increased vulnerability and a higher incidence of trafficking.

**Recent Years**

Several present-day factors have been linked to the recent increase in kidnapping and trafficking cases, including the COVID-19 pandemic, cyclone Amphan, reduced access to education, and the rise of social media. The pandemic led to a nationwide lockdown in 2020, severely impacting marginalized populations through job loss, food insecurity, and disruptions in access to health services and education. This forced vulnerable workers to return to rural areas in search of jobs, making them more susceptible to exploitation by traffickers promising high-paying jobs. The closure of schools during the pandemic increased the risk of exploitation and COVID-19 infection for children forced into the streets in search of income and food. Many children lost their parents, dropped out of school, and entered a cycle of poverty, becoming easy targets for traffickers who lured them into labor or sex work. Pandemic-related restrictions also hampered law enforcement's capacity to prevent trafficking, allowing traffickers easier movement near borders and the trafficking of migrants.

The increase in internet usage, particularly in rural areas, exposed younger children to the dangers of social media and online interactions with strangers. Traffickers exploit this lack of awareness, making it more challenging for child protection systems to detect and prevent such crimes. Cyclone Amphan, one of the most powerful tropical cyclones to hit the region, disrupted traditional livelihoods and left communities vulnerable to exploitation as they struggled to recover from the devastation. The growing frequency of natural disasters has trapped these communities in a cycle of poverty, making them easy targets for traffickers. Unfortunately, trafficking incidents often go unnoticed during these times as the focus is on immediate disaster response and recovery. As of 2022, it is estimated that there are more than 8 million trafficking victims in India, with West Bengal now accounting for nearly 50% of all trafficking cases. Attempts by state authorities to register trafficking cases as kidnappings have not reduced the numbers, with kidnapping cases nearly doubling since 2020.

These issues persist in the present days and pose a significant threat to vulnerable communities. To address this problem and ensure the safety of society from traffickers, it is crucial to educate and raise awareness among people, transcending barriers of caste, economic

status, or religion. Human trafficking violates fundamental human rights, and every individual should have access to the rights they are born with.

## Essence of Maa Durga – A personal perspective

**Aheli Banerjee** (10 years)

Maa Durga is very special to me. Living in Canada, I've always enjoyed the celebrations of Durga Puja with my family and friends including listening to Mahalaya, offering puspanjali and enjoying arati. Even if the celebrations in Canada are different from India, it has still taught me something truly special — the essence of Maa Durga.

In our Hindu religion, Maa Durga is many things to many people. She is considered to be the symbol of a fearless warrior, courageous, protector and the destroyer of evil. She is a powerful Hindu goddess who is worshiped by Hindus around the world. She represents power, bravery, and to always be strong no matter what happens.

To me, the essence of Maa Durga is positive energy and power, and her ten hands hold something unique to show that. Each of these hands holds a distinctive object, and their meanings are special for all of us. Maa Durga's ten hands taught me the following:

1. **Conch shell:**-The sound a conch shell makes is believed to be the most sacred and powerful of all sounds in the world. The conch originates from the sound of "OM" and reminds me to listen to my inner voice and follow my instincts.
2. **Bow & Arrow:**-The bow and arrow are the symbols of energy. The bow and arrow teach me about focus and determination.
3. **Thunderbolt:-**(Vajra)- The existence of the thunderbolt in Maa Durga's hand expresses that however hard the situation is, a person must be strong enough to win over evil. The Vajra teaches me to face challenges with courage and strength.
4. **Lotus:**-The presence of a lotus in Maa Durga's hand symbolizes purity. It teaches me to keep my thoughts and actions pure.

5. **Sword:**-The sword symbolizes knowledge. The power of the sword indicates that knowledge is the most important part of human existence and the knowledge never goes away. It teaches me to keep learning new things.

6. **Chakra:**-The chakra represents the sphere of life which keeps on revolving as long as we are alive. Whatever happens, the Chakra teaches me to evolve.

7. **Trishul(Trident):**-The Trident symbolizes courage. It teaches me to have Courage wherever I go, so I can face down any challenge that comes my way.

8. **Abhaya Mudra**:-Abhaya Mudra in one of the ten hands of Maa Durga symbolizes blessings and forgiveness. It teaches me to always forgive people and to be kind.
9. **Mace**:-It symbolizes physical and mental strength. It teaches me to be strong no matter what.
10. **Snake**:-Snake is a symbol of hard work. This teaches me to always put my best effort into something I am working on.

The essence of various objects in Maa Durga's hands teaches us the way of life. I believe everyone has the essence of Maa Durga in themselves.

# দুই প্রজন্মের বাক্যালাপ ও বোঝাপড়া
## অমর কুমার

ট্রেন ছাড়ার নির্ধারিত সময়ের অনেকটা আগেই সস্ত্রীক স্টেশনে পোঁছে গেলেন আশুতোষ সান্যাল। সবকিছু ঠিকমত নেওয়া হয়েছে কি না, ক'টাই বা মালপত্র তবু বার বার নজর রাখছেন, ইষ্ট দেবতাকে স্মরণ করছেন, পুরনো দিনের সাবধানী মানুষ তিনি। এসবই ওনার ছোট বয়স থেকেই মজ্জাগত অভ্যাস। ছেলে মেয়ে ভাই ভাইপো নাতি নাতনি গাড়ীতে তুলে দিতে এসেছে। সবাইকে কাছে ডেকে প্রয়োজনীয় কথাবার্তা বলছেন, নাতি নাতনিদের কোলে নিয়ে আদর করছেন। আশুতোষ বাবু স্ত্রী রমলাকে সঙ্গে নিয়ে চলেছেন দিল্লী, মেয়ের কাছে কিছুদিনের জন্য। জামাই রুদ্রনীল বদলি হয়ে যাচ্ছে দক্ষিণ ভারত, তার আগে ঘুরে আসা, আর তাছাড়া এক নাতনির বিয়েও আছে। এর আগেও কয়েকবার দিল্লী ঘুরে এসেছেন । রাজধানী এক্সপ্রেস প্লাটফরমে লাগতেই আশুবাবু নির্ধারিত AC 2-tierএ নিজের coupe তে উঠলেন। সবাই হাতাহাতি করে মালপত্র তুলে দিল। হাতের ঘড়িতে চোখ রেখে নিশ্চিন্ত হলেন, গাড়ী ছাড়তে তখনও মিনিট ২০ বাকী। সকলকে বিদায় জানিয়ে স্ত্রী রমলার সঙ্গে কিছু প্রয়োজনীয় কথাবার্তা সেরে জলের বোতল থেকে কয়েক ঢোক জল খেয়ে একটা স্বস্তির নিঃশ্বাস ফেললেন। রমলার হাতে একটা ম্যাগাজিন দিয়ে উনিও ব্যাগ থেকে দৈনিক খবরের কাগজ বার করে মনোনিবেশ করলেন।

রাজধানীর চাকা কখন গড়াতে শুরু করেছে খেয়াল করেন নি। সম্বিত ফিরলো একটা হালকা গোলমালের আওয়াজে, চেঁচামেচি থেকে, করিডোরে লোকজনের ছোটাছুটি, গেল গেল রব, টেনের emergency চেন টানাটানি। ট্রেনটা থেমে কয়েক মিনিট পর আবার চলতে শুরু করলো। কাকে আর কি জিজ্ঞাসা করবেন? কাগজের editorial page এ চোখ রাখলেন। কিছুক্ষণ পর বছর ৩০-৩২এর একটি তরুণ তাঁদের coupeতে এসে সামনের খালি সিটটায় মালপত্র সহ এসে বসলো। অবিন্যস্ত চুল, কিছুটা বিধ্বস্ত অবস্থা, ভয়ার্ত মুখ চোখ। আশুবাবু রমলার সঙ্গে দৃষ্টি বিনিময় করলেন, কি করবেন বা বলবেন ঠিক সেই ভাবনার মুখেই তরুণটির গলা শুনলেন,
"নমস্কার, আমার নাম রক্তিম, দুঃখিত আমার জন্যই emergency chain pull করে ট্রেনটাকে stop করানো হল। Trainটা miss হয়ে গেলে আমার খুব বিপদ হোতো"।

ঈষৎ রাগ সামলে শান্ত গলায় আশুবাবু বললেন,
"বীরত্বের কাজ কিছু হয় নি। এখন জল খেয়ে ঠাণ্ডা হয়ে বসো", বলে জলের বোতলটা বাড়িয়ে দিলেন।
"Thank you" বলে নিজের ব্যাগ থেকেই বোতল বার করলো রক্তিম। ইতিমধ্যে রাজধানী প্রায় স্বাভাবিক গতিতে ছুটতে শুরু করেছে। আশুবাবু দেখলেন coupe তে এখনও 4th seatটি খালি রয়েছে। ভাবলেন, হয়তো এই তরুণের থেকে আরো কেউ বেশি হতভাগ্য যে সত্যি ট্রেন miss করেছে, অথবা অজানা অচেনা কেউ সামনের station এ উদয় হবে। একটু কৌতূহলী দুশ্চিন্তাগ্রস্ত হয়ে চায়ের কাপে হাত বাড়ালেন আশু স্যানাল। Coupeর মধ্যে তরুণটি আসার পর আবহাওয়াটা একটু ভারী, অস্বাচ্ছন্দ্যের মনে হতে লাগলো। এরমধ্যে রক্তিম নিজের

দুটি cell phone বার করে, একটির screen এ চোখ রেখেছে। কৌতূহল দমন করতে না পেরে আর পরিবেশটা লঘু করার জন্য কিছুক্ষণ পর আশুবাবু নিজেই মুখ খুললেন,
"তা, যাওয়া হবে কতদূর? কেনইবা এমন বিপদের ঝুঁকি নিয়ে ট্রেন ধরা? একটা বড় অঘটন ঘটে যেতেই পারতো"।
"দিল্লী যাব, কানাডা High Commission এ immigration এর জন্য ইন্টারভিউ আছে। কিছুটা নিজেরই দোষ, passport ও অতি প্রয়োজনীয় কিছু কাগজপত্র খুঁজে পেতে ও কাজকর্ম সেরে দেরী হল বাড়ী থেকে বেরোতে, তাছাড়া ট্যাক্সি পাওয়া যাচ্ছিল না, রাস্তা জ্যাম তো আছেই"। একটানে কথাগুলো বলে গেল লজ্জাবনত রক্তিম। অভিজ্ঞ মি.স্যানাল এইরকমই কিছু আন্দাজ করে ছিলেন। এমনিতে ছেলেটাকে শিক্ষিত সপ্রতিভ ও মার্জিত বলেই মনে হল। চোখ সরিয়ে রমলার দিকে তাকিয়ে টিপ্পনী কেটে বলেই ফেললেন,
"হ্যাঁ, তোমরা সব নবীন, নতুন প্রজন্ম, সবজান্তা, সময়ের অনুশাসন মানতে চাও না, সবকিছু শেষ মুহূর্তের জন্য ফেলে রাখা অভ্যাস। নিজেদের অসুবিধা আর দুশ্চিন্তায় ফেলো, অন্যদেরও। সুষ্ঠু ও শৃঙ্খলবদ্ধ ভাবে চিন্তা ভাবনা ও কাজ না করাতেই দেখেছি নব প্রজন্মের চারিত্রিক বৈশিষ্ট্য"। শেষ লাইনগুলো একটু চিবিয়ে চিবিয়ে বললেন যেন পুরনো কিছু জমা রাগ- বিরক্তির বহিঃপ্রকাশ।

নবীন রক্তিম মাঝে মাঝে বিরক্তি নিয়ে phone এর screen থেকে চোখ তুলে কথাগুলো শুনছিল, নাকি শুনেও শুনছিল না। আশুবাবু আরো কিছু বলতে যাচ্ছিলেন, ticket checker এসে টিকিট চাইতেই উনি রমলাদেবীকে ইশারা করলেন ও নিজেদের টিকিট দেখালেন। এদিকে নতুন সমস্যা যখন রক্তিম কিছুতেই তার টিকিট খুঁজে পেল না। টিকিটের copy আনতে ভুলে গেছে ও phone এ upload করে নি। Passenger list এ নাম ও reservation confirmed কিন্তু সরকারী নিয়ম মেনে টিকিট ও ID তো দেখাতে হবে। Checker মহাশয়কে অনুনয় বিনয় করে কিছুটা সময় চেয়ে নিয়ে বন্ধুকে contact করলো download করে FB বা Whatsapp এ পাঠানোর জন্য। সে এক হুলুস্থুলু কাণ্ড। প্রায় আধ ঘন্টা পর smartphone এ টিকিটের কপি দেখায় Checker বাবু শান্ত হলেন, ব্যাপারটার নিষ্পত্তি হল। আশুবাবু আর থাকতে না পেরে আগের ঝাঁঝেই বললেন,
"এটাও বাপু খুবই অগোছালো কাজ, দায়িত্বহীনতার পরিচয়। টিকিট বিনাই ট্রেন ভ্রমণ। আমি এজীবনে অনেক দেখেছি, এই প্রজন্মের ছেলেমেয়েরা বেশ দায়িত্ব-জ্ঞানহীন, দায়িত্ব নিতে জানে না, চায় না, ভয় পায়, বড় বেশী পরনির্ভর, আসল কথা হোল এদের ধৈর্য যেমন নেই, নেই সহনশীলতা। সব সময়ই দেখায় ব্যস্ততা, তড়িঘড়ি। কিসের যে ব্যস্ততা বোঝা মুশকিল"।

দুই প্রজন্মের বাক্যালাপ আরো এগোনোর আগে আশুতোষ বাবুর একটু পরিচয় রাখা দরকার। মাথার সাদা চুল ও ততোধিক সাদা, পুরু গোঁফে বেশ আকর্ষণীয় ব্যক্তিত্বের আশুবাবু সারা জীবন শিক্ষকতা করেছেন। একটি নামকরা প্রতিষ্ঠিত High School এ পদার্থবিদ্যার শিক্ষক ছিলেন, শেষ ১৫ বছর হেডমাস্টার হিসাবে যথেষ্ট নাম যশ প্রতিপত্তির সঙ্গে স্কুলটির পরিচালনা করেছেন। বয়স আনুমানিক ৭৫ থেকে ৮০ আর সেই হিসাবে তিনি প্রবীণ। সাংসারিক ও সামাজিক জীবনেও সফল মানুষ। তিনি ও রমলাদেবী তাঁদের তিন সন্তানদের সুশিক্ষা ও প্রকৃত মূল্যবোধ দিয়ে মানুষ করেছেন, নিজ নিজ জীবনে সুপ্রতিষ্ঠিত করেছেন। এই প্রসঙ্গে বলে রাখা দরকার যে একজন সার্থক সফল শিক্ষক ও পিতা হিসাবে, আশুবাবু যথেষ্ট জ্ঞানী অভিজ্ঞ, বিচক্ষণ ও বিবেচক। বিশেষ করে উনি কয়েক দশক ধরে অনেক ছাত্র ছাত্রীদের বড় হওয়ার সঙ্গে সরাসরি যুক্ত ছিলেন, তাদের বেড়ে ওঠার বয়সে যখন শরীর ও মনের রূপান্তর ঘটে সেই সময়টায় নানান সমস্যার ও ভাবনা চিন্তার পরিবর্তন ঘটে। অন্য কথায় বলা যায় আশুবাবু তাঁর দীর্ঘ কর্ম জীবনের সুবাদে প্রত্যক্ষভাবে নিজের সময় বা প্রজন্ম ছাড়াও আগের ও পরের প্রজন্মের সঙ্গে সুপরিচিত। মোটামুটিভাবে, আশু বাবুর জীবন যদি একটা প্রজন্ম ধরা যায়, তাঁর দাদুর ও বাবার আংশিক জীবন একটা প্রজন্ম ও তেমনিভাবে তাঁর সন্তানাদির ও নাতি নাতনির জীবনটা পরের প্রজন্মকাল ধরা যেতে পারে। সামগ্রিকভাবে, তিনটে প্রজন্মকালের প্রত্যক্ষদর্শী তাঁকে বলা যেতেই পারে। মিঃ স্যানালের মতে সময় বা কালের প্রবাহে যে জিনিসগুলোর (parameters) পরিবর্তন প্রকটভাবে তাৎপর্যপূর্ণ হয়ে থাকে মানুষের জীবনে

বা প্রভাব ফেলে তা হল, শিক্ষা, সমাজ ব্যবস্থা, মূল্যবোধ, অর্থনীতি, প্রযুক্তিবিদ্যার উপলব্ধি ও প্রসার, শারীরিক ও মানসিক গঠন তো আছেই।

যাই হোক গল্পে ফিরে আসা যাক। এর মধ্যে ঘন্টা ২-৩ কেটে গেছে , সমান গতিতে গাড়ী ছুটেছে, আর এক প্রস্থ চা-টা ও ঘুমও হয়ে গেছে স্যানাল দম্পতির। রাজধানী  আসানসোল স্টেশন ঢোকার মুখে। নবীন যুবক এতক্ষণ phone নিয়ে ব্যস্ত ছিল হঠাৎ আসছি বলে দুম করে বেরিয়ে গেল ও ট্রেন ছাড়ার কয়েক মিনিট পর কাছাকাছি বয়সের এক তরুণীকে সঙ্গে নিয়ে coupe এতে প্রবেশ। হাসিহাসি মুখে সরলতার সঙ্গে পরিচয় পর্ব সারলো, "আমার বন্ধু রুষা, দিল্লী যাবে, ওরও interview আছে"।

মিষ্টি মুখের দীর্ঘাঙ্গী মেয়েটি আরো মিষ্টি স্বরে নমস্কার জানালো। আশুবাবু অর্থপূর্ণ চাউনিতে দৃষ্টি বিনিময় করলেন স্ত্রীর সঙ্গে যখন ওরা ব্যাগ সুটকেস গোছাতে ব্যস্ত। বলার অপেক্ষা রাখে না স্যানাল দম্পতির দুই প্রবীণের মনেই প্রশ্ন কিছু ঝুলে রইলো যেমন, কেমন বন্ধুত্ব, বিয়ে হয় নি কেন, বিয়ের আগের বন্ধুত্ব নাকি পরের, বাড়ীর লোকেরা জানে/জানেনা, এক সঙ্গে  যাওয়া-থাকা ইত্যাদি। রুষা ও রক্তিম দুই নবীন কিন্তু সম্পূর্ণ বিপরীত, ওদের মনে, কথায় চালচলনে কোন লজ্জাবোধ, জড়তা বা দ্বিধা নেই, নেই অনাবশ্যক কৌতূহল, অযাচিত প্রশ্ন। দুই প্রবীণের চোখে এখনও সেই ৫০ বছর আগের চশমা লাগানো, মনে ফিকে হয়ে যাওয়া তাঁদের যৌবন বয়সের ছবির এ্যালবাম। সেই মন ও চোখ দিয়ে নতুন প্রজন্মের রুষা ও রক্তিমদের দেখছেন মাপছেন বারবার, ওরা কতটা স্বাভাবিক কতটা নয়, কতটা সঠিক, কতটা বেঠিক তার অঙ্ক কষছেন। আরো কিছুক্ষণ একথা সেকথার পর রমনীসুলভ কৌতুহলে রমলাদেবী আর না থাকতে পেরে বলেই ফেললেন,-"কিছু মনে কোর না, দেখে তো মনে হয় তোমরা যথেষ্ট শিক্ষিত, ভালো বাড়ীর, রুচিসম্পন্ন, নিশ্চয় ভালো উপার্জন করো, বিয়ের বয়স হয়েছে। বিয়ে থাওয়া করনি কেন?"

রুষা ও রক্তিম এ ওর মুখের দিকে অস্বস্তিভরা চোখে দৃষ্টি বিনিময় করে চুপই থাকলো। আশুবাবুই মুখ খুললেন,
"এ জন্মের ছেলেমেয়েরা বিয়ে টিয়ের ব্যাপারে খুবই উদাসীন। শুধুই কি বিয়ে? সবরকম সামাজিক ক্রিয়াকলাপ থেকে অনেক দূরে। কেমন একটা ছাড়া ছাড়া, উড়ো উড়ো ভাব। আসলে এই প্রজন্ম কোন দায়িত্ব কর্তব্য নিতে চায় না। Commitment এর মধ্যে যেতে চায় না"।

রমলাদেবী ওনাদের জানা শোনা কয়েকজনের প্রসঙ্গ টেনে কথাগুলোর যথার্থতা ও বিশ্বাসযোগ্যতার সপক্ষে কিছু কথা বললেন। রুষা উসখুস করছিল, রমলা থামতেই প্রবীণদের দিকে তাকিয়ে ছুঁড়ে দিল,
"না আসলে, আপনাদের সময় ছিল অন্য রকম। সহজ সাবলীল জীবন ছিল, এত পড়া লেখা, কাজ কর্ম আয়-উপার্জন, পেশায় উন্নতি ইত্যাদি হাজার প্রতিযোগিতার চাপ ছিল না। এখনকার প্রজন্মকে ছোট থেকে সব বয়সে সর্বস্তরেই চাপে থাকতে হয়। আমাদের কাছে বাবা মা আত্মীয়-স্বজন সবার খুবই উচ্চাশা, সেটা বড় চাপ। এত চাপ সামলে সামাজিক সাংসারিক সব কাজ আগেকার দিনের মতন নিয়ম মেনে করা যায় না"।

রুষাকে একরকম থামিয়েই রমলা গলা চড়ালেন,
"কিছুটা সত্যি হলেও, সবটা মানতে পারছি না। একটু অন্য দৃষ্টিভঙ্গিতে বলি- নবীন প্রজন্মের মধ্যে স্নেহ অনুরাগ মমতা ভালবাসার বড় অভাব দেখতে পাই, বিশেষ করে, আবেগ ও অনুভূতি"।

এই আলোচনার মধ্যেই কখন আকাশ ভাঙ্গা বৃষ্টি শুরু হয়ে গেছে, বাইরে গাছের কাঁপন, মাথা দোলানি, বিদ্যুতের চমকানি। সকলের দৃষ্টি আকর্ষণ করে আশুবাবু মন্তব্য করলেন,
"নবীনদের মধ্যে লক্ষ্য করেছি তারা ভীষণভাবে প্রকৃতি বিমুখ। ট্রেনের বাইরে প্রকৃতির কি বিপর্যয়ী রূপ, অদ্ভুত সুন্দর লীলা, আমি উপভোগ করছি অথচ তোমাদের চোখ ও মনের দৃষ্টি হাতে ধরা ফোনের screen এ। নিজেদের মধ্যে কথাবার্তাও বিশেষ নেই, পাশাপাশি বসেও বোধহয় texting চলছে, কি জানি"? একটু চুপ করে আবার বললেন,
"এই প্রকৃতির কাছে আমরা কত গভীরভাবে ঋণী, কত কিছু শিখি, জানি, কতরকম ভাবে নির্ভরশীল। এই প্রকৃতিই হোল মানবজাতিকে ঈশ্বরের বিরাট দান। প্রকৃতি ছাড়া মানবজাতি অস্তিত্বহীন"।

সবাই প্রায় চুপ, বাইরে সূর্যের শেষ আলো মুছে যাবার ক্ষণে আশুবাবুর মনে পড়লো এক সুবিখ্যাত কবিতা- "সবার আমি ছাত্র", কবি সুনির্মল বসুর লেখা। সবাইকে উদ্দেশ্য করে বললেন,
"এই কবিতার লাইনগুলো ভীষণভাবে শিক্ষণীয় আর হৃদয়গ্রাহী"। আস্তে আস্তে কবিতার লাইনগুলো বলে গেলেন –

| | | |
|---|---|---|
| আকাশ আমায় শিক্ষা দিল<br>উদার হতে ভাই রে,<br>কর্মী হবার মন্ত্র আমি<br>বায়ুর কাছে পাই রে।<br>পাহাড় শিখায় তাহার সমান-<br>হই যেন ভাই মৌন-মহান,<br>খোলা মাঠের উপদেশে-<br>দিল-খোলা হই তাই রে।<br>সূর্য আমায় মন্ত্রণা দেয়<br>আপন তেজে জ্বলতে,<br>চাঁদ শিখাল হাসতে মোরে,<br>মধুর কথা বলতে। | ইঙ্গিতে তার শিখায় সাগর-<br>অন্তর হোক রত্ন-আকর;<br>নদীর কাছে শিক্ষা পেলাম<br>আপন বেগে চলতে।<br>মাটির কাছে সহিষ্ণুতা<br>পেলাম আমি শিক্ষা,<br>আপন কাজে কঠোর হতে<br>পাষান দিল দীক্ষা।<br>ঝরনা তাহার সহজ গানে,<br>গান জাগাল আমার প্রাণে;<br>শ্যাম বনানী সরসতা<br>আমায় দিল ভিক্ষা। | বিশ্বজোড়া পাঠশালা মোর,<br>সবার আমি ছাত্র,<br>নানান ভাবে নতুন জিনিস<br>শিখছি দিবারাত্র।<br>এই পৃথিবীর বিরাট খাতায়,<br>পাঠ্য যেসব পাতায় পাতায়<br>শিখছি সে সব কৌতূহলে,<br>নেই দ্বিধা লেশমাত্র। |

সবাই কিছুক্ষণ চুপ থাকার পর রক্তিম আস্তে করে বলল,
"খুবই ভালো কথাগুলো, খুবই অর্থ ও ইঙ্গিতপূর্ণ"।

রুষাও মাথা নেড়ে সায় দিল। সঙ্গে সঙ্গে রমলার কৌতূহলী জিজ্ঞাসা,
"তোমরা কি সেরকম নিজের ভাষা, সাহিত্য শিল্প সংগীত সংস্কৃতি নিয়ে চর্চা করো বা পড়াশোনা করো, নিজেদের profession এর বাইরে। পড়েছো কি কিছু রবীন্দ্রনাথ, শরৎচন্দ্র, বিভূতিভূষণ? কার বা কি ধরণের গান শুনতে ভালো লাগে তোমাদের"?

আরো অনেক বিষয় উত্থাপন করে এই নবীন প্রজন্ম সম্বন্ধে জানতে চাইলেন প্রবীণ স্যানাল দম্পতি। যেমন সামাজিক, ধর্মীয় ও রাজনৈতিক জ্ঞান ও ক্রিয়াকলাপ, জীবনের লক্ষ্য, আদর্শ ও মূল্যবোধ, ইত্যাদি। অন্য ভাবে তাঁদের সময়কাল ও বর্তমান সময়ের মধ্যে কী কী ও কতখানি পরিবর্তন হয়েছে সেটা বোঝার ও জানবার চেষ্টা করছিলেন। চার জনের মধ্যে যুক্তি তর্ক ঘিরে বেশ একটা প্রাণবন্ত আলোচনায় অনেকটা সময় গড়িয়ে গেল। আলোচনার মধ্যেই রাতের খাবার পর্ব মিটলো, আরো কিছু কথাবার্তার পর নবীন প্রবীনের মধ্যে শুভরাত্রি বিনিময় হল।

নবীনদের চোখে, প্রবীণ প্রজন্ম ধারাবাহিক গতানুগতিক জীবনযাত্রায় বিশ্বাসী। একই জীবন বিন্যাস, পরিবেশ, প্রবাহের বাইরে নতুন সামাজিক ও পারিবারিক গঠন বা রীতির কথা কমই ভাবে। যৌথ বা একান্নবর্তী সাংসারিক কাঠামোয় প্রাচীন সংস্কারের বাইরে ভাবতে পারে না। বংশগতভাবে যেমনটা চলে এসেছে তেমনটাই চলুক – এই নীতিতেই বিশ্বাসী। এই যুক্তির সপক্ষে রুষা তার ভাটপাড়ায় মামাদের দশ বংশের বসবাসের কথা জানালো। আশুবাবু জানালেন তাঁদের ও আরো বেশ কিছু বর্ধিষ্ণু পরিবারের কথা যারা একই ভিটেতে কয়েক পুরুষ ধরে বাস করছে।

অন্যদিকে নবীন প্রজন্ম গতানুগতিক প্রচলিত প্রথার সম্পূর্ণ বিরোধী। ওরা স্বাধীনচেতা, অচেনাকে চিনবো, অজানাকে জানবো- এই ইচ্ছা ও নীতিতে বিশ্বাসী। তাই নিজের দেশ জাতি ধর্ম শিল্প থেকে বেশি মান্যতা ও গুরুত্ব দেয় অন্য দেশের ব্যাপারে, মূলত ইউরোপ, আমেরিকা। কবির ভাষায় "ওরা চঞ্চল, ওরা উদ্দাম- ওরা করোর কথাই মানে না"। অনেকাংশে নিজের স্বার্থ, স্বাধীনতা ও গোপনীয়তাকে মান্যতা দিতে সাধারণ স্বীকৃত ব্যবস্থা ও কাঠামো ভাঙ্গতে দ্বিধা করে না। উদাহরণ স্বরূপ - Nuclear family যেখানে শুধু নিজেরই পরিবার থাকবে, অন্য কারোর দায় থাকবে না। এছাড়া, বিবাহ পূর্বে ছেলে মেয়ের অবাধ মেলামেশা যেটাকে নতুন প্রজন্ম

স্থায়ী সম্পর্ক স্থাপনের আগে পরীক্ষা- নিরীক্ষা মূলক পর্যায় ভাবে। অবশ্যই পূর্ব প্রজন্ম এটাকে সাময়িক মজা, ফুর্তি ও বিনোদন ছাড়া আর কিছু ভাবতে পারে না। তৃতীয়ত, আমাদের শাস্ত্র মেনে নানাবিধ আচার অনুষ্ঠানের বৈচিত্র্যময় বিবাহ ব্যবস্থা নব প্রজন্মের কাছে হাস্যকর মনে হয়। মন্ত্র পড়ে, অগ্নি সাক্ষী রেখে, সাত পাকে বেঁধে, সিঁথি জুড়ে লাল সিঁদুর, হাতে শাঁখা পলা পরিয়ে বিয়ের অনুষ্ঠান অবাস্তব, সেকেলে। নবীন সম্প্রদায়ের ছেলে মেয়েরা তাই বিয়ের আগে শরীর, মন ও আনুষঙ্গিক সবকিছুর সামঞ্জস্য পরীক্ষা করতে দ্বিধা করে না। এছাড়াও আছে আমাদের ধর্মীয় অনুষ্ঠান ও নানান পূজা-পাঠ। নিয়মিত মন্দিরে যাওয়া, ঠাকুর দেবতার পূজায় সক্রিয় অংশ গ্রহণ করা, সন্ধ্যে সকাল ঠাকুর দেবতাকে স্মরণ করা ইত্যাদি সব ব্যাপারেই অশ্রদ্ধা, অনীহা, উদাসীনতা। রাতের আলোচনার রেশ সকালের চা-প্রাতরাশেও গড়ালো, চললো দুই প্রজন্মের বোঝাপড়া। আলোচনার মাঝেই আশুবাবু এক দুবার প্রকারান্তরে বলেই দিলেন,

“এই প্রজন্ম দারুণভাবে বস্তুবাদী, এদের মধ্যে ভাববাদ, মূল্যবোধ, আদর্শবাদ জিনিষগুলোরই অভাব। যত বেশি মাত্রায় আমরা বস্তুবাদকে স্বাগত জানাবো, প্রশ্রয় দেবো, তত বেশি দূরত্ব বাড়বে মানুষের স্বাভাবিক সহজাত প্রবণতা থেকে যেমন ভাবাবেগ, আদর্শ, মূল্যবোধ”।

নির্দিষ্ট সময়সীমাতেই রাজধানী দিল্লী স্টেশনে পৌঁছল। নিজেদের নাম ঠিকানা সহ ফোন নম্বর আদান-প্রদান করে ও আবার দেখা করার প্রতিশ্রুতি দিয়ে যে যার নিজের গন্তব্য স্থলের দিকে পা বাড়ালো।

## Photography by Tanima Majumdar

These pictures are from my trip to the Azures, the island of São Miguel. São Miguel is the biggest island in the Portuguese Azures archipelago. It is known for it’s volcanic scenery, flora and rich marine life, including whales. We saw dolphins, a blue whale and birds.



Sunset mystery




Reflection of the hidden sun on the sea



Tea Garden




Enchanting Blue and Green



Bright rays of Sun peeking from the dark on hilly slopes



Rare sighting of a Blue Whale



The setting sun at the horizon with added glamour

# Kaziranga National Park

## Yogadhish Das

Kaziranga National Park in Assam is a UNESCO World Heritage Site. Although famous for its iconic one-horned Indian rhino, the park is home to an astonishing variety of wildlife which includes tigers, elephants, water buffalo, swamp deer and many species of birds including the great Indian hornbill. Kaziranga is a photographer's paradise and one can spend a lifetime photographing it. Here are six of the photos I took.



Morning elephant safari



One-horned rhino feeding in a swamp




Mother and baby rhino



Wild water buffalo feeding in a swamp - messy eater!



The great Indian hornbill



Buffalo at sunset

